The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online www.ajkalusa.com /weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 880 | 25 July 2025 | শুক্রবার ১০ শ্রাবণ ১৪৩২



Trump approval rating drops in new poll

→ Page 19

Zohran Mamdani is calling for city-owned grocery stores



→ Page 18



Eminent Bangladeshi sculptor Hamiduzzaman Khan dies

→ Page 19

Alexandria Ocasio Received Death Threat

→ Page 18



## মাইলস্টোন ট্র্যাজেডি: বাড়ছে লাশের মিছিল

# শোকে মুহ্যমান বাংলাদেশ

মাসুদ করিম, *ঢাকা থেকে*



দুঃস্বপ্ন এখনও ভুলতে পারছে না বাংলাদেশ। গোটা জাতি হত-বিহ্বল। এর মধ্যে ৩১টি প্রাণ চলে গেছে। জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে নিভু নিভু প্রদীপের মতো জ্বলছে যেসব প্রাণ; তাদেরও বাঁচার আশা খুবই ক্ষীণ। জাতীয় বার্ণ অ্যান্ড প্লাস্টিক সার্জারী ইন্সষ্টিটিউটে জীবনযুদ্ধে অবতীর্ণ প্রায় অর্ধশত পোড়া রোগীর মধ্যে অন্তত ২৫ জনের অবস্থা গুরুতর। দেশের চিকিৎসকরা সর্বোচ্চ চেষ্টা করছেন। সিঙ্গাপুর, ভারত, চীন থেকেও চিকিৎসক ও নার্স এসেছেন। সবচেষ্টা ব্যর্থ করে না ফেরার দেশে চলে যাচ্ছে অনেক প্রাণ। বেড়েই চলেছে লাশের মিছিল। একেকজন মায়ের বুক খালি হচ্ছে। স্বজনের আর্তনাদে আকাশ বাতাস ভারী হচ্ছে। থেমে যাচ্ছে জীবনের গল্প। ক্যানভাসটা একেবারেই অকল্পনীয় ছিলো। মর্শিয়া সাহিত্যে এমন ক্রন্দন কেউ দেখেনি। সেই অশ্রুসিক্ত বেদনার কাব্য বাস্তবে দেখলো বাংলাদেশ। জঙ্গি এরপর ২২ পৃষ্ঠায়

বিবিসি প্রতিবেদন

## বিমান বিধ্বস্ত নিয়ে সরকারের ভূমিকা প্রশ্নের মুখে

আজকাল ডেস্ক

ঢাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্ত হয়ে শিশুদের এরপর ২২ পৃষ্ঠায়



## আমেরিকান পাসপোর্টধারী এক বাংলাদেশির ডিপোর্টেশন

আজকাল রিপোর্ট

প্রবাসী বাংলাদেশি আমেরিকান জাহিদ। জন্মস্থান বৃহত্তর ঢাকা জেলার নবাবগঞ্জে। ৩০ বছরেরও বেশি সময় ধরে নিউইয়র্কে বসবাস। বন্ধুবৎসল জাহিদ অনেক চড়াই উৎড়াই পেরিয়ে আমেরিকায় এরপর ২২ পৃষ্ঠায়



## অরল্যান্ডোতে আন্তর্জাতিক লায়ন্স কনভেনশন অনুষ্ঠিত

### ১৯৫ দেশের ২০ হাজার প্রতিনিধি অংশগ্রহণ

আজকাল রিপোর্ট

ফ্লোরিডার অরল্যান্ডোতে নান্দনিক ও প্রেস্টিজিয়াস অরেঞ্জ কাউন্টির কনভেনশন সেন্টারে ১৩-১৭ জুলাই অনুষ্ঠিত হয়েছে লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের ১০৭তম কনভেনশন। বিশ্বজুড়ে মানবসেবার অঙ্গীকারকে নতুন ভাবে তুলে ধরা মহা সম্মেলনে বিশ্বের ১৯৫টি দেশের ২০ হাজারের বেশি প্রতিনিধি অংশ নেন। যা এটিকে সেবামূলক সংগঠন গুলোর মধ্যে অন্যতম বৃহৎ সংগঠনে পরিণত এরপর ৩০ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## গদি উল্টাবার কথা ইউনূসও ভাবছেন না!



আনিস আলমগীর

ক্রাইসিসে পড়লে ড. ইউনূস বিএনপি-জামাতকে মনে করেন। সুযোগ বুঝে তার নিয়োগকর্তাদের দল এনসিপিকেও দাওয়াত ভুলে যান না।যদিও এ দলটি এখন আইনগত এরপর ২০ পৃষ্ঠায়

# ১৬টি এফ-৭ যুদ্ধ বিমানের ৪টিই বিধ্বস্ত

### বিমানের বার্ধক্যজনিত যান্ত্রিক ক্রুটিই প্রধান কারণ!

৫.৬ মিলিয়ন ডলারে কেনা বিধ্বস্ত জেট : যুদ্ধ বিমান খালেদার চুক্তি ও হাসিনার আমদানীকৃত

হাসান মাহমুদ



'মাইলস্টোন ট্র্যাজেডি'র পূর্ব ইতিহাস অত্যন্ত কদর্যপূর্ণ। চীনের কাছ থেকে কম দামে বিমান কিনে ইতোমধ্যে ৪টি বিমান বিধ্বস্ত হয়েছে দেশের বিভিন্ন স্থানে। ৪ জন পাইলটই এতে নিহত হয়েছেন। বাংলাদেশ জাতীয় সংসদের কার্যবিবরণি থেকে জানা যায়, চীনের কাছ থেকে ২০০৪-২০০৫ অর্থ বছরে করা একটি চুক্তির ফলে ১৬টি এফ ৭ ফাইটার জেট বাংলাদেশের তৎকালিন সরকার গ্রহণ করে। বিমানগুলি ২০১১ সাল থেকে ২০১৩ সালের মধ্যে আওয়ামী লীগ সরকার গ্রহণ করেছে। সর্বশেষ চালানটি ২০১৩ সালে বাংলাদেশের হাতে আসে। ঐ বছরই এরপর ২০ পৃষ্ঠায়

ইমিগ্রেশন অ্যাটর্নি
MONIR MEHRAN
আমরা বাংলায় কথা বলি
CALL NOW (929) 810-2009 (470) 800-9213
MONIR MEHRAN, JD. ATTORNEY AT LAW

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar NMLS ID 1312066

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416


সামছুদ্দীন আজাদ-এর কলাম ড. ইউনূসের প্রস্তর যুগে ফিরা
০৫ পৃষ্ঠায়


নিয়াজ মাহমুদ-এর কলাম 'রিকল ইলেকশন', জনগণের হাতে জবাবদিহিতার অস্ত্র!
০৬ পৃষ্ঠায়


ড. জিয়াউদ্দিন হায়দার-এর কলাম বাংলাদেশে গুজবের রাজনীতি: গণতান্ত্রিক শৃঙ্খলার ওপর সুসংগঠিত আঘাত
০৭ পৃষ্ঠায়







# পরম্পরা সংগীত একাডেমি'র বার্ষিক সংগীত সম্মেলন

আজকাল রিপোর্ট

পরম্পরা সংগীত একাডেমি ইউ এস এ'র বার্ষিক সংগীত সম্মেলন ২০২৫ সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। গত ২০ জুলাই, রোববার ফ্লাশিং এর হিন্দু সেন্টারে মন্ত্র পাঠ এবং প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে সম্মেলনের সূচনা করেন হিন্দু সেন্টারের পুরোহিত দীক্ষিত জী। টেলিভিশন ব্যক্তিত্ব দিনা নেকারতিতি'র সঞ্চালনা ও শুভেচ্ছা নিবেদনের পরেই শুরু হয় সমবেত ভজন পরিবেশনা। পরম্পরা সংগীত একাডেমি ইউএসএ'র সংগীত গুরু বিপ্লব মুখার্জি'র নেতৃত্বে ভজন পরিবেশন করেন একাডেমির শিক্ষার্থীরা। তবলায় ছিলেন একাডেমির তবলা-গুরু রবিশংকর ভট্টাচার্য। উল্লেখ্য, প্রবাসে ভারতীয় শাস্ত্রীয় সংগীতের গুরু, এরপর ৩৬ পৃষ্ঠায়

# নেওয়াজ হালিমা আরলীকে জিয়া পরিষদের সংবর্ধনা

আজকাল রিপোর্ট

বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক সাবেক সংসদ সদস্য এডভোকেট নেওয়াজ হালিমা আরলী'র নিউইয়র্ক সফর উপলক্ষ্যে তাকে সংবর্ধনা দিয়েছে যুক্তরাষ্ট্র জিয়া পরিষদ।

গত ২০ জুলাই ব্রুকসের একটি মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। কেন্দ্রীয় জিয়া পরিষদের ভাইস চেয়ারম্যান ও যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের আহ্বায়ক সামসুল ইসলাম মজনু'র সভাপতিত্বে অনুষ্ঠানে গেস্ট অব অনার ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি আব্দুল লতিফ সম্রাট, প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সিনিয়র সহ সভাপতি গিয়াস আহমেদ এবং বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক ভারপ্রাপ্ত সাধারণ এরপর ৪২ পৃষ্ঠায়

## ত্রাণ নিতে গিয়ে শিশুরা গুলিতে নিহত

# খাবারের অভাবে গাজার মানুষ দিশেহারা

আজকাল রিপোর্ট

গাজাবাসিকে খাবারের ফাঁদে ফেলা হয়েছে। শিশুরা ত্রাণের খাবার নিতে গেলে তাদেরকে গুলি করে হত্যা করছে ইসরাইলি বাহিনী। আন্তর্জাতিক মহলের তীব্র প্রতিবাদ জানিয়েছেন। মে মাসের পর থেকে গাজা উপত্যকায় ত্রাণ সংগ্রহের সময় ইসরায়েলি বাহিনীর গুলিতে নিহত হয়েছেন এক হাজারের বেশি ফিলিস্তিনি। নিহতদের বেশিরভাগই মারা গেছে বিভিন্ন মানবিক ত্রাণ বিতরণ কেন্দ্রের আশপাশে।



২৩ জুলাই এ তথ্য জানিয়েছে জাতিসংঘ মানবাধিকার কার্যালয়। জাতিসংঘ জানিয়েছে, খাদ্য সংগ্রহের চেষ্টা করার সময় অন্তত ১ হাজার ৫৪ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন, যাদের মধ্যে ৭৬৬ জন মারা গেছেন বিতর্কিত গাজা হিউম্যানিটেরিয়ান ফাউন্ডেশন (জিএইচএফ) পরিচালিত ত্রাণকেন্দ্রগুলোর আশপাশে। গাজা স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গত কয়েক দিনে কমপক্ষে ১০১ জন মারা গেছেন অনাহারে, যাদের বেশিরভাগই ছিল শিশু।

মানবিক সংগঠন মেড গ্লোবালের নির্বাহী পরিচালক জোসেফ বেলিভো বলেন, এটি একটি মানবসৃষ্ট বিপর্যয়। শিশুরা মারা যাচ্ছে শুধু খাবার বা চিকিৎসা না থাকার কারণে। বিশ্ব খাদ্য কর্মসূচি জানিয়েছে, গাজায় প্রায় এক লাখ নারী ও শিশু চরম অপুষ্টিতে ভুগছেন এবং প্রতি তিনজনের একজন নিয়মিতভাবে দিনের পর দিন না খেয়ে কাটাচ্ছেন।

গত মঙ্গলবার ইসরায়েলি বিমান হামলায় কমপক্ষে ২৫ জন নিহত হয়েছেন বলে জানিয়েছে গাজার স্বাস্থ্য বিভাগ। এদিন শাতি শরণার্থী শিবিরে এক হামলায় এরপর ২৪ পৃষ্ঠায়

# মাইলস্টোন ট্রাজেডি'র বিচার বিভাগীয় তদন্ত দাবী প্রবাসীদের

আজকাল রিপোর্ট

ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল ও কলেজে ট্রাজেডি'র কোন সাবোটাইজ কিনা তা খতিয়ে দেখতে নিরপেক্ষ বিচার বিভাগীয় তদন্ত দাবী জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রবাসীরা।

গত ২২ জুলাই নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত জ্যাকসন হাইটস ডাইভার্সিটি প্লাজায় অনুষ্ঠিত শোক র‍্যালীতে এ দাবী জানান প্রবাসী বাংলাদেশী কমিউনিটির বিশিষ্টজনেরা। বাংলাদেশী টেলিভিশন জার্নালিস্ট এসোসিয়েশন ইউএসএ'র আয়োজনে মাইলস্টোন ট্রাজেডি'র নিহতদের স্মরণে শোকর‍্যালীতে সংগঠনের সভাপতি ফরিদ আলম ও সাধারণ সম্পাদক এস এম সোলায়মান'র সঞ্চালনায় বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের ডেমোক্রেটিক লিডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী, এরপর ২৮ পৃষ্ঠায়



# ওজন পার্ক ফেন্ডস ক্লাবের পিকনিক

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে গত ২০ জুলাই ওজন পার্ক ফেন্ডস ক্লাব ইউএসএ'র বার্ষিক বনভোজন ও মিলনমেলা রোববার অনুষ্ঠিত হয়েছে। এ বনভোজনে নিউইয়র্কে বসবাসরত ক্লাব সদস্যরা তাদের পরিবার পরিজন নিয়ে দিনভর একুভিআর স্টেট পার্কে আনন্দ আয়োজনে অংশ নেন।

সকালে সংগঠনের কমিটির সদস্যরা অতিথিদের সাথে নিয়ে বেলুন উড়িয়ে উৎসবমুখর পরিবেশে বনভোজনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। সংগঠনের সভাপতি মো. ইকবাল হোসেন চৌধুরীর সভাপতিত্বে এরপর ২৭ পৃষ্ঠায়

# নীলফামারী এসোসিয়েশনের বর্ণাঢ্য বনভোজন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

প্রবাসী নীলফামারীবাসীর মাঝে পারস্পরিক সম্পর্ককে আরো সুদৃঢ় করার প্রত্যাশায় বার্ষিক বনভোজনের আয়োজন করেছে প্রবাসের অন্যতম আঞ্চলিক সংগঠন নীলফামারী ডিস্ট্রিক্ট এসোসিয়েশন।

গত ১৯ জুলাই লং আইল্যান্ডের বেথপেজ স্টেট পার্কের ঈগল প্যাভেলিয়নে দিনভর চলে বনভোজনের বর্ণাঢ্য আনন্দ উৎসব। রং বে রং-এর একগুচ্ছ বেলুন উড়িয়ে বর্ণাঢ্য বনভোজনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র প্রতিষ্ঠাতা সভাপতি ও আয়োজক সংগঠনের প্রধান উপদেষ্টা বিশিষ্ট শিল্পপতি হাসানুজ্জামান হাসান। উদ্বোধনী বক্তব্যে হাসানুজ্জামান হাসান বনভোজনে অংশগ্রহণকারীদেরকে শুভেচ্ছা এরপর ১৩ পৃষ্ঠায়



# নিউইয়র্কে বুয়েটের ৯০ ব্যাচের মিলনমেলা

আজকাল রিপোর্ট

বুয়েট ৯০ ব্যাচের প্রাক্তন শিক্ষার্থীদের এক জমজমাট মিলনমেলা সম্প্রতি নিউইয়র্কে অনুষ্ঠিত হয়েছে। এইচএসসি ১৯৯০ ব্যাচের শিক্ষার্থীরা বুয়েটে ক্লাস শুরু করেছিলেন ১৯৯২ সালের সেপ্টেম্বরে। সেই বন্ধুত্ব গড়ে ওঠার ৩৩ বছর পর তারা মিলিত হলেন আবার, স্মৃতির পাতায় ফিরে গেলেন যৌবনের দিনগুলোতে। কেউ এসেছেন নিউইয়র্কে কাছাকাছি স্টেট থেকে, কেউ বা বাংলাদেশ, অস্ট্রেলিয়া, নরওয়ে, যুক্তরাজ্য ও কানাডা থেকে। তিন দিনের মিলনমেলায় সপরিবারে অংশ নিয়েছেন প্রায় ২০০ জন। এরপর ২৭ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

বিশেষ সম্পাদকীয়

# ভয়ানক ও মর্মান্তিক

উত্তরার মাইলস্টোন স্কুল ভবনে সোমবার দুপুরে বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হওয়ার ঘটনায় স্তম্ভিত হয়ে আছে পুরো জাতি। স্কুলের শিক্ষার্থীরাই মূলত ওই দুর্ঘটনার শিকার হয়। আহতদের দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে যেসব ছবি কিংবা ভিডিও দেখা গেছে, তার বেশির ভাগই বীভৎস! অবাধ প্রচারের সুযোগ নিয়ে এ রকম বীভৎস ভিডিও বা ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে তুলে দেওয়া কোনোভাবেই নৈতিক আচরণ হতে পারে না।

বিমানবাহিনীর প্রশিক্ষণ পরিচালনা করার সময় যে বিষয়গুলোর দিকে খেয়াল রাখা দরকার, সেগুলো মেনেই কি বিমানটি আকাশে উড়েছিল? এ ঘটনাকে নিছক দুর্ঘটনা হিসেবে দেখার কোনো সুযোগ নেই। এটি আমাদের নাগরিক নিরাপত্তা, বিশেষ করে কোমলমতি শিক্ষার্থীদের নিরাপত্তার দিকটি নিয়েও ভাবায়। প্রাথমিক তদন্তে জানা গেছে, উড্ডয়নের কিছুক্ষণ পরই যান্ত্রিক ত্রুটির কারণে বিমানটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। কেবল যান্ত্রিক ত্রুটির কারণেই কি এফ-৭ বিজিআই যুদ্ধবিমানটি বিধ্বস্ত হয়েছে, নাকি উড্ডয়নের আগে বিমানটি যথাযথ কারিগরি পরীক্ষা করা হয়নি-এ নিয়ে প্রশ্ন উঠতেই পারে।

প্রশিক্ষণ বিমান পরিচালনার ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে নির্ধারিত কিছু সুরক্ষা নির্দেশিকা ও এলাকা বাছাইয়ের মানদণ্ড রয়েছে। যেসব অঞ্চলে জনবসতি নেই অথবা কম, সেসব এলাকাই তো প্রশিক্ষণের জন্য বেছে নিতে হয়। ঘনবসতিপূর্ণ এলাকায় বিমান নিয়ন্ত্রণ হারালে কতটা ভয়াবহতার সৃষ্টি হতে পারে, তা উত্তরার ঘটনায় আমরা দেখতে পাচ্ছি। ভবিষ্যতে এ রকম দুর্ঘটনা ঘটবে না, তার কি কোনো নিশ্চয়তা আছে?

এই দুর্ঘটনায় হতাহতের সংখ্যা এখনো নিশ্চিত হওয়া যায়নি। অনেক হাসপাতালেই আহতদের চিকিৎসা চলছে। গুরুতর আহত শিক্ষার্থীদের সংখ্যাও অনেক। দগ্ধ শিশুদের চিৎকারে বিদীর্ণ হচ্ছে আকাশ-বাতাস। রক্তের প্রয়োজন অনেক। কত শতাংশ পুড়েছে, তার ওপর নির্ভর করে বাঁচা-মরার প্রশ্ন। তাই নির্দয় হয়েই বলতে হচ্ছে, এই ট্র্যাজেডি এখনো সমাপ্তির কাছে পৌঁছায়নি। আহতদের সুচিকিৎসা সম্পন্ন হলেই কেবল এর সমাপ্তি ঘটবে। যে পরিবারগুলো জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে দাঁড়িয়ে থাকা তাদের সন্তানদের জন্য চোখের পানি ফেলছে, তাদের সান্ত্বনা দেওয়ার উপযুক্ত ভাষা আমাদের জানা নেই। যাঁরা এরই মধ্যে সন্তানহারা হয়েছেন, তাঁদের প্রতি সমবেদনা জানাতে পারি, কিন্তু কোনো শব্দমালা দিয়েই তাঁদের সান্ত্বনা দেওয়া সম্ভব নয়।

দুর্ঘটনার পর ঘটা কিছু ঘটনার উল্লেখ করা দরকার। দুর্ঘটনাস্থলে দেখা গেছে ভিডিও করে সামাজিক যোগাযোগমাধ্যমে 'লাইক' কামানোদের দাপট। শত শত মানুষ জড়ো হয়ে উদ্ধারকাজে বিঘ্ন ঘটিয়েছে। বিশাল বহর নিয়ে কোনো কোনো সংগঠনের কর্মীরা তাঁদের দলনেতাদের নিয়ে হাসপাতালে আহতদের দেখতে গেছেন, যা চিকিৎসাসেবা ব্যাহত করেছে। এগুলো যেন না ঘটে, তার জন্য যে সচেতনতা প্রয়োজন, তা কবে হবে?

জানি, এই শোকাবহ ঘটনায় সান্ত্বনা দেওয়া যায় না। তার পরও আমরা চাইব, এই শোক বহন করার শক্তি অর্জন করুক ক্ষতিগ্রস্থ পরিবারগুলো।প্রবাসী বাংলাদেশিরা এ ঘটনার সুষ্ঠু তদন্ত দাবি করেছেন। শোক প্রকাশ করেছেন। অনেক ধণাঢ্য প্রবাসী বাংলাদেশি ক্ষতিগ্রস্থ পরিবারগুলেকে সহায়তার আগ্রহ প্রকাশ করেছেন। যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিরা এ ঘটনায় মর্মাহত। তারা নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেছেন।

> বিশাল বহর নিয়ে কোনো কোনো সংগঠনের কর্মীরা তাঁদের দলনেতাদের নিয়ে হাসপাতালে আহতদের দেখতে গেছেন, যা চিকিৎসাসেবা ব্যাহত করেছে। এগুলো যেন না ঘটে, তার জন্য যে সচেতনতা প্রয়োজন, তা কবে হবে?
> জানি, এই শোকাবহ ঘটনায় সান্ত্বনা দেওয়া যায় না। তার পরও আমরা চাইব, এই শোক বহন করার শক্তি অর্জন করুক ক্ষতিগ্রস্থ পরিবারগুলো।প্রবাসী বাংলাদেশিরা এ ঘটনার সুষ্ঠু তদন্ত দাবি করেছেন। শোক প্রকাশ করেছেন। অনেক ধণাঢ্য প্রবাসী বাংলাদেশি ক্ষতিগ্রস্থ পরিবারগুলেকে সহায়তার আগ্রহ প্রকাশ করেছেন। যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিরা এ ঘটনায় মর্মাহত। তারা নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেছেন

# ড. ইউনূসের প্রস্তর যুগে ফিরা

সামছুদ্দীন আজাদ



বিশ্বের ইতিহাসে প্রস্তর যুগ বলতে মানব ও তার সমাজের বিবর্তনের ধারার একটা পর্যায়কে বোঝানো হয় যখন মানুষের ব্যবহার্য হাতিয়ার তৈরির মূল উপকরণ ছিল পাথর। পাথরের সাথে পাথরের ঘর্ষণ করে আগুন জ্বালানো হতো - আর সেই আগুনেই দৈনন্দিন খাবার ও অন্যান্য প্রয়োজন মেটানো হতো। এই সময় কালটি প্রায় ৩.৪ মিলিয়ন বছর স্থায়ী এবং খ্রিস্টপূর্ব ৪০০০ থেকে ২০০০ খ্রিস্টপূর্বাব্দের মধ্যেই শেষ হয়েছিল ধাতব কাজের আবির্ভাব হওয়ার সাথে। তবে শুধুমাত্র পাথরের ব্যবহারেই পাথর যুগের একমাত্র সনাক্তকারী নিদর্শন নয়, এ যুগে কাঠ ও প্রাণীর হাড়ের তৈরি হাতিয়ার ব্যবহারের নিদর্শন পাওয়া গেছে।

পূর্ব আফ্রিকার সাভানা অঞ্চল থেকে বাকি বিশ্বে মানুষের ছড়িয়ে পড়ার সময় থেকে প্রস্তর যুগের শুরু ধরা হয়। কৃষির উদ্ভাবন, গৃহপালিত পশুর পোষ মানানো এবং তামার আকরিক গলিয়ে তামা আহরণের মাধ্যমে মানুষ ধাতুর ব্যবহার শুরু করল। এই যুগটিকে প্রাগৈতিহাসিক যুগ বলা হয় কারণ তখনো লিখন পদ্ধতির আবিষ্কার হয়নি এবং মানব সমাজের লিখিত ইতিহাস সংরক্ষণ করা শুরু হয়নি। প্রস্তর যুগের কথা এখানে আনলাম এই কারণে - জীবনে বহু সন্ত্রাস আমরা দেখেছি, বিশ্ববাসী ও দেখেছে - তবে বাংলাদেশে পুরান ঢাকার মিডফোর্ডের ব্যবসায়ী সোহাগ কে যেভাবে পাথর ছুড়ে নির্মম নিষ্ঠুরতার সবচেয়ে যে জঘন্যতম নজির সৃষ্টি করল বিএনপি দলীয় সন্ত্রাসী মইন - যা ইতিহাসে নজির বিহীন একটা ঘটনা ঘটানো হলো। শুধু তাই নয় তার মৃত্যু নিশ্চিত জেনেও সন্ত্রাসীরা নির্দয়ভাবে বারবার তার মৃতদেহের উপর লাথি মারতে থাকে এবং মৃতদেহের উপর দাঁড়িয়ে উদাম নৃত্য করতে থাকে। এমন ভয়াবহ দৃশ্য দেখে বাংলাদেশের মানুষ কেঁদেছে - বিশ্ব বিবেক কেঁদেছে, ঘৃণা জানিয়েছে বিশ্ব বিবেক এই নরপিশাচদের। শুধু কাঁদেনি ড. ইউনূস, কাঁদেনি তার স্বরাষ্ট্র উপদেষ্টা, কাঁদেনি তার প্রশাসনের কেউ। ড. ইউনূস এমন ভয়াবহ দৃশ্য দেখার পরও তিনি কোন স্টেটমেন্ট দেননি, তিনি তার আইন প্রয়োগকারী সংস্থাকে - পুলিশ, র‍্যাব, চৌকিদার আর ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দেয়া সেনাবাহিনীকে কোন নির্দেশ দেয়নি এই সন্ত্রাসীদের গ্রেপ্তার করতে। হত্যাকারিকে দেখা গেছে এনসিপির এক মিটিং এ। এই লেখা লিখা পর্যন্ত তাকে গ্রেফতার করা হয়নি - গ্রেপ্তার করা হয়েছে দুজন পাথর জোগানদাতাকে। এত ভয়াবহ অবস্থা আজ বাংলাদেশে চলছে - একদিকে [ চাঁদাবাজি, আর চাঁদা দিতে অস্বীকৃতি জানালে জীবনে নেমে আসে অমানবিক নির্যাতন, ঘরবাড়ি ভাঙচুর, দোকান লুটপাট, স্ত্রী কন্যাকে ধর্ষণ, অভিযোগ- বিএনপি এই কাজটা করছে । দলীয় নেতাদের কোন নিয়ন্ত্রণ নাই। অপরদিকে সমন্বয়ক, এনসিপি এর সদস্যরা এবং জামাত শিবির - সকলে মিলিয়ে গোটা দেশে একযোগে চাঁদাবাজি করছে, ধর্ষণ তো খুব গোপনেই চলছে । এটা তাদের জন্য অবারিত সুযোগ, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, সরকারি মাদ্রাসা, কওমি মাদ্রাসা কোথাও কোন লেখাপড়া নাই ছেলে মেয়েদের। শুধু মিটিং মিছিল, প্রতিপক্ষকে অশালীন ভাষায় গালিগালাজ, চুরি ডাকাতি, লুটপাট, নারীদের ধর্ষণ, সরকারি অফিস আদালতে হামলা ভাঙচুর, সরকারি সম্পত্তি চুরি - আজ দেশব্যাপী এসব চলছে। এর বাইরে যারা আজ কিংস পার্টির নেতা কর্মী তারা মনে করে এই দেশ তারা চালাবে তাদের নির্দেশে চলবে। অন্যদিকে জামাত বলছে তাদের নির্দেশে দেশ চলছে - চলবে, তারা যেটা বলে সেটাই সরকার শুনছে। অন্যদিকে বিএনপি বলছে - তারা আগামী দিনের রাষ্ট্র পরিচালনা করবে, তাদের নেতা তারেক রহমান লন্ডন থেকে লাগেজ গুছিয়ে বিমানবন্দরে বসে আছেন । যেকোনো সময় দেশে ফিরবেন, বিএনপি মনে করে তারেক রহমান ঢাকায় পদার্পণ করলে পুরা দেশের নিয়ন্ত্রণ নিয়ে নেবে বিএনপি। আর এই ভাবনা থেকে নেতাকর্মীরা এত উচ্ছ্বসিত - যা দেশবাসী দেখতে পাচ্ছে। তারই ফলশ্রুতিতে বিএনপির নেতাকর্মীরা পুরনো স্টাইলে চুরি ডাকাতি, হত্যা, ধর্ষণ, লুটপাট, বাড়িয়ে দিয়েছে - এই ভেবে দেশটা তাদের - তারা যা করবে তাই সঠিক। কারো কোন চোখ রাঙানিকে তারা ভয় করে না। এভাবে ত্রিমুখী চুরি ডাকাতি সন্ত্রাস চাঁদাবাজি লুটপাট আর ধর্ষণে আজ বাংলাদেশ অতিষ্ঠ, আমার মাতৃভূমি - ক্ষোভে দুঃখে অভিমানে অসহায় কোন কিছু বলার সাহস পাচ্ছে না। এভাবে ১৯৭১ সালে আমার বাংলা মা পাকিস্তানি হায়নার হাতে ধর্ষিত হয়ে অসহ্য যন্ত্রণায় কাতরাচ্ছিল - ধর্ষণের সেই ক্ষত শুকাতে এরপর ৪০ পৃষ্ঠায়

> সেই ছেলেটির খোঁজ স্বাধীন বাংলাদেশে পাওয়া গেলেও চব্বিশের জুলাইয়ের অনেক শহীদের পরিচয় পাওয়া যায়নি। তাদের অনেকেই বেওয়ারিশ লাশ হিসেবে গোরস্থানে শেষ ঠিকানা বেছে নিয়েছেন। কিন্তু সরকার কিংবা আন্দোলনে নেতৃত্বদানকারী ব্যক্তিরা তাদের খুঁজে বের করতে সচেষ্ট হয়নি

# আমরা কি সত্যিই পরিবর্তন চাই?

আবুল কালাম আজাদ

বর্তমান রাজনীতিবিদরা দেশ এবং জাতির কল্যাণের চেয়ে ক্ষতিই বেশি করছে। তারা রাজনীতিকে বানিয়েছে ব্যক্তিস্বার্থ হাসিলের পথ। ব্রিটিশরা ২০০ বছরে যা করতে পারেনি, এদেশের স্বার্থান্বেষী, বিশ্বাসঘাতক ও প্রতারক রাজনীতিবিদরা ৫৪ বছরেই তা করে ফেলেছে। রাজনৈতিক নেতৃত্বের প্রকৃতি হতে হবে উদার-নৈতিক, সংকীর্ণমনা নয়। তবে এমন রাজনীতিবিদ সমাজে খুঁজে পাওয়া দুষ্কর। এখনকার রাজনীতিকে সবাই মনে করে ক্ষমতা এবং টাকার মহোৎসব। রাজনীতিতে প্রবেশ করতে পারলেই তুমি তুমি টাকার মালিক হবে, সবসময় ক্ষমতা নিয়ে চলাফেরা করবে। এমন মানসিকতাসম্পন্ন রাজনীতিবিদদের অভাব বর্তমান সমাজে নেই বললেই চলে। বরং অভাব একজন আদর্শিক রাজনীতিবিদের।

জুলাই-আগস্টের ভয়াবহ গণহত্যার পরও যদি সাধারণ মানুষের অধিকার ক্ষুন্ন হতে থাকে এবং রাজনীতিবিদরা যদি মানুষের কল্যাণের বদলে ক্ষমতার লোভে অন্ধ হয়ে পড়েন, সরকারি অফিস-আদালতের কর্মচারীরা যদি সততার পথ ছেড়ে দুর্নীতির পথ বেছে নেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা যদি জ্ঞান-বিজ্ঞানের চেয়ে স্বার্থসিদ্ধিকে প্রাধান্য দেন, রাজনৈতিক দলের সমর্থকরা যদি দেশপ্রেমের বদলে স্বার্থপরতায় মগ্ন হন, কৃষক-শ্রমিক-দিনমজুররা যদি ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হয়-তাহলে সমাজ, রাজনীতি ও রাষ্ট্রের ভিত্তি নিয়ে আবার প্রশ্ন উঠবে।

যদি বড় দলগুলো তাদের কর্মীদের অবৈধ সুযোগ-সুবিধা প্রদান বন্ধ করে দেয়, তাহলে দেখা যাবে অল্প সময়ের মধ্যেই এসব দলের প্রভাব ও কার্যক্রম প্রায় বিলুপ্ত হয়ে যাবে। কারণ, অনেক নেতাকর্মীই এসব দলের সাথে যুক্ত থাকে কেবলমাত্র ব্যক্তিগত সুবিধা পাওয়ার আশায়। এটি স্পষ্ট যে, এই অবৈধ সুযোগ-সুবিধাগুলো দেশের কল্যাণ বা সাধারণ মানুষের মঙ্গলের জন্য নয়, বরং এটি দেশের উন্নয়নের পথে বড় বাধা।

বর্তমান সময়ে যারা প্রচলিত রাজনীতিতে বিশ্বাসী, তাদের মধ্যে প্রকৃত দেশপ্রেমিক খুঁজে পাওয়া দুষ্কর। তারা সাধারণ মানুষের কল্যাণের কথা মুখে বললেও, বাস্তবে তাদের কার্যকলাপ শুধুই ব্যক্তিগত বা দলের স্বার্থে আবদ্ধ। এ ধরনের রাজনীতির ফলে দেশের সাধারণ মানুষের প্রকৃত উন্নয়ন উপেক্ষিত থাকে, এবং দেশ ক্রমেই দুর্নীতি ও অনৈতিকতার দিকে ধাবিত হয়। সুতরাং, রাজনীতি হতে হবে এমন একটি মাধ্যম, যা শুধুমাত্র দেশের এবং সাধারণ মানুষের মঙ্গলের জন্য নিবেদিত।



বর্তমান সময়ে যে রাজনীতি এবং রাজনৈতিক দলকে মানুষ বিশ্বাস করে বা মেনে চলে, তা পরিবর্তন না হলে দেশের উন্নয়ন এবং সাধারণ মানুষের মুক্তি কোনোভাবেই সম্ভব নয়।

বর্তমান সময়ের এই রাজনৈতিক সিস্টেমটি মূলত সাধারণ মানুষকে ধোঁকা দিয়ে এবং বোকা বানিয়ে দেশের সম্পদ লুট করার একটি পদ্ধতিগত ব্যবস্থা। এর বাইরে এটি আর কিছুই নয়।

সবচেয়ে বড় কথা, আমাদের দরকার এমন নেতৃত্ব, যাঁরা দলে নন, মূল্যবোধে বিশ্বাস রাখেন; যাঁরা জনতার পাশে দাঁড়ান, ক্যামেরার সামনে নন; যারা নীতির পক্ষে যান, সংখ্যার পক্ষে নন। আজ যখন বিশ্বজুড়ে গণতন্ত্র সংকটে, তখন বাংলাদেশে গণতন্ত্র কেবল সংবিধানের পাতায় নয়, মানুষের মনের ভেতরে জাগ্রত হওয়া জরুরি। তার জন্য চাই রাজনীতিকে পুনঃ আবিষ্কার। দল থেকে শুরু করে নাগরিক পর্যন্ত-সর্বস্তরে একটি নৈতিক বিবর্তন।

রাজনীতিবিদেরা অনেক সময় বলেন, 'আমরা জনগণের জন্য কাজ করছি।' কিন্তু কারা সেই জনগণ? চাকরিজীবী মধ্যবিত্ত? নগরের রাজনৈতিক কর্মী? নাকি সেই কিষানি নারী, যিনি নওগাঁর কোনো হাটে এক কেজি চাল বিক্রি করে সন্তানের জন্য ওষুধ কিনেছেন? ঢাকায় তাঁর গল্প শোনা যায় না, তাঁর চোখের ভাষা রাজনীতির টেবিলে অনুবাদ হয় না।

বাংলাদেশে রাজনীতির একটি ভয়ংকর প্রবণতা হলো 'গণতন্ত্র' শব্দের অসাধারণ অপচয়। এই শব্দকে যাঁর যাঁর মতো ব্যবহার করে সবাই নিজের বক্তব্য বৈধ করেন। অথচ 'গণতন্ত্র' মানে কেবল নির্বাচন নয়, এটি মানসিক পরিসরের প্রসার, যেখানে ভিন্নমত থাকলেও নিরাপত্তা থাকে, দ্বিমত থাকলেও মর্যাদা থাকে।

কিন্তু এখানে কী হয়? ভিন্নমত মানেই 'রাষ্ট্রবিরোধী'। নিরপেক্ষতা মানেই 'অজুহাত'। প্রশ্ন মানেই 'ষড়যন্ত্র'। এমন একটি রাজনীতিতে নাগরিকেরা নিজেদের অনাহূত অনুভব করেন। একসময় মনে করা হতো, ক্ষমতার পরিবর্তন মানেই রাজনীতির পরিবর্তন। এখন বাস্তবতা বলছে-ক্ষমতার পরিবর্তন হলেও আচরণের, নৈতিকতার, ভাষার ও দৃষ্টিভঙ্গির কোনো মৌলিক পরিবর্তন ঘটে না। বদলায় শুধু ব্যক্তি, একই থাকে রাজনীতি। এখানেই প্রশ্ন জাগে-আমরা কি সত্যিই পরিবর্তন চাই? নাকি ক্ষমতায় পৌঁছানোর একটি 'সহজ পথ' খুঁজি?

রাজনৈতিক সংস্কৃতির এই বন্ধ্যাত্ব কাটিয়ে ওঠার একমাত্র পথ নৈতিক নেতৃত্বের উত্থান। এমন নেতৃত্ব, যাঁর কাছে জনতার চোখের জল সংখ্যা নয়, যাঁর কাছে জনগণ শুধুই 'ভোটব্যাংক' নয়, বরং সম্মানিত স্বতন্ত্র মানুষ। যাঁরা নিজের দলের ভেতরেই সত্য উচ্চারণ করতে ভয় পান না, যাঁরা নিজের অবস্থান দিয়ে নয়, জনগণের এরপর ৩৬ পৃষ্ঠায়

> আমরা কি একটা সুস্থ নিরপেক্ষ গণতান্ত্রিক রাষ্ট্র চাই না? কারো ক্ষমতায় থাকা বা কারো ক্ষমতায় যাওয়ার লড়াইয়ে ২০ কোটি মানুষের এই দেশের ভবিষ্যৎ অনিশ্চিত হতে পারেনা। নাগরিক সমাজের সুশীল ব্যক্তিদের দলবাজি ত্যাগ করে দেশের স্বার্থে একটা সুস্থ গণতান্ত্রিক সমাজ গঠনণের পক্ষে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার জন্য কথা বলতে হবে। জনগণ চায় শুধুই রাজনীতির জন্য নয়, দেশের জন্যই হোক আমাদের রাজনীতি


Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী



Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ‘রিকল ইলেকশন’, জনগণের হাতে জবাবদিহিতার অস্ত্র!

নিয়াজ মাহমুদ

গণতন্ত্রের মূল ভিত্তি "জনগণই প্রভু"। আর বাংলাদেশে! তার উল্টো চিত্র। নির্বাচন শেষে ক্ষমতাশীল দলের প্রধানমন্ত্রী দেশের প্রভু। মন্ত্রী - এমপি বা জনপ্রতিনিধিরা নিজ নিজ এলাকার প্রভু। জনগণ বা ভোটারদের অবস্থা মশা - মাছির মতো! স্বাধীনতার পর গত ৫০ বছরের বেশি সময় ধরে এভাবেই চলছে। অথচ বিশ্বের অনেক দেশেই 'রিকল ইলেকশনের' মাধ্যমে এ ধরনের ক্ষমতার অপব্যবহার ঠেকানোর সাংবিধানিক কাঠামো রয়েছে।

আমরা যদি গত বছর ৩ আগস্ট শহীদ মিনারের জনসমাবেশের দিকে ফিরে তাকাই, তাহলে দেখা যাবে জুলাই আন্দোলনের লক্ষ্য শুধু শেখ হাসিনার পতনেই শেষ নয়, বলা হয়েছিল তাঁরা এমন একটি রাষ্ট্র চান, যেখানে যেন আর কখনো শেখ হাসিনার মতো কর্তৃত্ববাদী শাসক ফিরে আসতে না পারে। এই আন্দোলনে এমন এক রাষ্ট্র গড়ে তোলার আকাঙ্ক্ষার কথা বলা হলো, যেখানে মানুষে মানুষে বৈষম্য থাকবে না, মতপ্রকাশের স্বাধীনতা থাকবে, মানুষ পরিপূর্ণ নাগরিক অধিকার ভোগ করবে। কোটা সংস্কারের দাবিতে শুরু হওয়া ছাত্র আন্দোলন তখনই এক দফার দাবিতে রূপ নিল, যখন রাস্তায় নেমে এসেছিলেন শিক্ষক, রিকশাচালক, পোশাক শ্রমিক, সামাজিক-সাংস্কৃতিক ব্যক্তি, সংগঠন এবং ডান, বাম ও মধ্যপন্থী রাজনৈতিক দলের কর্মীরা। শেষ মুহূর্তে যারা রাজপথে নেমেছিল, তারা রেজিম চেঞ্জের প্রত্যাশা নিয়ে আন্দোলনে যুক্ত হয়েছিল। সকলেরই প্রত্যাশা ছিল একটা ইতিবাচক পরিবর্তনের।

একই ব্যক্তি প্রধানমন্ত্রী এবং দলের প্রধান পদে থাকতে পারবে কিনা এ বিষয়ে কিছু বিতর্ক হচ্ছে, তবে দলগুলো কাছাকাছি মতে পৌঁছেছে। গত ২০ জুলাই বাংলাদেশ ফরেন সার্ভিস একাডেমিতে ঐকমত্য কমিশনের সঙ্গে রাজনৈতিক দলগুলোর দ্বিতীয় ধাপের ১৫তম দিনের বৈঠক শেষে মন্তব্য করেছেন বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। একই ব্যক্তির প্রধানমন্ত্রী, দলীয় প্রধান ও সংসদ নেতা থাকা উচিত নয় বলে জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। জামায়াতেরও একই অবস্থান। তবে রাষ্ট্র সংস্কারে মৌলিক সংস্কারের 'বেশিরভাগ বিষয়ে' রাজনৈতিক দলগুলোর সঙ্গে 'ঐকমত্য হয়েছে' বলে ওই বৈঠক শেষে সাংবাদিকদের জানিয়েছেন ঐকমত্য কমিশনের সহসভাপতি আলী রীয়াজ।

তবুও বাংলাদেশের গণতান্ত্রিক ব্যবস্থায় একটি বড় প্রশ্ন থেকেই যায়-একজন সংসদ সদস্য (এমপি) যদি তার দায়িত্ব যথাযথভাবে পালন না করেন, দুর্নীতি বা জনগণের সঙ্গে অবিচার করেন, তাহলে জনগণের কি কোনো হাতিয়ার আছে তাকে ক্ষমতা থেকে অপসারণ করার জন্য, মেয়াদ শেষ হওয়ার আগেই? বর্তমানে আমাদের সংবিধানে এমপি বা জনপ্রতিনিধিকে অপসারণের কোনো গণতান্ত্রিক প্রক্রিয়া নেই, যতক্ষণ না তিনি নিজে পদত্যাগ করেন বা সংসদীয় কার্যবিধির আওতায় বিশেষ কারণে পদ হারান। বিশ্বের অনেক দেশেই এরিকল ইলেকশন্ন বা প্রত্যাহার ভোটের মাধ্যমে এ ধরনের ক্ষমতার অপব্যবহার ঠেকানোর আইনগত ও সাংবিধানিক কাঠামো রয়েছে।



রিকল ইলেকশন কী?

রিকল ইলেকশন হলো এমন একটি গণতান্ত্রিক পদ্ধতি, যার মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক ভোটার স্বাক্ষর সংবলিত আবেদন জমা দিলে, একজন নির্বাচিত জনপ্রতিনিধিকে মেয়াদ শেষ হওয়ার আগেই পদ থেকে সরিয়ে দেওয়ার জন্য নির্বাচন আয়োজন করা হয়। এই পদ্ধতি জনপ্রতিনিধিকে শুধু নির্বাচিত হওয়ার জন্য নয়, বরং সার্বক্ষণিক জবাবদিহিতার আওতায় রাখে।

বিভিন্ন দেশে রিকল ব্যবস্থার উদাহরণ

১. যুক্তরাষ্ট্র: যুক্তরাষ্ট্রের ১৯টি রাজ্যে রিকল ব্যবস্থা রয়েছে। সবচেয়ে আলোচিত উদাহরণ ২০০৩ সালে ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্রে ডেভিসকে রিকল ভোটে সরিয়ে দেওয়া এবং আরনল্ড শোয়ার্জেনেগারকে নির্বাচিত করা।

২. তাইওয়ান: ২০২১ সালে তাইওয়ানে কাওসিউং শহরের মেয়র হান কুও-ইউ-কে রিকল ভোটে অপসারণ করা হয়। দেশটির আইন অনুসারে, মোট ভোটারের ২৫ শতাংশের ভোটে একজন জনপ্রতিনিধিকে অপসারণ করা সম্ভব।

৩. ভারত: যদিও এখনো পুরোপুরি রিকল আইন চালু হয়নি, তবে এ নিয়ে আলোচনা চলছে। বেশ কয়েকবার সংসদে প্রস্তাবও তোলা হয়েছে, বিশেষ করে স্থানীয় সরকার পর্যায়ে রিকল ব্যবস্থা চালুর দাবিতে।

বাংলাদেশের প্রেক্ষাপটে প্রাসঙ্গিকতা

বাংলাদেশে একবার কেউ এমপি নির্বাচিত হলে পাঁচ বছর পর্যন্ত তার কার্যক্রমের বিরুদ্ধে কার্যকর জন-অভিযোগের ব্যবস্থা নেই। অনেক সময় দেখা যায়, নির্বাচনের পর জনগণের সঙ্গে যোগাযোগ কমে যায়, প্রতিশ্রুতি বাস্তবায়ন হয় না, কিংবা দুর্নীতির অভিযোগ ওঠে। কিন্তু এসবের বিরুদ্ধে কোনো প্রতিকার থাকে না। ফলে গণতন্ত্রের মূল ভিত্তি "জনগণই প্রভু"-এই ধারণা খণ্ডিত হয়।

রিকল ব্যবস্থার সম্ভাব্য কাঠামো (প্রস্তাবনা)

বাংলাদেশের জন্য একটি গঠনমূলক রিকল ব্যবস্থার খসড়া হতে পারে এমন:

কোনো নির্দিষ্ট আসনের ভোটারদের ১০শতাংশ স্বাক্ষর সংবলিত আবেদন নির্বাচন কমিশনে জমা দিলে, সংশ্লিষ্ট এমপির বিরুদ্ধে রিকল ভোট আয়োজনের বাধ্যবাধকতা থাকবে।

কমিশন আবেদন যাচাই করে ৬০ দিনের মধ্যে রিকল ইলেকশন আয়োজন করবে। এরপর ২৮ পৃষ্ঠায়



> গণতন্ত্রের সার্থকতা তখনই নিশ্চিত হয়, যখন জনগণ কেবল ভোট দেওয়ার মাধ্যমে নয়, বরং নির্বাচিতদের জবাবদিহিতার আওতায় রাখার ক্ষমতাও রাখে। রিকল ইলেকশন সেই শক্তির বাস্তব প্রতিফলন। বাংলাদেশে এ পদ্ধতি চালু করা হলে, এটি শুধু জবাবদিহিতা বাড়াবে না, বরং জনপ্রতিনিধিদের সততা ও দায়িত্বশীলতা নিশ্চিত করবে। এটি সময়ের দাবি। প্রশ্ন হচ্ছে-রাজনৈতিক দলের নীতিনির্ধারকরা জনগণের হাতে কি এই জবাবদিহিতার অস্ত্র তুলে দিতে রাজি হবেন? বাংলাদেশের গণতন্ত্রকে শক্তিশালী করতে হলে অন্তবর্তী সরকারের ঐকমত্য কমিশনের উচিত জনগণের হাতে রিকল ইলেকশনের মতো একটি গঠনমূলক ও কার্যকর অস্ত্র তুলে দেওয়া

# জুলাই আন্দোলন: স্মৃতি, আশা এবং শঙ্কা

ড. মো. ফজলুল করিম

> সাহস জুগিয়েছে। অন্যায়ের বিরুদ্ধে মাথা উঁচু করে দাঁড়াতে শিখিয়েছে। তবে যদি প্রতি ১০-১৫ বছর পরপর একই সংগ্রাম, একই রক্ত, একই কান্না আমাদের পেছনে টানে, তবে এমন আন্দোলনের উপর মানুষের আস্থা হারিয়ে যেতে বাধ্য। এবার, জুলাই আন্দোলনের যে সুযোগ এনে দিয়েছে, তার যথ যথ ব্যবহার করতে না পারলে সামনে অপেক্ষা করছে আরও ভয়াবহ ভবিষ্যৎ। আমাদের দরকার একটি সত্যিকার অর্থে জনগণের রাষ্ট্র, যেখানে গুম-হত্যা নয়, হবে জবাবদিহি; দলীয় আনুগত্য নয়, হবে আইনের শাসন। এই সুযোগ ইতিহাস আমাদের বারবার দেয় না। তাই ইতিহাস যেন আবারও এক 'মিসড অপরচুনিটি' হিসেবে আমাদের বিচার না করে তা নিশ্চিত করাই এখন সময়ের সবচেয়ে জরুরি কাজ



জুলাই মাস আমাদের জাতীয় জীবনের এমন একসময় যখন ফেসবুকের টাইমলাইনে ভেসে ওঠে কান্নাভেজা মুখ, হারিয়ে যাওয়া সন্তানের ছবি, নিখোঁজ বাবার সংবাদ, কিংবা স্বামীর খোঁজে চোখের জল শুকিয়ে ফেলা স্ত্রীর আর্তি। বিশেষ করে জুলাইয়ের মাঝামাঝি থেকে শুরু করে আগস্টের প্রথম সপ্তাহ পর্যন্ত প্রতিদিনই যেন একটি করে মৃত্যুর স্মৃতি, গুমের যন্ত্রণা আর রাষ্ট্রীয় নির্যাতনের বেদনা আমাদের সামনে এসে দাঁড়ায়। প্রশ্ন জাগে-আমরা কি এই পরিবারগুলোকে মনে রেখেছি? যারা হারিয়েছে প্রিয় সন্তান, বাবা কিংবা স্বামী তাদের বেদনার কতটুকু আমাদের জাতীয় চেতনায় ঠাঁই পেয়েছে?

জুলাই আন্দোলন ছিল রাষ্ট্রীয় দমন-পীড়ন, গুম, বিচারবহির্ভূত হত্যার বিরুদ্ধে মানুষের এক সাহসী উচ্চারণ। কিন্তু আজ দেখা যাচ্ছে, অনেক রাজনীতিবিদ সেই আন্দোলনের উত্তাপে কেবল ক্ষমতার সিঁড়ি খুঁজে বেড়াচ্ছেন। তারা আন্দোলনের মূল প্রেক্ষাপট, এর দাবি, এবং ত্যাগের মূল্য ভুলে গিয়ে ব্যক্তিগত ও দলীয় স্বার্থে তা ব্যবহার করছেন।

এই আন্দোলনের নেপথ্যে ছিল অসমতা, নিপীড়ন, দমননীতি এবং বিচারহীনতার বিরুদ্ধে মানুষের প্রতিবাদ। কিন্তু এতসব সংগ্রামের পরও কি আমরা কাঙ্ক্ষিত কোনো পরিবর্তন পেয়েছি? বিচারব্যবস্থা কি সত্যিই স্বাধীন হয়েছে? পুলিশের আচরণ কি বদলেছে? রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো কি সত্যিই জবাবদিহিমূলক হয়েছে?

দুঃখজনক হলেও সত্য, বাস্তবে দেখা যাচ্ছে, কেবল ক্ষমতার মুখগুলো বদলেছে। হাটবাজার, নদীঘাট বা প্রশাসনিক দখলদারিত্বে পরিবর্তন এসেছে-কিন্তু তা মূলত মুদ্রার এপিঠ-ওপিঠের মতো। কাঠামোগত পরিবর্তনের বদলে কেবল চেহারার রদবদল হয়েছে।

একজন বাবা তার সন্তানের ভবিষ্যৎ দেখার আশায় জীবন দিয়েছেন। একজন ছাত্র চেয়েছিল বদলে যাওয়া এক শিক্ষা ব্যবস্থা। এই মানুষগুলো চেয়েছিল এমন একটি বাংলাদেশ, যেখানে থাকবে সমতা, ন্যায়বিচার, মানবাধিকার এবং আইনের শাসন। তাদের স্বপ্নের বাংলাদেশ কি আমরা গড়তে পেরেছি? না কি তাদের স্বপ্নের সঙ্গেই আমরা বিশ্বাসঘাতকতা করেছি?

জুলাই আমাদের স্বপ্ন দেখিয়েছে। সাহস জুগিয়েছে। অন্যায়ের বিরুদ্ধে মাথা উঁচু করে দাঁড়াতে শিখিয়েছে। তবে যদি প্রতি ১০-১৫ বছর পরপর একই সংগ্রাম, একই রক্ত, একই কান্না আমাদের পেছনে টানে, তবে এমন আন্দোলনের উপর মানুষের আস্থা হারিয়ে যেতে বাধ্য।

এবার, জুলাই আন্দোলনের যে সুযোগ এনে দিয়েছে, তার যথাযথ ব্যবহার করতে না পারলে সামনে অপেক্ষা করছে আরও ভয়াবহ ভবিষ্যৎ। আমাদের দরকার একটি সত্যিকার অর্থে জনগণের রাষ্ট্র, যেখানে গুম-হত্যা নয়, হবে জবাবদিহি; দলীয় আনুগত্য নয়, হবে আইনের শাসন।

এই সুযোগ ইতিহাস আমাদের বারবার দেয় না। তাই ইতিহাস যেন আবারও এক 'মিসড অপরচুনিটি' হিসেবে আমাদের বিচার না করে তা নিশ্চিত করাই এখন সময়ের সবচেয়ে জরুরি কাজ।

লেখক: অধ্যাপক, বিজিই বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল।



> এই আন্দোলনের নেপথ্যে ছিল অসমতা, নিপীড়ন, দমননীতি এবং বিচারহীনতার বিরুদ্ধে মানুষের প্রতিবাদ। কিন্তু এতসব সংগ্রামের পরও কি আমরা কাঙ্ক্ষিত কোনো পরিবর্তন পেয়েছি? বিচারব্যবস্থা কি সত্যিই স্বাধীন হয়েছে? পুলিশের আচরণ কি বদলেছে? রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো কি সত্যিই জবাবদিহিমূলক হয়েছে? দুঃখজনক হলেও সত্য, বাস্তবে দেখা যাচ্ছে, কেবল ক্ষমতার মুখগুলো বদলেছে। হাটবাজার, নদীঘাট বা প্রশাসনিক দখলদারিত্বে পরিবর্তন এসেছে-কিন্তু তা মূলত মুদ্রার এপিঠ-ওপিঠের মতো। কাঠামোগত পরিবর্তনের বদলে কেবল চেহারার রদবদল হয়েছে। একজন বাবা তার সন্তানের ভবিষ্যৎ দেখার আশায় জীবন দিয়েছেন

# বাংলাদেশে গুজবের রাজনীতি: গণতান্ত্রিক শৃঙ্খলার ওপর সুসংগঠিত আঘাত

ড. জিয়াউদ্দিন হায়দার



বাংলাদেশের রাজনীতির বিপর্যস্ত প্রেক্ষাপটে গুজব দীর্ঘদিন ধরেই জনমতের ছায়া হয়ে ছিল। তবে ২০২৪ সালের জুলাই বিদ্রোহের পর থেকে গুজব, মিথ্যাচার এবং উদ্দেশ্যপ্রণোদিত তথ্য বিকৃতির বিস্তার একটি সুসংগঠিত ও কাঠামোবদ্ধ চেহারা নিয়েছে, যা দেশের রাজনৈতিক সংস্কৃতিকে গভীরভাবে দূষিত করছে। এই অপসংস্কৃতির শিকারের কেন্দ্রে রয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), যারা ধারাবাহিকভাবে এমন এক নিষ্ঠুর গুজব-অভিযানের শিকার, যা বাস্তবতাকে বিকৃত করে, বিরোধী মতকে কলঙ্কিত করে এবং গণতান্ত্রিক রূপান্তরের সম্ভাবনাকে পিষ্ট করতে তৎপর।

এই গুজব-প্রচারণা নিছক স্বতঃস্ফূর্ত বা রাজনৈতিক প্রতিযোগিতার স্বাভাবিক ফল নয়। বরং বাংলাদেশের কিছু রাজনৈতিক গোষ্ঠী এবং প্রতিবেশী একটি দেশের কিছু স্বার্থান্বেষী মহল এই অপপ্রচারে পৃষ্ঠপোষকতা দিচ্ছে, যাদের লক্ষ্য বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতি ও গণতান্ত্রিক আকাঙ্ক্ষাকে দুর্বল করা। তাদের উদ্দেশ্য স্পষ্ট: বিভ্রান্তি ছড়ানো, বিএনপির ভাবমূর্তি কলঙ্কিত করা, সামাজিক সংহতি দুর্বল করা এবং বিকল্প নেতৃত্বের গ্রহণযোগ্যতা হ্রাস করা যারা প্রচলিত ক্ষমতার কাঠামোকে চ্যালেঞ্জ করে।

এই সুসংগঠিত অপপ্রচারণার টার্গেটে রয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তার দূরদর্শী নেতৃত্ব ও কৌশলগত রাজনৈতিক বোধকে নিষ্ক্রিয় করতে প্রতিনিয়ত তার ব্যক্তিগত জীবন, স্বাস্থ্য ও রাজনৈতিক অবস্থান নিয়ে মিথ্যা ও কুৎসিত গুজব ছড়ানো হচ্ছে। একইভাবে, বিএনপির সিনিয়র নেতা ও রাষ্ট্রীয় অপহরণ এবং নির্যাতনের শিকার সালাহউদ্দিন আহমেদের বিরুদ্ধেও সাজানো গুজবের মাধ্যমে তার রাজনৈতিক অবস্থান ও গ্রহণযোগ্যতা ক্ষুণ্ন করার চেষ্টা চলছে।

সামাজিক যোগাযোগমাধ্যম, ভুয়া সংবাদপত্র এবং অজ্ঞাতনামা ডিজিটাল ট্রল বাহিনীর মাধ্যমে এই গুজবের কারখানা অত্যন্ত সমন্বিতভাবে পরিচালিত হচ্ছে। যদিও এসব কর্মকাণ্ড সরাসরি রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় পরিচালিত নয়, তবে শাসকগোষ্ঠীর নীরবতা এবং এ বিষাক্ত পরিবেশ রোধে নিষ্ক্রিয়তা ষড়যন্ত্রকারীদের আরও সাহস জুগিয়েছে। এর ফলে বাংলাদেশের রাজনৈতিক পরিবেশ অবিশ্বাস, সন্দেহ এবং বৈরিতায় দূষিত হয়ে পড়ছে, যা গঠনমূলক রাজনৈতিক সংলাপকে ক্রমাগত অসম্ভব করে তুলছে।

এই অপপ্রচারের ব্যক্তিগত মূল্য অত্যন্ত ভয়াবহ। বছরের পর বছর নির্বাসন, নির্যাতন, হয়রানির সাথে সাথে নিরন্তর চরিত্র হননের শিকার হচ্ছেন বিরোধী নেতারা। তাদের পরিবার, সামাজিক মর্যাদা ও ব্যক্তিগত জীবন একটানা আঘাতের মুখে। শেখ হাসিনার শাসনামলে যখন রাষ্ট্রযন্ত্রের সরাসরি দমনপীড়ন বিরোধী

এরপর ২৪ পৃষ্ঠায়



> এই সংকট মোকাবেলায় বিএনপি ও অন্যান্য গণতান্ত্রিক শক্তির উচিত জনগণকে ডিজিটাল শিক্ষায় সচেতন করা, স্বাধীন তথ্য যাচাই ব্যবস্থা শক্তিশালী করা এবং নির্ভরযোগ্য গণমাধ্যমের বিস্তার ঘটানো। পাশাপাশি, আঞ্চলিক ও আন্তর্জাতিকভাবে নজরদারি জোরদার করতে হবে যাতে দেশের বাইরের অপশক্তিগুলোকে চিহ্নিত করে জবাবদিহিতার আওতায় আনা যায় যারা বাংলাদেশে গুজবের মাধ্যমে রাজনৈতিক অস্থিতিশীলতা সৃষ্টি করছে। শেষ পর্যন্ত, বাংলাদেশে গণতান্ত্রিক স্বাভাবিকতা পুনঃপ্রতিষ্ঠার জন্য প্রয়োজন সম্মিলিতভাবে গুজব ও অপবাদ নির্ভর রাজনীতির প্রত্যাখ্যান। সত্য, শ্রদ্ধা ও নৈতিক বিতর্কে ভিত্তি করে রাজনীতি গড়ে তোলাই বিএনপির অঙ্গীকার। সেই পর্যন্ত, গুজবের বিরুদ্ধে লড়াই অব্যাহত থাকবে বাংলাদেশের গণতান্ত্রিক ভবিষ্যৎ নির্মাণের অংশ হিসেবে

> এই অপপ্রচারের ব্যক্তিগত মূল্য অত্যন্ত ভয়াবহ। বছরের পর বছর নির্বাসন, নির্যাতন, হয়রানির সাথে সাথে নিরন্তর চরিত্র হননের শিকার হচ্ছেন বিরোধী নেতারা। তাদের পরিবার, সামাজিক মর্যাদা ও ব্যক্তিগত জীবন একটানা আঘাতের মুখে। শেখ হাসিনার শাসনামলে যখন রাষ্ট্রযন্ত্রের সরাসরি দমনপীড়ন বিরোধী নেতাদের শরীর ও মনকে ক্ষত-বিক্ষত করেছে, তখন ডিজিটাল গুজব-যুদ্ধ তাদের পরিচয়, সম্মান ও বিশ্বাসকে আঘাত করেছে, এমনকি নির্বাসিত জীবনেও তাদের অব্যাহতভাবে নিঃশ্বাসরুদ্ধ করে তুলেছে। কিন্তু গুজব ও মিথ্যাচারের এই সংস্কৃতির প্রভাব কেবল বিএনপি বা তার নেতৃত্বের মধ্যেই সীমাবদ্ধ নয়




# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

**অহেতুক ঝামেলা এড়াতে অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে ট্যাক্স ফাইলিং করুন।**

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# আবারও মৃত্যুর মিছিল: আমরা ভুলে যাই, মায়াকান্নায় প্রতিকারও হারিয়ে যায়

রাষ্ট্রীয় ব্যবস্থার মাধ্যমে স্কুলকে এ বিষয়ে যথাযথ সাহায্য নিশ্চিত করতে হবে। এই দুর্ঘটনার পরপরই অনেকেই প্রশ্ন তুলছেন, এ ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা ঢাকার মতো এমন একটি জনাকীর্ণ স্থানে হওয়া কতটা যুক্তিসংগত। এই দুর্ঘটনার পর নিশ্চয় কর্তৃপক্ষ রাজধানী শহরের প্রাণকেন্দ্রে তরুণ বৈমানিকদের প্রশিক্ষণের বিষয়টি নিয়ে ভাববে। এর সঙ্গে উন্নত প্রযুক্তিসম্পন্ন ও আধুনিক প্রশিক্ষণ বিমানের মাধ্যমে তরুণ বৈমানিকদের প্রশিক্ষণের ব্যবস্থা করবে, সেটাও আমাদের প্রত্যাশা থাকবে। তাঁদের নিরাপত্তার কথাও যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে। সবশেষে বলব, রাষ্ট্রকে তার জনগণের জন্য একটি মর্যাদাপূর্ণ ও নিরাপদ জীবনের নিশ্চয়তা দিতে যা করণীয়, তা করতে হবে। তা বাস্তবায়ন করার জন্য আর বসে থাকার মতো কোনো সময় আমাদের হাতে নেই

বুলবুল সিদ্দিকী



২১ জুলাই আমাদের জন্য এমন এক অবর্ণনীয় শোক নিয়ে এল, যা ভাষায় প্রকাশ করার মতো নয়। মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের উত্তরা শাখার দোতলা স্কুল ভবনে আছড়ে পড়া বিমান এখন পর্যন্ত কেড়ে নিল পাইলটসহ অনেকগুলো প্রাণ, যার প্রায় সবাই শিশু। আরও বহু শিশু হাসপাতালের বিছানায় পোড়া শরীর নিয়ে কাতরাচ্ছে।

অনেক দুর্যোগ ও দুর্ঘটনা আমরা দেখেছি। বিগত সরকারগুলোর নানা দমন-পীড়ন আমরা দেখেছি। আমাদের চোখের সামনে কত সন্তানতুল্য ছাত্রছাত্রীকে হারিয়ে যেতে দেখেছি। কিন্তু এমন করে ছোট ছোট শিশুকে আহুতি নিয়ে চলে যেতে দেখিনি।

যতবার আমি এই শিশুদের কথা ভাবি, তাদের মা-বাবার কথা ভাবি, কেবলই আমার সন্তানদের ছবি চোখের সামনে ভাসতে থাকে। আমার অসহায়ত্বের কথা ভাবতে থাকি।

দিন দিন নিজেকে এতটা অসহায় লাগে এই ভেবে যে দেশটাকে একটি নিরাপদ স্থান হিসেবে আমরা এখনো গড়ে তুলতে পারলাম না।

আমাদের সন্তানদের কোথায় রেখে যাচ্ছি। বিগত দিনের সীমাহীন দুর্নীতি, অর্থ পাচার, রাজনৈতিক দুর্বৃত্তায়ন আমাদের রাষ্ট্রীয় ও সামাজিক কাঠামোকে একদম ভঙ্গুর করে ফেলেছে, যা আমাদের একটি কল্যাণমুখী রাষ্ট্র হিসেবে গড়ে উঠতে প্রতিবন্ধক হিসেবে কাজ করছে।

স্বাধীনতার এত বছর পার হলেও এখানে যে রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পাওয়ার কথা, তা আমরা নিশ্চিত করতে পারিনি। এমনকি আপৎকালীন সময়ের যথাযথ মোকাবিলা করতেও আমাদের হিমশিম খেতে হয়।

আমরা সব সময় বিপদ এলে তখনই তা নিয়ে কথা বলি, তার প্রতিকার নিয়ে কথা বলি; কিন্তু সেই আপৎকালীন সময় চলে গেলে সবাই যেন সবকিছু ভুলে অন্য কাজে ব্যস্ত হয়ে পড়ি। টেকসই ব্যবস্থার কথা আমাদের মনোযোগ থেকে হারিয়ে যায়।

দুর্যোগ মোকাবিলা কিংবা আপৎকালীন সময়ের ব্যবস্থাপনার জন্য রাষ্ট্র হিসেবে আমাদের যে প্রস্তুতি, সেটি কি আমরা আগে থেকে ভাবি? যখনই কোনো আপৎকালীন সময়ের মধ্য দিয়ে যাই, তখনই আমরা নানা রকম প্রতিশ্রুতি পেতে থ াকি; যেমন এখন পাচ্ছি-'আহত ব্যক্তিদের চিকিৎসার জন্য বিদেশ থেকে চিকিৎসক আনা হবে।'

দিনের পর দিন এত এত মৃত্যুর মিছিল দেখতে দেখতে আমাদের অনুভূতিগুলো হয়তো ভোঁতা হয়ে গেছে। তাই হয়তো আমরা কোনো টেকসই ব্যবস্থা গড়ে তুলতে পারি না। মায়াকান্নার বেড়াজালেই আমাদের প্রতিকার হারিয়ে যায়। এমনই যখন ব্যবস্থা, তখন এ ধরনের বিপদ ও দুর্ঘটনাকে কি আমরা স্ট্রাকচারাল ভায়োলেন্স বলতে পারি না? যেখানে রাষ্ট্রের দায় সরাসরি আষ্টেপৃষ্ঠে জড়িয়ে থাকে? আর কতকাল এভাবে চলতে থাকবে, সে প্রশ্ন আমরা কোথায় করব, কার কাছে করব?

এমন অনেক প্রতিশ্রুতি আমরা পেয়েছিলাম জুলাইয়ের গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়েও। কিন্তু আমরা জানি কত কত জুলাই যোদ্ধা সঠিক চিকিৎসা না পাওয়ার জন্য এখনো ভুগছেন। আপৎকালীন সময়ে পাওয়া এমন অনেক প্রতিশ্রুতিই আমরা ধীরে ধীরে ভুলে যাই।

একটি স্বচ্ছ ও জবাবদিহিমূলক ব্যবস্থা রাষ্ট্রকাঠামোয় না থাকার জন্য এর দায় আমরা কাউকে নিতে ও দিতে দেখি না। কিন্তু ভুক্তভোগী পরিবার, মা-বাবা কি এসব স্মৃতি কখনো ভুলতে পারবে? আমরা কখনো কি সেই মা-বাবার জায়গায় নিজেকে বসিয়ে ভাবি? হয়তো ভাবি না।

দিনের পর দিন এত এত মৃত্যুর মিছিল দেখতে দেখতে আমাদের অনুভূতিগুলো হয়তো ভোঁতা হয়ে গেছে। আর শিগগিরই আমরা সব ভুলে যাই, হয়তো এবারও যাব। তাই হয়তো আমরা কোনো টেকসই ব্যবস্থা গড়ে তুলতে পারি না। মায়াকান্নার বেড়াজালেই আমাদের প্রতিকার হারিয়ে যায়।

এমনই যখন ব্যবস্থা, তখন এ ধরনের বিপদ ও দুর্ঘটনাকে কি আমরা স্ট্রাকচারাল ভায়োলেন্স বলতে পারি না? যেখানে রাষ্ট্রের দায় সরাসরি আষ্টেপৃষ্ঠে জড়িয়ে থাকে? আর কতকাল এভাবে চলতে থাকবে, সে প্রশ্ন আমরা কোথায় করব, কার কাছে করব?

আমরা সব সময় দেখি, দুর্ঘটনার পরপরই তদন্ত কমিশন গঠন করা হয়। কত তদন্ত কমিশন আমাদের জীবদ্দশায় দেখেছি, তার ইয়ত্তা নেই। কিন্তু কোনো রিপোর্ট আর আমরা দেখতে পাই না। এর দায় যাদের, তাদেরও আর জবাবদিহির আওতায় আসতে হয় না।

কেউ যদি দোষী হয়ে থাকেন, সেটাও আলোচনা থেকে হারিয়ে যায়। এবারও বোধ করি কোনো একটি তদন্ত কমিশন হবে, কিন্তু এবার কি আমরা সেই দুষ্টচক্র ভাঙতে পারব? জুলাই গণ-অভ্যুত্থান-পরবর্তী সরকারের কাছে আমাদের সেই প্রত্যাশা থাকবে, অন্তত তারা যেন এর যথ যথ তদন্ত শুরু করে এবং এমন ঘটনা যেন আর না ঘটতে পারে, তার একটি টেকসই ব্যবস্থা যেন নেওয়ার প্রক্রিয়া শুরু করা হয়। প্রতিকারের চেয়ে যেমন প্রতিরোধ উত্তম-আমরা যেন সেদিকে নজর রাখি। আমরা আর কত মৃত্যুর মিছিল দেখব?

দুর্যোগ ও দুর্ঘটনার ব্যবস্থাপনা নিয়ে অনেক আলাপ-আলোচনা আমরা করি; কিন্তু টেকসই ব্যবস্থার জন্য যে ইতিবাচক পদক্ষেপ নেওয়া জরুরি সেটি অনেকাংশেই অনুপস্থিত থাকে। স্কুলের বাচ্চাদের মৃত্যু আমাদের আবারও সেই দুর্বলতার কথা মনে করিয়ে দেয়। আমরা আশা করব, এই অসহনীয় ঘটনার পরে বেশ এরপর ২৪ পৃষ্ঠায়



# বিমান দুর্ঘটনা: অপসাংবাদিকতা, অপতথ্য ও ফেসবুকে গুজবের গজব

রিজওয়ান-উল-আলম



উত্তরায় একটি স্কুলভবনে একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় ঘন কালো ধোঁয়া, মানুষকে বাঁচানোর চেষ্টা আর প্রিয়জন হারানো পরিবারের কান্না দেখে পুরো দেশ স্তব্ধ হয়ে গিয়েছিল। এমন দুঃসময়ে মনে হয় যেন সব থেমে গেছে, অথচ কাজ না করলে বিপদ আরও বাড়ে। পুরো পরিস্থিতি বুঝে উঠতে সময় লাগছে, কিন্তু একটা কথা সঙ্গে সঙ্গেই বোঝা গেল: এমন বিপদে কী বলতে হবে বা কী করতে হবে, তার জন্য আমাদের সংস্থাগুলো তৈরি ছিল না। আমরাও কি নাগরিক হিসেবে তৈরি ছিলাম?

ঘটনার পরের কয়েক ঘণ্টা বোঝা গেল, বাংলাদেশে বিপদ সামলানোর ব্যবস্থায় অনেক ঘাটতি আছে। আমরা এখন এমন এক সময়ে বাস করছি, যেখানে একটা এক্স পোস্ট (টুইট) দ্রুত গতিতে ছড়িয়ে পড়ে, অথচ বিপদ নিয়ে কথা বলার আমাদের পদ্ধতি এখনো অনেক পুরোনো। এই দুঃখজনক ঘটনাটা আমাদের জাগিয়ে তোলার জন্য যথেষ্ট। বাংলাদেশের এখনই দরকার ভালো পরিকল্পনা করে কথা বলা এবং বিপদ কমানোর ব্যবস্থা তৈরি করা। বিপদ হওয়ার পর তা নিয়ে ভাবলে হবে না, বরং এগুলো দেশ পরিচালনার এবং নাগরিকের দায়িত্বের মূল অংশ হতে হবে।

সময়মতো সুনির্দিষ্ট সরকারি তথ্যের আদান-প্রদানে না হওয়ায় ভুল তথ্য ছড়ানোর সুযোগ পেয়েছে। যাচাই না করা ভিডিও দ্রুত ছড়িয়ে পড়েছে। বিদেশি ষড়যন্ত্র, পাইলটের আত্মহত্যা, এমনকি অদ্ভুত সব গুজবও মানুষের মুখে মুখে ঘুরছে। সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব দ্রুত ছড়িয়ে পড়ছিল, ভালো মানুষ আর সুযোগসন্ধানী-সবাই মিলে তা ছড়াচ্ছিল। যখন সত্যি খবর দ্রুত পাওয়ার সুযোগ থাকে না, তখন মানুষ আবেগপ্রবণ হয়ে পড়ে, মানুষ আতঙ্কিত হয়। যখন বিপদ আসে, তখন সবার আগে বিশ্বাস ভেঙে যায় না-তথ্য না থাকলেই বিশ্বাস মরে যায়।

একটা খুবই খারাপ বিষয় ছিল মৃতদের ছবি-যাদের মধ্যে কিছু শিশুও ছিল-ফেসবুক, টিকটক ও হোয়াটসঅ্যাপে ছড়িয়ে পড়া। কিছু ক্ষেত্রে দুর্ঘটনার জায়গায় শোকাহত পরিবারের মুখের ওপর জুম করে ছবি তোলা হয়েছিল, যেন তাদের কষ্ট দেখানো একটা খেলা। এটা সাংবাদিকতা নয়। এটা কৌতূহলের আড়ালে নিষ্ঠুরতা।

ইউনিসেফের নিয়ম খুব স্পষ্ট: শিশুদের ছবি কোনো দুঃখজনক ঘটনার প্রতীক হিসেবে খুব সাবধানে, তাদের সম্মান বজায় রেখে এবং তাদের অনুমতি নিয়ে ব্যবহার করতে হবে। তাদের পরিচয় গোপন রাখতে হবে, তাদের গল্প সাবধানে বলতে হবে। অথচ টিকটকারদের ভাইরাল হওয়ার প্রতিযোগিতায় এই সাধারণ নিয়মগুলো মানা হয়নি। পরিবারের মানসিক কষ্ট শুধু তোলা হয়নি; তা সারা দুনিয়ায় দেখানো হয়েছে, শেয়ার করা হয়েছে, মন্তব্য করা হয়েছে এবং টাকা আয়ের জন্য ব্যবহার করা হয়েছে।

১৮ কোটি ডিজিটাল নাগরিকের একটি সাধারণ নীতিবোধ থাকা উচিত। ডিজিটাল সহানুভূতির ওপর একটি দেশের নীতি অনেক আগেই দরকার ছিল। স্কুল, কলেজ, কর্মক্ষেত্র-সব জায়গায় অনলাইনে দায়িত্বশীল আচরণ শেখাতে হবে। শেয়ার করার আগে ভাবুন। নিজেকে জিজ্ঞেস করুন: এটা কি সত্যি? এটা কি সাহায্য করবে? এটা কি সম্মান বাড়াবে না ক্ষতি করবে? যদি আমার পরিবার কষ্টে থাকত, তাহলে কি আমি এটা শেয়ার করতাম?

আমাদের এটা নিয়ে কথা বলতে হবে, রাগ করে নয়, বরং দায়িত্ব নিয়ে। সম্পাদকদের তাঁদের কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে, সামাজিক যোগাযোগমাধ্যমগুলোকে খারাপ ছবি বা তথ্য সরিয়ে দিতে হবে, আর নাগরিকদের পোস্ট করার আগে ভাবতে হবে। একটা ছবি শেয়ার করা হয়তো সচেতনতা বাড়াচ্ছে মনে হতে পারে, কিন্তু যখন তা কারও সম্মান নষ্ট করে, তখন তা একধরনের শোষণ হয়ে যায়।

এখানে সমস্যাটা শুধু একটা প্রতিষ্ঠানের নয়। উত্তরার মতো ঘনবসতিপূর্ণ এলাকায়, বিশেষ করে যখন সামরিক বিষয় জড়িত থাকে, তখন দ্রুত, স্বচ্ছ ও মানবিক যোগাযোগ জরুরি। চুপ থাকলে তদন্ত সুরক্ষিত থাকে না, বরং সন্দেহ বাড়ে। সংবাদমাধ্যমগুলো, যদিও কিছু সংবাদমাধ্যম সংযম দেখিয়েছিল, কিন্তু চাঞ্চল্যকর খবরের পেছনে ছুটেছিল। শোকাহত বাড়ি থেকে সরাসরি দেখানো, অনুমানভিত্তিক খবর এবং একে অপরের উল্টো খবর শুধু বিভ্রান্তি বাড়িয়েছিল।

বিপদে সাংবাদিকতার প্রথম কাজ হলো খবর যাচাই করা, ভাইরাল হওয়া নয়। অনেক সংস্থারই আগে থেকে তৈরি যোগাযোগ পরিকল্পনা ছিল না। কী প্রশ্ন আসতে পারে, কী উত্তর দিতে হবে-এমন মৌলিক কোনো প্রস্তুতি ছিল না। ২০২৫ সালে এটা মানা যায় না। নাগরিক ও ইন্টারনেট ব্যবহারকারীরা, যদিও তাঁদের উদ্দেশ্য ভালো ছিল, কিন্তু তাঁরা অনেক ভুল তথ্য ছড়িয়েছেন। খারাপ ছবি, ভুল খবর, ভুয়া উদ্ধারের খবর এবং মনগড়া হতাহতের তালিকা অবাধে ছড়িয়ে পড়েছে।

আগুন লাগলে কী করতে হয় বা ভূমিকম্প হলে কী করতে হয়, সে বিষয়ে প্রশিক্ষণের মতোই সংকটকালে কী করে যোগাযোগ করতে হয়, সে বিষয়ে মানুষের শিক্ষা দরকার। কখন কিছু শেয়ার করা উচিত নয়, তা জানা, কী শেয়ার করা উচিত, তার মতোই জরুরি।

পরিকল্পিত যোগাযোগ (স্ট্র্যাটেজিক কমিউনিকেশন) মানে মিথ্যা বলা বা শুধু প্রচার করা নয়। এরপর ২৪ পৃষ্ঠায়



আমরা সংবাদমাধ্যমকে অনুরোধ করছি অনলাইনে মানুষের কষ্টের কথা ভেবে তাদের নৈতিক নিয়মগুলো আবার দেখতে এবং যাচাই না করা খবর বা মানুষের কষ্টকে কাজে লাগানো থেকে বিরত থাকতে। আর আমরা নাগরিকদের বলছি, অনলাইনে সম্মান বজায় রাখতে, ভুয়া খবর রিপোর্ট করতে এবং মনে রাখতে যে প্রতিটি ছবির পেছনে একটি পরিবার আছে, যারা বাঁচার চেষ্টা করছে। একটি জাতিকে কোনো দুঃখজনক ঘটনা দিয়ে চেনা যায় না। এর প্রতি আমাদের প্রতিক্রিয়াই আমাদের পরিচয় তুলে ধরে। কৌশলগত যোগাযোগ এবং বিপদ কমানো শুধু কিছু কাজের অংশ নয়, এগুলো আমাদের সবার দায়িত্ব। আমাদের আকাশ ভরে দেওয়ার জন্য যেন আরেকটা সাইরেনের অপেক্ষা করতে না হয়

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES
Biman Bangladesh Airlines
American Airlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট


জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট


কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট


মাহির
ট্রাভেল কনসালটেন্ট


জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট


নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# এমন ট্র্যাজেডির পুনরাবৃত্তি রোধে চাই বাস্তব পদক্ষেপ

ড. মাহবুব উল্লাহ্

গত ২১ জুলাই সোমবার ২০২৫ ছিল বাংলাদেশের জন্য একটি শোকাবহ দিন। নানা কারণে বাংলাদেশ হয়ে উঠেছে এক ট্র্যাজেডিক দেশ। এখানে মারি-মন্বন্তরে, প্রাকৃতিক দুর্যোগে, রাজনৈতিক বিক্ষোভ-আন্দোলনে, সড়ক দুর্ঘটনায় ও খুন-খারাবিতে মানুষের জীবনপ্রদীপ নিভে যায় বেশুমার। দেশটির অনুন্নতি ও অনগ্রসরতা এসব ট্র্যাজেডির মূল কারণ। দেশটিতে যদি শিক্ষা সংস্কৃতিতে উন্নতি ঘটত, রাজনীতি হতো খাঁটি গণতন্ত্রসম্মত, নাগরিকদের শ্রেয়বোধ যদি উন্নত হতো, জ্ঞান-বিজ্ঞান প্রযুক্তিতে দেশটি যদি অগ্রসরমান হতো তাহলে ঘটে যাওয়া ট্র্যাজেডি সর্বাংশে না হলেও অনেকটাই কমে আসত।

গত সোমবারের ঘটনাটি অন্যসব ট্র্যাজেডিক ঘটনা থেকে ভিন্ন প্রকৃতির। উত্তরার মাইলস্টোন স্কুল ও কলেজে বিমান বাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হলে মঙ্গলবারের পত্রিকার রিপোর্ট অনুযায়ী নিহত হয়েছেন ২০, এর মধ্যে শিক্ষার্থী ১৭, শনাক্ত হয়নি ৭ লাশ এবং আহত ও দগ্ধ হয়েছেন ১৭১। এছাড়া আহত হয়েছেন আরও অনেকে। এই ট্র্যাজেডিক ঘটনায় ২২ জুলাই মঙ্গলবার রাষ্ট্রীয় শোক পালিত হয়েছে। জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে। মঙ্গলবার রাত ১০টা নাগাদ সর্বশেষ খবরে জানা গেছে, নিহতের সংখ্যা বেড়ে হয়েছে ৩২। আল্লাহ না করুন, নিহতের এই সংখ্যা যেন আর বৃদ্ধি না পায়।

দৈনিক সমকালের প্রতিবেদক লিখেছেন, 'স্কুল ছুটির আনন্দে মশগুল শিশুরা। আছড়ে পড়া যুদ্ধবিমান। পুড়ে যাওয়া কচিমুখ। মায়ের আর্তনাদ। বাবার নির্বাক ছোটাছুটি। স্বজনের মাতম। উদ্ধার কর্মীদের প্রাণান্তকর লড়াই। রাস্তায় রাস্তায় অ্যাম্বুলেন্সের সাইরেন। হাসপাতালে ডাক্তার নার্সদের ছোটাছুটি। রক্তের জন্য আবেদন...দগ্ধদের ২৫ জনের অবস্থান আশঙ্কাজনক।...সোমবার, বেদনায় ভরা একদিন। রাজধানীর উত্তরায় মাইলস্টোন কলেজ অ্যান্ড স্কুল প্রাঙ্গণে ওঠা শিশুদের আর্তনাদে ভারি হলো পুরো শহর, দেশ।'

স্কুলের শিক্ষিকা পূর্ণিমা দাশ ফেসবুকে লিখেছেন, স্কুল ছুটি হয় দুপুর একটায়। এরপর ২ ঘণ্টা কোচিং। তাই কিছু ছাত্রছাত্রী স্কুলে ছিল। আর যাদের অভিভাবক তখনো শিশুদের নিতে আসেননি, তারাই কেবল অপেক্ষায় ছিলেন। ততক্ষণে ৮০ ভাগ বাচ্চা বাড়ি চলে গেছে।

পূর্ণিমা দাশ লিখেছেন, দুপুর ১টা ১০ কী ১৫ মিনিট হবে। একটি বিমান (বিমান বাহিনীর যুদ্ধবিমান) এসে আছড়ে পড়ে স্কুলের হায়দার আলী ভবনে। সঙ্গে সঙ্গে আগুন ধরে যায়। ওই ভবনে বাংলা ভার্সনের তৃতীয় থেকে পঞ্চম এবং ইংরেজি ভার্সনের ৬ষ্ঠ থেকে অষ্টম শ্রেণির বাচ্চাদের ক্লাশ হয়। আমিও ওখানে ক্লাশ নেই। ক্লাশ শেষ করে ঠিক যেখানে বিমান আঘাত করেছে ওই করিডর পার হয়ে শিক্ষকদের কক্ষে গেছি। তখনই ভয়ানক শব্দ। কিছু বোঝার আগেই দেখি ছোট ছোট বাচ্চা দৌড়ে আসছে। তাদের সারা গায়ে আগুন। সরেজমিন জানা গেছে, ভবনটির ১তলায় যেসব শিশু ও শিক্ষকরা ছিলেন, বিধ্বস্ত বিমানের আগুন শুরুতেই তাদের গ্রাস করেছিল। নিহতদের মধ্যে বিমানটির পাইলট ফ্লাইট লেফটেন্যান্ট মোহাম্মদ তৌকির ইসলামও রয়েছেন। গতকাল ছিল তার একক উড্ডয়ন। যুদ্ধবিমান নিয়ে একক উড্ডয়নের স্তরে আসতে বিমানবাহিনীর পাইলটদের কঠোর প্রশিক্ষণের মধ্য দিয়ে যেতে হয়। এ পর্যায় পর্যন্ত যেসব পাইলট পৌঁছাতে পারেন তাদের সংখ্যা খুব কম। প্রশিক্ষণের সময় কো-পাইলট অথবা প্রশিক্ষক বিমানে থাকেন। কিন্তু সলো ফ্লাইটের সময় ধরে নেওয়া হয় পাইলট যথেষ্ট দক্ষ হয়ে উঠেছেন এবং তিনি এককভাবেই যুদ্ধবিমান চালাতে সক্ষম।



ফ্লাইট লেফটেন্যান্ট তৌকির ইসলাম বিমানটিকে ঢাকা নগরীর ঘনবসতি এলাকা থেকে জনবিরল এলাকায় নিয়ে যাওয়ার সর্বাত্মক চেষ্টা করেছিলেন বলে জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। সংস্থাটি বলেছে, বাংলাদেশ বিমানবাহিনীর একটি এফটি-৭ বিজিআই যুদ্ধবিমান নিয়মিত প্রশিক্ষণের অংশ হিসাবে গত সোমবার দুপুর ১টা ৬ মিনিটে ঢাকা কুর্মিটোলায় বিমানবাহিনী ঘাঁটি একে খন্দকার থেকে উড্ডয়নের পর যান্ত্রিক ত্রুটির সম্মুখীন হয়। এ অবস্থায় এয়ার ট্রাফিক কন্ট্রোলের সঙ্গে যোগাযোগ করলে তৌকিরকে ইজেক্ট করার পরামর্শ দেওয়া হয়। কিন্তু তৌকির চেষ্টায় ছিলেন বড় ধরনের ক্ষয়ক্ষতি এড়াতে যুদ্ধবিমানটিকে জনবিরল এলাকায় নিয়ে যাওয়ার সর্বাত্মক চেষ্টা করেছিলেন। ফায়ার সার্ভিসের তথ্য অনুযায়ী ১টা ১৮ মিনিটে, অর্থাৎ উড্ডয়নের ১২ মিনিট পর যুদ্ধবিমানটি মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে আছড়ে পড়ে এবং এর মধ্য দিয়েই গত সোমবারের বিশাল ট্র্যাজেডিক ঘটনাটি ঘটে।

এমন ভয়াবহ দুর্ঘটনার সময় শিশুদের রক্ষা করতে এগিয়ে এসেছিলেন মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষিকা মাহেরীন চৌধুরী (৪৬)। বিমান বিধ্বস্তের সময় তিনি দূরে ছিলেন। আগুন দেখে ছুটে এসে শিক্ষার্থীদের বাঁচানোর চেষ্টা করেন। ১৫-২০ জন শিক্ষার্থীকে একাই বের করে নিয়ে আসেন এই শিক্ষিকা। এতে তার শরীর পুরোটাই পুড়ে যায়। শিক্ষার্থীদের বাঁচাতে গিয়ে গুরুতর আহত হয়ে মারা গেছেন। জীবনদায়ী এ শিক্ষিকা। গত সোমবার রাতে জাতীয় বার্ন ইনস্টিটিউটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তিনি ছিলেন শিক্ষক জাতির মধ্যে অনন্য। মায়ের মমতায় ভালোবেসেছিলেন কচি শিক্ষার্থীদের। তাদের বাঁচাতে গিয়ে নিজের জীবন বিসর্জন দিয়েছেন মহৎপ্রাণ এই শিক্ষিকা। বাংলাদেশের শিক্ষক সমাজ এমন একজন শিক্ষিকাকে পেয়ে শত দুর্বলতা ও সীমাবদ্ধতার মাঝেও গর্ববোধ করতে পারে। এমন মাহেরীন চৌধুরীর জন্ম হয় শতাব্দীতে

এরপর ৩৬ পৃষ্ঠায়



> আমাদের প্রতিরক্ষাব্যবস্থার বিভিন্ন দুর্বলতার মধ্যে এই দুর্বলতাটি আমাদের দেশ রক্ষাব্যবস্থাকে ভয়াবহভাবে দুর্বল করে রেখেছে। এ বিষয়ে ব্যাপক অনুসন্ধান ও তদন্ত হওয়া উচিত। গত সোমবারের যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়াকে কেন্দ্র করে কিছু দুঃখজনক ঘটনা ঘটেছে। এসব ঘটনার মধ্যে প্রতিকার দাবি করে বিক্ষোভ হয়েছে। এসব বিক্ষোভে উপদেষ্টাদের কেউ কেউ নাজেহাল হয়েছেন। সচিবালয়ে অনাকাঙ্ক্ষিত বিক্ষোভ হয়েছে। এ বিক্ষোভে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের উসকানি ছিল বলে অভিযোগ উঠেছে। এ ধরনের ঘটনা না ঘটলেই ভালো হতো। জাতীয় দুর্যোগের সময় আমাদের প্রতিক্রিয়া যদি গঠনমূলক হয় সেটা দেশ ও দশের জন্য মঙ্গলজনক হবে

# এনসিপির জন্য কিছু পরামর্শ

জাহীদ রেজা নূর

> এনসিপি দলের নেতারা নিজেদের মধ্যেই সলাপরামর্শ করে পরবর্তী পথ-পরিকল্পনা করে নিলে ভালো হয়। দেশ ও বিদেশ থেকে কিছুসংখ্যক 'ইনফ্লুয়েন্সার' যে হঠকারী ভাষায় দাপিয়ে বেড়াচ্ছে ভার্চুয়াল মিডিয়ায়, তাতে যেন এনসিপি নেতারা প্রভাবিত না হন। বঙ্গবন্ধুর জেলায় বঙ্গবন্ধুকে অসম্মান করা কিংবা সালাহউদ্দিন আহমদের এলাকায় তাঁকে গডফাদার আখ্যায়িত করে তাঁর কড়া সমালোচনা করার সময় মনে রাখতে হবে, রাজনৈতিক নেতা মানে কিন্তু একজন মানুষ শুধু নন, কখনো কখনো তা একটি এলাকার জনগণ, কখনো কখনো তা একটি দেশের জনগণের প্রতিনিধি। তাঁর ব্যাপারে সংযত কণ্ঠেই কথা বলতে হয়। এটা অস্বীকার করলে রাজনীতির মাঠ ক্ষণিকের জন্য উত্তপ্ত রাখা যায় বটে, কিন্তু বড় দৌড়ে পরাজয় মেনে নেওয়া ছাড়া উপায় থাকে না। সম্মান করলেই সম্মান পাওয়া যায়, এর অন্যথা হয় না

দুটো ঘটনা ঘটল পরপর। গোপালগঞ্জ আর চকরিয়ায়। প্রথম ঘটনায় দুঃখজনকভাবে ঝরে পড়েছে পাঁচটি প্রাণ। এই প্রাণহানি এড়ানো যেত কি না, তা নিয়েও প্রশ্ন উঠেছে। দ্বিতীয় ঘটনাটিতে দেখা যাচ্ছে, কক্সবাজারে এনসিপির একজন নেতার বক্তৃতার সূত্র ধরে বিএনপি মহলে উত্তেজনা ছড়িয়ে পড়ে। এরই জের ধরে চকরিয়ায় পথসভা করতে পারেননি এনসিপির নেতারা। ট্রাকের ওপর তৈরি করা তাদের মঞ্চে তাণ্ডব চালানো হয়েছে। এনসিপিকে এখন কেন পুলিশ আর সেনাবাহিনীর ছত্রছায়ায় চলাফেরা করতে হচ্ছে, তা নিয়েও জনমনে রয়েছে প্রশ্ন। অনেকেই দলটিকে কিংস পার্টি হিসেবে দেখছেন। যেভাবে দলটি সরকারি বাহিনীগুলোর সহযোগিতা পাচ্ছে, তাতে মনে হওয়া স্বাভাবিক, অন্তর্বর্তী সরকারের পৃষ্ঠপোষণা না পেলে এই দল এ রকম স্বচ্ছন্দে বেড়ে উঠতে পারত না। বিভিন্ন ঘটনা দেখে এখন মনে হচ্ছে, জামায়াতে ইসলামীসহ ইসলামি দলগুলোর সঙ্গে বোঝাপড়া করেই দলটি তাদের অবস্থান পরিষ্কার করবে। এ ক্ষেত্রে মাঠে আওয়ামী লীগ না থাকায় বিএনপির সঙ্গেই হবে তাদের মূল প্রতিযোগিতা।



প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস বলেছিলেন, ছাত্ররাই তাঁর নিয়োগকর্তা। সেই ছাত্রদেরই একটি অংশ রয়েছে তাঁর সরকারে, আরেকটি অংশ গড়েছে একটি রাজনৈতিক দল। সেই হিসাবে এনসিপির পেছনে এই সরকারের আশীর্বাদ রয়েছে, সে কথা বললে ভুল বলা হবে না। বিভিন্ন সময়ে প্রধান উপদেষ্টার সরকারি বাসভবনের সামনে যেভাবে এনসিপি আন্দোলন করেছে এবং তাদের দাবিদাওয়া যেভাবে মিটিয়ে দেওয়া হয়েছে, তাতে অনেকেই মনে করছেন, সরকার যে কাজটি করতে চাইছে অথচ সরাসরি করতে পারছে না, সেই কাজ এনসিপিকে দিয়ে করিয়ে নিচ্ছে।

গোপালগঞ্জের সহিংসতার জন্য সরকারি তরফ থেকে যে কথা বলা হয়েছে, তাতে এনসিপির সভাকে কেন্দ্র করে বিশৃঙ্খলার কথা বলা হলেও সেই ঘটনার কারণে ঘটে যাওয়া সহিংসতায় নিহত জনসাধারণের প্রতি কোনো ধরনের সমবেদনার প্রকাশ ঘটেনি। এটাকেও এনসিপির প্রতি সরকারি মহলের দুর্বলতার কারণ হিসেবে দেখা যায়। সরকারি তথ্যে প্রাণহানির কোনো ব্যাখ্যা না থাকায় নানা ধরনের গুঞ্জনের জন্ম হয়েছে।

NCP
National Citizen Party

এনসিপিকে সরাসরি কিংস পার্টি হয়তো বলা যাবে না, কিন্তু সামগ্রিকভাবে এনসিপির প্রতি সরকারের একধরনের দুর্বলতা আছে, সেটা বুঝতে অসুবিধা হয় না। আমাদের দেশে গড়ে ওঠা কিংস পার্টিগুলো নিয়ে খানিকটা আলোচনা করা হলে বাস্তব অবস্থা বোঝা সহজ হবে।

আমাদের দেশে কিংস পার্টি গড়ে ওঠার ইতিহাস আজকের নয়। জিয়াউর রহমানই প্রথম কিংস পার্টি গঠন করেছিলেন। বর্তমানে বৃহৎ রাজনৈতিক দল বিএনপি গড়ে উঠেছিল শাসক জিয়াউর রহমানের ছত্রচ্ছায়ায়। তাঁর দলে চরম বাম, চরম ডান, মধ্যপন্থী-সব ধরনের রাজনীতিবিদের সমাবেশ ঘটেছিল। পাকিস্তানের তাঁবেদার শাহ আজিজুর রহমান যেমন ছিলেন তাঁর দলে, তেমনি জাফর ইমামের মতো স্বাধীনতাযুদ্ধে বীর বিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাও ছিলেন। বর্তমানে বিএনপি সফল একটি রাজনৈতিক দল। এরপর সেনাশাসক হুসেইন মুহম্মদ এরশাদের শাসনামলে গড়ে ওঠে জাতীয় পার্টি। এই দলেও মুক্তিযোদ্ধা-রাজাকারের মিলন ঘটেছিল। মাওলানা মান্নানের মতো স্বীকৃত পাকিস্তানি দালাল যেমন ছিলেন এই দলে, তেমনি মীর শওকত আলীর মতো বীর উত্তম খেতাব পাওয়া মুক্তিযোদ্ধাও ছিলেন। এ দুটি পার্টি এখনো রাজনীতিতে সক্রিয়।

এ ছাড়া যেসব কিংস পার্টি গড়ে উঠেছিল বিভিন্ন সময়ে, সেগুলোর অস্তিত্ব বিলীন হয়ে গেছে। যেমন পিডিবি, বাংলাদেশ কল্যাণ পার্টি, এনপিপি ইত্যাদি দল গড়ে উঠেছিল ২০০৭-০৮ সালের নির্বাচনী ডামাডোলের মধ্যে। সে সময়ও আওয়ামী লীগ ও বিএনপি ব্যর্থ রাজনৈতিক দল বলে প্রচারণা চালিয়েছিল পিডিপি বা প্রগ্রেসিভ ডেমোক্রেটিক পার্টি। সে সময় তৃতীয় শক্তি হিসেবে নতুন একটি দল গড়ে তোলার চেষ্টা হিসেবে এই প্রবণতাকে দেখতে হবে। আজকের এনসিপিও আওয়ামী লীগ আর বিএনপিকে ব্যর্থ হিসেবে প্রমাণ করার চেষ্টা করে যাচ্ছে।

এরপর বিগত আওয়ামী লীগ শাসনামলে বিভিন্ন নির্বাচনের আগে বিএনএফ, তৃণমূল বিএনপি, বিএনএম ও বাংলাদেশ সুপ্রিম পার্টি নামের স্বল্পায়ু কিংস পার্টিগুলোর কথাও মনে করা যায়।

তাহলে দেখা যাচ্ছে, কিংস পার্টির ভাগ্য সব সময় এক রকম নয়। কোনো কোনো কিংস পার্টি পরবর্তীকালে জনগণের সমর্থন পেয়েছে এবং এখন পর্যন্ত টিকে আছে। অন্যদিকে সরকারি পৃষ্ঠপোষকতায় জন্ম নেওয়া কিছু কিছু কিংস পার্টি জন্মের কিছুদিনের মধ্যেই অস্তিত্বের সংকটে পড়েছে এবং একসময় অস্তিত্বহীন হয়ে গেছে।

এনসিপি কিংস পার্টি কি কিংস পার্টি নয়, সে বিষয়ে আলোচনা না করে বর্তমানে দলটির রাজনীতি নিয়ে কিছু কথা বলা অন্যায় হবে না।

এনসিপি দলটি গড়ে উঠেছে তরুণদের নিয়ে। একদিক থেকে ভাবলে এটি একটি দারুণ ইতিবাচক ঘটনা; অন্যদিক থেকে ভাবলে এটি তাদের গতিশীলতার ক্ষেত্রে বাধা সৃষ্টিকারী ঘটনা। কেন এ রকমভাবে বলতে হচ্ছে, তার ব্যাখ্যা প্রয়োজন।

তরুণেরা স্বপ্ন দেখতে পারে। এগিয়ে যাওয়ার জন্য তারা যেকোনো বাধা অতিক্রম করতে

এরপর ৩৬ পৃষ্ঠায়

# নীলফামারী এসোসিয়েশনের বর্ণাঢ্য বনভোজন অনুষ্ঠিত











৩ পৃষ্ঠার পর

জানান। একই সাথে সুশৃংখলভাবে বনভোজন আয়োজন করায় সংগঠনের কর্তাব্যক্তিদের ধন্যবাদ জানিয়ে দেশ ও প্রবাসে নীলফামারীবাসীকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

বিশেষ অতিথি ছিলেন অভিজাত গ্রুপের চেয়ারম্যান, বিশিষ্ট ব্যবসায়ী মুজাফিজুর রহমান, নর্থবেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র সাবেক সভাপতি ও বর্তমান প্রধান উপদেষ্টা ডা. আব্দুল লতিফ, ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন, সাবেক সাধারণ সম্পাদক তনু খান ও সহ সভাপতি আবু তাহের, এমটিএ নিউইয়র্ক সিটির অবসর প্রাপ্ত পরিচালক নূর হোসেন সরকার, সাবেক সভাপতি এবং নীলফামারী ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের বর্তমান উপদেষ্টা হান্নান কবীর আবলু, রবিগঞ্জ কর্মকর্তা শামসুল শিকদী এবং সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খান।

শুরুতে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন নীলফামারী এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ রোকনুজ্জামান রোকন ও সাধারণ সম্পাদক ঋষিকেশ রায়। বনভোজন আয়োজক কমিটির আহবায়ক হাবিবুল হক হাবিব, সদস্য সচিব শফিকুল ইসলাম স্বপন সহ অন্যান্য এসময় উপস্থিত ছিলেন।

নিউইয়র্ক সিটি ও লং আইল্যান্ডের বিভিন্ন স্থান থেকে প্রবাসী নীলফামারীবাসীরা মিলিত হন বনভোজন স্পটে। চমৎকার আবহাওয়ায় আকর্ষণীয় বেথপেজ পার্কে সকাল থেকেই জমে উঠে। নানাবিধ খেলাধুলায় মেতে উঠে শিশু-কিশোর-কিশোরী থেকে শুরু করে সব বয়সীরা। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে আকর্ষণীয় পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে নীলফামারী ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের সৌজন্যে প্রধান অতিথি, বিশেষ অতিথি ও বর্তমান নীলফামারী ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের কার্যকরী কমিটির সদস্যদের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এসময় শুভেচ্ছা বক্তব্য রাখেন কার্যকরী কমিটির মোহাম্মদ রোকন, ফণী, হাবিবুল, স্বপন, গৌতম রায়, কৈলাশ, রাসেল, সুরুজ, রহমান, মুক্তা, টিটু, স্বপন রায়, পরিমল এবং রহিম।

এবারের বনভোজনে আকর্ষণীয় র‍্যাফল ড্র-তে ১৫টি পুরস্কার প্রদান করা হয়। প্রথম পুরস্কার হিসেবে স্বর্ণের চেইন, দ্বিতীয় পুরস্কার টিভি, তৃতীয় পুরস্কার এ্যাপল ওয়াচ, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ পুরস্কার ল্যাপটপ সহ অন্যান্য আকর্ষণীয় পুরস্কার লটারী বিজয়ীদের হাতে পুরস্কার হিসেবে তুলে দেয়া হয়। পরিশেষে এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ঋষিকেশ রায় ধন্যবাদ সূচক এবং সভাপতি মোহাম্মদ রোকনুজ্জামান রোকন তার সমাপনী বক্তব্যে আগতদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বনভোজন অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

অনুষ্ঠানের মাঝে চলে সকালের নাস্তা ও মধ্যাহ্ন ভোজ ও বিকেলের নাস্তা। যেখানে দর্শনীয় খাবারের সাথে ছিল ঐতিহ্যবাহী কালোজাম মিষ্টি এবং বাহারি মশলায় মিষ্টি পান-সুপারি। যার প্রশংসা করেন সবাই। বিকেলের খাবার হিসেবে তরমুজ এবং ঝাল-মুড়ির সাথে পরিবেশন করা হয় স্পেশাল চা। যা উপস্থিত সবার প্রশংসা কুড়ায়।










মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD & NATIONAL HEALTHCARE CHAMPION AWARD প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভুঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি

ALL COUNTY
হোম কেয়ার

CDPAP
PCA
HHA.RN

NYS LICENSED HOME CARE AGENCY

অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে

PH : 718 593 0932

* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE

এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে

Get Paid to Take care of Your Friends & Family

150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814


MUNA CONVENTION 2025
AUGUST 8TH - 10TH, 2025
PENNSYLVANIA CONVENTION CENTER, PA
TORCHBEARERS OF ISLAM
SPREADING THE FAITH GLOBALLY
REGISTER NOW
WWW.MUNACONVENTION.COM
DR. OMAR SULEIMAN
IMAM DALOUER HOSSAIN
SAMI HAMDI
MOHAMMAD ELSHINAWY
DR. ALTAF HUSAIN
IMAM TOM FACCHINE
HAMZAH ABDUL-MALIK
IMAM SIRAJ WAHHAJ
ASIF HIRANI
SH. ABDUL NASIR JANGDA
LECTURE SERIES • CHILDREN RIDES • CULTURAL EVENTS • BAZAAR
YOUTH PROGRAMS • MATRIMONIAL SERVICES • SISTERS PROGRAMS
MUSLIM UMMAH OF NORTH AMERICA (MUNA)
WWW.MUSLIMUMMAH.ORG

# এই সপ্তাহের কবিতা





## অমর সৃষ্টি
### বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

আজও দূর-বহুদূরে
দাঁড়িয়ে থাকি কবিতার মোড়ে।

কখনও বা চুপটি করে
নিরিবিলি শ্যামা পাখির মত
এককোণে বসে শিখে যাই
রবীন্দ্র-নজরুল আদলে
কবিতার পংক্তি।

সেকেলেময় শিখুনির
অক্ষম ডানা উড়তে পারে না
স্বপ্নের মেঘলোকে।

নিত্য নব ভাবনার
চঞ্চুতে হয় কয়েদি,
ঝরে রক্ত নিরন্তর।
বার বার সিক্ত হয়
কবিতার বুক।

পদে পদে পরাজিত
করুন ক্লান্তির ভারে
ঝুলে থাকা শব্দ গুলোকে
টেনে নেয় ভাবনার শুষ্ক চরে।

মেঘে ঢেকে যায়
কঠিন সত্য সব
শব্দের উপাখ্যান।

ধোঁয়াটে শ্মশানে পোড়ে
প্রত্যাশার শব।
তপ্ত হতাশা আনে
ক্লান্তির প্রহর।

তবু ভীত-তড়পানো
আদি ভাবনা খুঁজে
আলোকিত সাহসে জ্বলে উঠা
প্রত্যাশার শব্দ বিন্যাস-
যা হবে কবিতার সমাবেশে
যথাযোগ্য অমর সৃষ্টি।

লেখক: কুইন্স, নিউইয়র্ক।



## ছত্রিশ জুলাই
### হাফিজুর রহমান

জুলাই আসবে, জুলাই জ্বলবে
জ্বালাবে জুলাই পুড়তে বৈষম্য
রুখতে অন্যায় - অবিচার
শোনাবে ছত্রিশের ঘরের
অপ্রতিরোধ্য জনতার নামতা।

জুলাই জাগ্রত ছাত্র - জনতার
পুঞ্জীভূত ক্ষোভের ডাণ্ডা,
অন্যায়ের কপোলে চপেটাঘাত
চূর্ণবিচূর্ণ কন্কালো দীর্ঘ দম্ভের;
এ নবমুকুলিত রক্তের ইতিহাস।



## আঁকছে খোকা ছবি
### সুফিয়ান আহমদ চৌধুরী

আঁকছে খোকা রংতুলি দিয়ে
বৈশাখ ছবি আঁকে,
তুফান এসে উড়িয়ে নেয়
এমন দৃশ্য থাকে।

আঁকছে খোকা কিষাণ আঁকে
করছে মাঠে কাজ,
আঁকছে ওই মেঘলা আকাশ
মেঘের কত সাজ।

আঁকছে খোকা বৈশাখ মেলা
পান্তা ইলিশ আঁকে,
মুড়ির মোয়া বাতাসা খই
মেলায় বেশ তো থাকে।

আঁকছে খোকা বৈশাখী গান
বাঙালি জাগে সুখে,
তালের পাখা পালকি রাঙা
হাসি বধূর মুখে।

জীবন সাজে নতুন সাজে
আঁকছে খোকা ছবি,
সেই ছবিতে ওঠছে ফুটে
বৈশাখ দিনের সবই।

লেখক: কুইন্স, নিউইয়র্ক।

## লোভী সমাজ
### সাইদুল ইসলাম সাইদ

এই সমাজের লোক চিনা দায়
নিজের স্বার্থ বুঝে,
প্রয়োজন শেষ হলে তারে
আর পাবে না খুঁজে।

স্বার্থ পূরণ হওয়ার আগে
ছাড়বে না তো পিছু
তোমায় নিয়ে প্রসংশা বেশ
করবে রোজই কিছু।

আপন ভেবে যখন তুমি
বুকে টেনে নিবে
ঠিক তখনই সুযোগ বুঝে
তোমায় বাঁশটা দিবে।

কারো কাছে বলতে গেলে
বলবে তোমায় বোকা
তুমি কি ভাই অবুঝ শিশু
দুগ্ধ খাওয়া খোকা?

এই সমাজে চলতে হলে
দু-চোখ রাখো খুলে
নয়তো জীবন কালা-ফালা
হও যদি ভুলভুলে।



## সেকালের গ্রামীণ জীবন
### সুজন দাশ

সরলতা ভরা গ্রামীণ জীবন আহা কি যে ছিল ভালো!
হৃদ্যতা ছিল বাঁচার শক্তি অন্তরে ছিল আলো।
সম্প্রীতি ছিল দেখার মতন এখনো স্মৃতিতে ভাসে,
অভাব যতই থাকুক না ঘিরে মানুষ দাঁড়াতো পাশে।

বিঘ্ন বিপদ যতই আসুক বাড়াতো সবাই হাত,
অন্যায় এলে রুখে দিত সবে ভেঙে দিত বিষদাঁত।
একান্নবর্তী ছিল পরিবার তাই তাই ছিল মিল,
কষ্টের সাথে যুঝতো সবাই মন ছিলো অনাবিল।

বিশ্বাস ছিল সবার ঊর্ধ্বে মানবতা ছিল আগে,
পারস্পরিক শ্রদ্ধাও ছিল ভেসে যেতো তার রাগে!
বিনোদন ছিল খেলাধুলা আর নাটক যাত্রাপালা,
হতো মেলা খেলা গানের আসর মুছতো হতাশা জ্বালা!

মেলা খেলা আর নবান্ন ঘিরে অতিথি আসত ঘরে,
অভাব যতই রাঙাক না চোখ হটতো না পিছে ডরে।
পুকুরের মাছ ক্ষেতের সবজি সবাই সবারে দিত,
পথে দেখা হলে হতো কোলাকুলি খবরা-খবর নিত।

গুরুজন কেউ পড়লে সামনে সম্মান দিতো তাঁরে,
বেয়াদবি হবে বলতো না কথা চলে যেতো চুপিসারে।
সমাজের ছিল শক্ত বাঁধন রাখতে পারিনি ধরে,
টুটে গেছে তাই প্রেম প্রীতি মায়া ভালোবাসা গেছে মরে।

লেখক: আটলান্টিক সিটি, নিউজার্সি।



## রিমঝিম ভালোবাসা
### মোহাম্মদ মহিবুর রহমান

তুমি আমার দূর আকাশের তারা
তোমায় ছাড়া ভেঙে পড়ে এ ধরা।
তুমি শ্রাবণের ঝিমঝিম বৃষ্টি
তোমার ছোঁয়ায় জাগে শিহরণ, অপূর্ব সৃষ্টি।

তুমি আমার স্বপ্নলোকে মহারানী
তোমার আলিঙ্গনে হাসিমাখা মুখ জানি।
তুমি অন্ধকারে দীপ্ত আলো
তোমার ভালোবাসাতে আছে শুধুই ভালো।

তুমি আমার কবিতা-আমি নই কবি
তোমাতে খুঁজে পাই জীবনের ছন্দ ও ছবি।
তুমি রংধনুর সাত রঙে আঁকা অর্ধচাঁদ
তোমার ছোঁয়া হৃদয়ে গড়ে, এক স্বপ্নের বাঁধ।

তুমি আমার ভালোবাসার কেন্দ্র
তোমার মাঝে রিমঝিম ভালোবাসার সমুদ্র।



## ফুলগুলো ফুটতেই ঝরে গেল
### বিপুল চন্দ্র রায়

মাইলস্টোন স্কুলের আঙিনায়
দগ্ধ ফুলে গেছে ভরে,
আজ বিষাদের ছায়া, স্তব্ধ বাতাস।
কলিতে ফুটেনি ফুল,
ফোটার আগেই ঝরে গেল শত স্বপ্ন।

প্রজাপতি হয়ে ওড়ার ছিল সাধ,
আঁকা ছিল ভবিষ্যতের পথ।
আজ সে পথ ধূসর, বিবর্ণ ফুল।

লেখক: কবি, নিউইয়র্ক।

# বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা কর্পোরেশন
# BANGLADESHI SPORTS COUNCIL OF AMERICA CORP.

# GOLDEN AGE FOOTBALL TOURNAMENT-2025

**VENUE : RANDALL'S ISLAND PARK & ICAHN STADIUM, ADDRESS: 10 CENTRAL ROAD, NEW YORK 10035**

## GRAND SPONSOR

**GOLDEN AGE**
HOME CARE

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE
সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল
করে নেব এবং সব ধরনের সেবা প্রদান করবো



Please Contact

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-589-5003, Fax: 347-275-6834

**HILLSIDE AVE. OFFICE**
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

**BROOKLYN OFFICE**
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

## GAME SCHEDULE

**WEEK 1 SCHEDULE JUNE 15, 2025 FIELD #10 (OPENING CEREMONY)**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS AYSAB |
| 7:30 PM | Jubo Songo VS Garden State FC |
| **WEEK 2 SCHEDULE JUNE 22, 2025 FIELD #75** | |
| 6:30 PM | NY RIVALS SC VS SANDWIP UNITED |
| 7:30 PM | FIGHTERS CLUB VS NOAKHALI TIGERS |
| **WEEK 3 SCHEDULE JUNE 29, 2025 FIELD #75** | |
| 6:30 PM | BRONX UNITED VS NY RIVALS SC |
| 7:30 PM | GARDEN STATE FC VS NOAKHALI TIGERS |
| 8:30 PM | JUBO SONGO VS FIGTHERS CLUB |
| **WEEK 4 SCHEDULE JULY 6, 2025 FIELD #75** | |
| 6:30 PM | JUBO SONGO VS NOAKHALI TIGERS |
| 7:30 PM | BRONX UNITED VS SANDWIP UNITED |
| 8:30 PM | AYSAB FC VS NY RIVALS SC |
| **WEEK 5 SCHEDULE JULY 13, 2025 FIELD #75** | |
| 6:30 PM | FIGHTERS CLUB VS GARDEN STATE FC |
| 7:30 PM | SANDWIP UNITED VS AYSAB FC |

**QUARTERFINAL GAME SCHEDULE FIELD #75 (BASED ON POINTS)**

| MATCH | TEAM 1 (RANK) | TEAM 2 (RANK) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| Quarterfinal 1 | 1 | 8 | JULY 20, 2025 | 6:30 PM |
| Quarterfinal 2 | 2 | 7 | JULY 20, 2025 | 7:30 PM |
| Quarterfinal 3 | 3 | 6 | JULY 27, 2025 | 6:30 PM |
| Quarterfinal 4 | 4 | 5 | JULY 27, 2025 | 7:30 PM |

**SEMI-FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On Quarterfinal Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME TIME | GAME TIME |
|---|---|---|---|---|
| SEMI-FINAL 1 | QF 1 (1 VS 8) | QF 3 (3 VS 6) | AUGUST 3, 2025 | 6:30 PM |
| SEMI-FINAL 2 | QF 2 (2 VS 7) | QF 4 (4 VS 5) | AUGUST 3, 2025 | 7:30 PM |

**FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On SEMI-FINAL Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| FINAL GAME | SF 1 | SF 2 | AUGUST 10, 2025 | 7:00 PM |

সম্মানিত সুধী, আসসালামু আলাইকুম,
বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র উদ্যোগে ২০২৫ সালের ফুটবল টুর্নামেন্ট এর আয়োজন করা হয়েছে। আগামী ১৫ই জুন, ২০২৫ রবিবার ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন উপলক্ষে বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ সকলের সার্বিক সহযোগিতা ও উপস্থিতি একান্তভাবে কামনা করছি। ফুটবল টুর্নামেন্ট এর শুভ উদ্বোধন করবেন প্রধান অতিথি শাহ্ নেওয়াজ, এমবিএ, প্রেসিডেন্ট এন্ড সিইও, গোল্ডেন এইজ হোম কেয়ার, চেয়ারম্যান বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক।

উক্ত ফুটবল টুর্নামেন্টে, কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ ও কমিউনিটির সকল নেতৃবৃন্দকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

## GROUP-A

BRONX UNITED FC | AYSAB | NYRSC (NEW YORK RIVALS SPORTING CLUB) | Sandwip United

## GROUP-B

FIGHTER'S CLUB | Jubo Songo | GARDEN STATE FC | NT

**Event Venue & Date:**
June 15th 2025, Sunday @ 6pm
Randall's Island Icahn Stadium, Field #10, Address: 10 Central Road, New York 10035

**Dulal Miah Enam**
President
Cell : 718-450-5394

**Khairul Islam Kukon**
General Secretary
Cell : 347-672-2256

# González-Rojas files to run against Ramos for western Queens state Senate seat

Shah Nawaz





Assembly Member Jessica González-Rojas has filed to run against state Sen. Jessica Ramos in next year's Democratic primary for Senate District 13.

González-Rojas, who currently represents Assembly District 34 including parts of Elmhurst, Corona and Jackson Heights, which partially overlaps with Ramos's Senate district, formally filed to run as a candidate in next year's primary on Tuesday, as first reported by City & State.

"I'm running for state Senate because the people of Corona, East Elmhurst, Elmhurst, and Jackson Heights deserve bold, values-driven leadership that listens, collaborates, and delivers," González-Rojas said in a statement provided to this publication. "Together, we can build a future that centers working families and creates real results for our neighborhoods."

The filing comes after weeks of rumors that González-Rojas would challenge Ramos for her seat in the state Senate.

Ramos, a former candidate for mayor, placed seventh in the Democratic mayoral primary after making a controversial last-minute decision to endorse fellow candidate Andrew Cuomo. That decision appeared to alienate Ramos' progressive base.

On the other hand, González-Rojas, a member of the Democratic Socialists of America (DSA), endorsed eventual primary winner and fellow Queens Assembly Member Zohran Mamdani.

However, González-Rojas has not been endorsed by the DSA and is not a member of the organization's nine-member "Socialists in Office" group in Albany. Still, she is expected to attempt to consolidate progressive support in Queens ahead of next year's primary.

Progressive Queens Council Member Tiffany Cabán has already outlined her support for González-Rojas' Senate bid in a post on X, formerly Twitter, while progressive Brooklyn Assembly Member Emily Gallagher has also signaled her

Ramos also gained widespread attention last year when she refused to introduce parkland alienation legislation in the state Senate to facilitate plans for Steve Cohen's planned Metropolitan Park casino project. Ramos consistently faced calls to introduce the legislation before state Sen. John Liu eventually introduced it earlier this year.

Ramos told QNS in May that she was disappointed that the Senate voted in favor of the legislation, which reclassifies a parking lot adjacent to Citi Field that is currently designated as public parkland, as commercial property.

Speaking during a visit to the Elmhurst Older Adult Center on Thursday, May 29, Ramos said it is a reality that three Downstate casino licenses are coming to New York City but said she believes she has "done her job" representing the views of the "vast majority" of her constituency.

"I believe in doing my due diligence. I love talking to my neighbors," Ramos said. "If you were to poll this senior center right now, they would tell you they don't want a casino. It's something that's predatory." (Source-Astoriapost)



# Zohran Mamdani is calling for city-owned grocery stores

Shah Nawaz

Of the dozens of policy proposals in Zohran Mamdani's platform, few have generated as much debate as the Democratic mayoral nominee's call for city-owned grocery stores. Progressives, food policy professors, and left-leaning publications have lauded the idea. Meanwhile, Mayor Eric Adams characterized the plan as a "false promise," while Mamdani's opponent Andrew Cuomo dismissed the idea as a "slogan" that couldn't come true. Gristedes owner and major Republican donor John Catsimatidis has threatened to close his stores rather than compete with subsidized city grocers. Both sides have largely missed a crucial point: New York already has a version of city-owned grocery stores. Namely, the six markets overseen by the city's Economic Development Corporation, a nonprofit that manages city-owned property to boost economic development. These grocers include Essex Street Market on the Lower East Side, Moore Street Market in East Williamsburg, and others in Brooklyn, the Bronx and Queens. Their purpose is not to turn a profit but to provide access to healthy and affordable groceries for underserved communities, according to an Economic Development Corporation spokesperson. These stores are given deep discounts on rent to pass savings on to customers. The debate over Mamdani's proposal gets at fundamental questions about how NYC tackles food insecurity and affordability. While critics like Catsimatidis, who has endorsed Eric Adams in the mayoral race, frame the idea as "radical socialism," the city already operates a version of it, and has for decades.

Mamdani has stayed mostly silent on the proposal since his primary victory, and his campaign did not respond to several requests for comment.

Low prices by design

People sometimes think of the Essex Street Market as a fancy food hall – and it does have stalls selling $50 balsamic vinegars or exotic alpine cheese. But it also contains a long-running meat market, a fish market, and three grocery stands, including Viva Fruits and Vegetables, which has been run by the same Dominican American family since 2000.

There are five supermarkets within a five-block radius of Essex Market, including a Trader Joe's and a Union Market. Viva beats them all on produce prices: five limes for $1, clamshells of fresh herbs for $1, two bunches of scallions for $1.50. "That's why everybody comes here," said Luci Valle, who has been shopping at Essex Market since 1974. "Because in the supermarket it's just expensive, very expensive." The low prices are by design, according to Luis Vargas of Luna Brothers Fruits and Vegetables, a stall on the other end of the market with similarly low prices. Asked how he managed to price his goods so well, Vargas replied simply: "The city." Essex is one of six public markets still standing from a LaGuardia-era effort to move pushcart vendors off the street in exchange for cheap rent in city buildings. Longtime "legacy" tenants, as the Economic Development Corporation calls them, still enjoy deep rent discounts, while newer vendors pay higher prices that are still below market-rate. The Economic Development Corporation is a quasi-public nonprofit that manages city-owned land. A spokesperson declined to state if Essex Street Market was profitable. But they confirmed that all the markets pay below-average retail rents for their area. The corporation reviews each vendor's prices before renewing their lease agreements every few years, they said.

In addition to low prices, Essex Market offers food that's difficult to find elsewhere, according to Angel Gee, who said she'd been shopping there for decades.

# Alexandria Ocasio Received Death Threat

Ajkal Desk

Rep. Alexandria Ocasio-Cortez has received death threats in recent days and had a campaign office vandalized with a message criticizing her for supporting Israel's war in Gaza, the campaign manager for the New York congresswoman said Monday.

The congresswoman's staff is discussing the situation with security officials, campaign manager Oliver Hidalgo-Wohlleben said in a social media post outlining incidents that come as Ocasio-Cortez, long a focus of animosity from conservatives, faces criticism from progressives over a recent vote on Israel.



"Last night, our campaign office in the Bronx was vandalized and we are in the processing of cleaning it up," Hidalgo-Wohlleben said on X. "In the past few days, we also have received multiple threats on the Congresswoman's life and we are treating this seriously with our security partners to make sure she, our staff, and volunteers are safe."

The New York Police Department said the vandalism is under investigation. No arrests have been made. The Capitol Police did not immediately respond to a request for comment.

Video captured by local news outlets in New York showed the message "AOC funds genocide in Gaza" written on a sign hanging in front of her campaign office in the Bronx, along with red paint splattered on the building's face.

Ocasio-Cortez has repeatedly criticized Israel's military campaign in Gaza, including labelling it a "genocide." But on Friday, she voted against an amendment to the defense spending bill offered by Georgia Republican Rep. Marjorie Taylor-Green that would have stripped funding for Israel's missile defense systems. Ocasio-Cortez ultimately voted against the defense spending bill. Her vote on the amendment provoked pushback from progressives. In a statement following the vote, the Democratic Socialists of America condemned her opposition to the amendment, which they view as support for Israel's "eliminationist campaign against the Palestinian people."

"The fact that Representative Ocasio-Cortez acknowledges that Israel is carrying out this genocide makes her support for military aid all the more disappointing and incongruous," the statement said.

Ocasio-Cortez defended her vote in a statement on social media, arguing that the amendment would have perpetuated the war in Gaza by cutting funding for Israel's defense systems without forcing an end to the larger military campaign launched in response to the Oct. 7, 2023, attack by Hamas.

"I have long stated that I do not believe that adding to the death count of innocent victims to this war is constructive to its end," she wrote on X. "I remain focused on cutting the flow of US munitions that are being used to perpetuate the genocide in Gaza."

# Trump approval rating drops in new poll

Ajkal Desk



Support for President Donald Trump's immigration policies fell in a new poll, with stark differences among Republicans and Democrats on deportations and the use of detention facilities.

The poll, released July 20 by CBS/YouGov, found that immigration is the top issue that swayed respondents' opinion on the president. Sixty-one percent said immigration and deportation policies "mattered a lot," followed by inflation and the economy. Overall, the poll puts Trump's approval rating at 42%, with disapproval at 58%. The survey previously found Trump's approval rating was 45% in June and 47% in mid-April.

In contrast, the second-term president's aggregate ratings from The New York Times and Real Clear Politics show a 44% and 45.5% approval, respectively, and a 53% and 52% disapproval.

In the latest CBS poll, 56% disapproved of the president's immigration stances, while 44% approved. That's a 10-point drop from polling at the beginning of Trump's second term in February, the outlet reported. The poll specifically asked respondents about the administration's mass deportation efforts. Support for the removals has also dropped ten points since February, with a majority now opposed. Less than half – 49% – of respondents said they approved of the deportations in July, compared to 59% in February.

"Approval of the deportation program has slipped over these months to become slightly net-negative now, with support becoming more exclusively drawn from Republicans and MAGA identifiers," CBS said after the results were released July 20. Support for Trump's immigration policies is split among party lines. Nearly all Republicans surveyed – 91% – say they approve of the president's deportation program. Among Democrats, 14% say they approve, while a majority – 86% – disapproved. Among independents, 59% were against the deportations and 41% were for them.

The administration's use of detention facilities saw similar results in the July poll, with 58% opposed and 42% in favor of their use. Support was also one sided, with 85% of Republicans approving of the detention facilities, compared to 15% of Democrats. The poll was conducted between July 16-18 among 2,343 U.S. adult respondents. It has a margin of error of ±2.5 points.



## Yunus meeting with leaders of four political parties

Ajkal Desk

Chief Adviser Prof Muhammad Yunus called a meeting today with delegations of four political parties – the BNP, Jamaat-e-Islami, National Citizen Party, and Islami Andolan Bangladesh. The meeting began at 9:00pm at the state guest house Jamuna. BNP Secretary General Mirza Fakhrul Islam Alamgir and standing committee member Amir Khosru Mahmud Chowdhury are participating on behalf of BNP.

Jamaat Nayeb-e-Ameer Syed Abdullah Mohammad Taher and Assistant Secretary General Hamidur Rahman Azad are representing Jamaat.

The NCP delegation includes its Convener Nahid Islam and Member Secretary Akhter Hossen.

Meanwhile, Islami Andolan Bangladesh presidium member Prof Ashraf Ali Khokon and joint general secretary Gazi Ataur Rahman have also joined the meeting. The meeting comes a day after a fighter jet crashed at Milestone School and College in Uttara's Diabari in the capital that left 31 people, mostly children, dead and 165 injured.

## Eminent Bangladeshi sculptor Hamiduzzaman Khan dies

Ajkal Desk



Renowned Bangladeshi sculptor and painter Hamiduzzaman Khan died while undergoing treatment at a hospital in the capital Dhaka on Sunday. He was 79. Hamiduzzaman is survived by his wife Ivy Zaman, also a renowned sculptor, and two sons, Zubair Zaman Khan Copper and Zarif Hamiduzzaman. Ivy said that Hamiduzzaman died at about 10.07am at United Medical College Hospital, Dhaka, after suffering pneumonia and dengue. Zubair Zaman said that Hamiduzzaman would be buried on Monday afternoon at his ancestral village at Sajgram in Kishoreganj beside an under construction art museum named Hamiduzzaman Khan Sangrahashala. To pay the final respects to Dhaka University's honorary professor Hamiduzzaman, his body was kept at the DU's Faculty of Fine Arts premises at 3.30pm on Sunday. All departments of the FFA placed floral wreaths there. Teacher of the sculpture department Nasimul Khabir Duke moderated the event.Besides, Bangladesh Shilpakala Acadmey, Shanto-Mariam University of Creative Technology, Dhaka Art College, Bengal Foundation, Bangladesh Asiatic Society, Gallery Cosmos, 3D Art Gallery, Samakal Shilpighoshti and theatre troupe Prachyanat, among others, placed floral wreaths at the event.

Renowned artists, including Syed Abul Barak Alvi, Jamal Ahmed, Rashid Amin, Mustapha Khalid Palash, Goutam Chakraborty and Mustafa Zaman, among others, were present at the event.

His Namaz-e-Janaza was held after the Asr prayers at the Central Mosque of Dhaka University. DU vice-chancellor Professor Niaz Ahmed Khan attended the Namaz-e-Janaza. Hamiduzzaman Khan was born on March 16, 1946, at Shohosram village near Gochihata in Katiadi under Kishoreganj district. He received his bachelor of fine arts in 1967 from the then-East Pakistan College of Arts and Crafts, now the Faculty of Fine Arts, Dhaka University.

He served as a faculty member at the sculpture department at the Faculty of Fine Arts of Dhaka University from 1970 to 2012. He earned his master's degree from the MS University of Baroda in India in 1976. His major sculptures include Ekattorer Shmorone, Songshoptok at Jahangirnagar University, Hamla at Sylhet Cantonment, Pakhi Poribar in Bangabhaban and Shantir Payra at Dhaka University's Teacher-Student Centre. In 1988, he gained international recognition when his sculpture 'Steps' was installed at the Olympic Sculpture Park in Seoul of South Korea. He was awarded Ekushey Padak in 2006 and received a fellowship from Bangla Academy in 2023.

# ICE Set To Target New York City in Largest Immigration

Ajkal Desk

U.S. Immigration and Customs Enforcement (ICE) has launched one of the largest immigration enforcement operations of 2025, targeting undocumented immigrants across New York City in a sweeping campaign that's drawing sharp criticism from local officials and immigrant advocacy groups.

The stepped-up raids, which began earlier this month and intensified over the weekend, focus on neighborhoods with large immigrant populations—part of President Donald Trump's expanded enforcement directive announced in June. ICE officials said the initiative is a direct response to what they call New York City's "defiance of federal law" through its sanctuary city policies.

**What We Know About the NYC Operation**

Hundreds of agents have been deployed across all five boroughs in the largest targeted action sinceTrump's 2025 order to increase interior deportations.

- **Targets:** ICE says it is prioritizing individuals with existing deportation orders or criminal records, but advocates claim many people with no such history are being detained.
- **Locations:** Operations are concentrated in Queens, the Bronx, and parts of Brooklyn, with reports of agents approaching people at subway stations, outside courthouses, and in residential neighborhoods.
- **Tactics:** The agency is using both marked and unmarked vehicles, knocking on doors, and relying on surveillance technology to track individuals.

Trump Administration Defends Aggressive Action




The White House issued a statement Monday defending the operation as "a necessary step to restore law and order in cities that refuse to cooperate with federal authorities." A senior DHS official accused New York City leaders of "shielding lawbreakers" and warned that more cities could face similar crackdowns.

President Trump has made immigration enforcement a cornerstone of his second-term agenda, with ICE operations increasing sharply in Los Angeles, Chicago, and Houston in recent weeks.

**NYC Officials Push Back**

New York City Mayor Eric Adams said he welcomes more ICE agents in the city if they're going to help the city go after "dangerous people", but said that "if it's going to be to go after everyday individuals who are trying to complete the path, who are trying to be a citizen, I don't think we should do that."

Public Advocate Jumaane Williams said in a statement that New York must "stand firm in its values" and continue providing legal resources and community support to those impacted.

Immigration advocacy groups, including Make the Road New York and the NYCLU, have been more vocal—organizing "Know Your Rights" campaigns and accusing the Biden and Trump administrations of failing immigrant communities through years of bipartisan enforcement tactics.

The New York Civil Liberties Union and other groups are offering legal assistance and advising residents not to open their doors to agents without a warrant. Protesters gathered Monday morning outside ICE's Manhattan office, chanting "No human is illegal" and demanding an immediate halt to the raids.

## 'টিফিন দিতে পারিনি বলেই হয়তো বেঁচে গেছে আমার ছেলেটা'

৬৪ পৃষ্ঠার পর

তিনি। তবে সোমবার ছেলেকে টিফিন দিয়ে দিতে পারেননি। তাই ছেলেকে টিফিনের জন্য টাকা দিয়েছিলেন।
তিনি বলছিলেন, 'আমি ছেলেকে বললাম আজকে তোমাকে টিফিন দিলাম না। টাকা নিয়ে যাও। স্কুলে গিয়ে কিছু কিনে খাইয়ো। পরে ও যখন নিচে নামতেছে তখন ওর স্যার ওরে নিচে নামতে নিষেধ করেছিল। তখন ও বলছে আমার কোচিং আছে। কিছু না খেলে তিনটা পর্যন্ত থাকতে পারবো না।'
'পরে স্যারকে গিয়ে অনেক জোরাজুরি করার পর অনুমতি নিয়ে আমার ছেলে নিচে নেমে আসে। সাথে ওর স্যার এবং আরেক বন্ধুও নিচে নেমে আসে। এর পর ভবন থেকে একটু সামনে আগাতেই বিকট শব্দ'।

## গদি উল্টাবার কথা ইউনূসও ভাবছেন না!

১ পৃষ্ঠার পর

গদি উল্টাবার কথা ইউনূসও ভাবছেন না!
স্বীকৃতি ও নির্বাচন কমিশন থেকে রেজিস্ট্রেশন পায়নি। এটা খুবই ভালো লক্ষণ। যেকোনো সংকটে সবার মতামত নিয়ে আগাতে হয়। কিন্তু ইউনূস সাহেবের সেটা মনে পড়ে শুধু তখনই, যখন তার গদি নিয়ে টানাটানি হয়। রাস্তায় স্লোগান ওঠে। যে সুযোগ আল্লাহ ড. ইউনূসকে দিয়েছিলেন। তিনি তা মিসইউজ করেছেন। জন্ম থেকেই ঘৃণা ও বিদ্বেষে জর্জরিত বাংলাদেশি নাগরিকদের ঐক্যবদ্ধ করার এক ঐতিহাসিক সুযোগ তার হাতে ছিল। কিন্তু সেটাকে তিনি নিজেই নস্যাৎ করেছেন। মব বাহিনী গড়ে তুলে জাতির কপালে নতুন করে দুঃখ ডেকে এনেছেন।
ব্যবসা-বাণিজ্য লাটে উঠেছে। শিক্ষা সংকটে, আইনশৃঙ্খলার কোনো তোয়াক্কা নেই। সরকার কে চালায়, সেটাই জাতি বোঝে না। আসল ক্ষমতায় কে-বিএনপি, না জামাত? নাকি ড. ইউনূস নিজেই, আর তার ব্রেইনচাইল্ড এনসিপি?
আওয়ামী লীগ এই দেশের ক্ষমতায় না থাকলে অনেকের কিছু যায় আসে না। কিন্তু ৫ আগস্টের পর থেকে তিনি যেভাবে আওয়ামী লীগের নেতাকর্মীদের উপর দোষ বিবেচনা না করে নির্বিচারে নির্যাতন চালাচ্ছেন, মব সন্ত্রাস দিয়ে সর্বমহলে আতঙ্ক সৃষ্টি করছেন, বঙ্গবন্ধু এবং মুক্তিযুদ্ধের উপর আঘাত এনেছেন-তাতে জাতি আরও টুকরো টুকরো হয়ে গেছে। ফলে শেখ হাসিনার সরকারের নানান অপকর্মের পরও এখন মানুষ বলাবলি শুরু করেছে-আওয়ামী লীগই বরং ভালো ছিল। আর মুক্তিযুদ্ধের একমাত্র ধারক ও বাহক হচ্ছে তারাই। বিএনপি, বাম কিংবা অন্যরা নয়।
আমি হতাশ-চরম হতাশ। এই জাতি '৭১ দিয়ে পারেনি, '৯০ দিয়েও পারেনি, এমনকি ২০২৪ দিয়েও নিজেদের জীবনে কোনো গুণগত পরিবর্তন আনতে পারেনি।
এখন আবার যদি কেউ আন্দোলনের স্বপ্ন দেখে, আবার যদি কেউ অভ্যুত্থান বা বিপ্লব প্রত্যাশা করে-তবে বুঝে রাখা ভালো। মানুষ আর স্বতঃস্ফূর্তভাবে রাস্তায় নামবে না।
বাঙালি জাতি বারবার দেখেছে-ক্ষমতায় যারা যায়, তারা ভুলে যায় গদি চিরস্থায়ী নয়। আর কখন গদি উল্টে যায়, কেউ জানে না। শেখ হাসিনাও সেটা ভাবেননি। দুর্ভাগ্যজনকভাবে, ড. ইউনূসও ভাবছেন না।

## ১৬টি এফ-৭ যুদ্ধ বিমানের ৪টিই বিধ্বস্ত

১ পৃষ্ঠার পর

চীনা কোম্পানি চেংদু এফ-৭ বিমান উৎপাদন বন্ধ করে দেয়। যা উৎপাদন শুরু করেছিল ১৯৬৫ সালে। বিশ্ব বাজারে অনেকটা কম দামে কেনা এমন এফ-৭ যুদ্ধ বিমানের একটি ঢাকার মাইলস্টোন স্কুলে গত ২১ জুলাই দুপুরে বিধ্বস্ত হলে বিপর্যয় নেমে আসে। চারদিকে হাহাকার আর আর্তনাদ শুরু হয়। সরকার ৩১ জনের মৃত্যুর খবর দিলেও এখনো অনেকে নিখোঁজ। আগুনের পুড়ে দগ্ধ হয়েছে অন্তত ১৭০ জন। তৎকালিন সংসদে বিএনপি সরকারের পানি সম্পদমন্ত্রী ও সংসদ বিষয়ক প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা হাফিজ উদ্দিন আহমেদ ৯৩.৬ মিলিয়ন ডলার দিয়ে চীনের কাছ থেকে ১৬টি যুদ্ধবিমান কিনতে বলে জাতীয় সংসদকে জানান। এসময় জাতীয় পার্টির সংসদ সদস্য জিএম কাদেরের এক প্রশ্নের জবাবে হাফিজ উদ্দিন বলেন, 'চীনের কাছ থেকে যুদ্ধবিমান কেনার জন্য ২০০৪-০৫ অর্থবছরে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। প্রতিটি উড়োজাহাজের জন্য ৫.৮৫ মিলিয়ন ডলার খরচ হবে'। হাফিজ উদ্দিন সংসদে বলেন, 'বিমান বাহিনীর জন্য যুদ্ধবিমান ক্রয় একটি ধারাবাহিক প্রক্রিয়া'। তৎকালিন মন্ত্রী অবশ্য ক্রয় প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত কিছু আর সংসদকে জানাননি।
এফ-৭ এর ২১ জুলাইয়ের ফ্লাইট সিডিউলের সময়টি অনেক আগেই নির্ধারিত ছিল। ফ্লাইট করার সিডিউল নিয়ে পাইলট তৌকির তার এক সিনিয়র সহকর্মীর বাবা আবদুল কাদেরের সঙ্গে কথা বলেছিলেন। আবদুল কাদের গতকাল বৃহস্পতিবার এই প্রতিবেদককে জানান, 'তৌকিরকে আমি চিনি বহু বছর ধরে। অত্যন্ত মেধাবী একজন পাইলট। তার



দ্বারা এমন ঘটনা অসম্ভব'। অনেকে প্রশ্ন তুলেছেন যান্ত্রিক ত্রুটি বলতে কোন 'জ্যামার' কি অজ্ঞাত কোন অপশক্তি ব্যবহার করেছিল? দূর থেকে জিপিএস দিয়ে ফ্লাইট নিয়ন্ত্রণ করা হয়েছিল কি-না তা নিয়ে প্রশ্ন উঠেছে। যার মাধ্যমে ফ্লাইটের পাইলট গ্রাউন্ডের সাথে সকল যোগাযোগ থেকে বিচ্ছিন্ন হয়েছিলেন। তৌকির একা ফ্লাইট করার ঠিক আগেই সহকর্মীর সাথে ফ্লাইট করেছিলেন। তখন জেট বিমানে কোন সমস্যা হয়নি। যদি 'জ্যামার' দিয়ে কমিউনিকেশন বিচ্ছিন্ন করা হয়ে থাকে তা হলে পাইলট তার গতিপথ মুহূর্তে হারাতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। গত ২১ জুলাই ঢাকায় বিমান বিধ্বস্ত হবার পর চীনা চেংদু কোম্পানির শেয়ার বাজারে গতকাল বৃহস্পতিবার ধস নেমেছে বলে জানা যায়। এফ-৭ যুদ্ধবিমানগুলি মূলত চীনের পুরনো নকশা, পুনরাবৃত্তি, প্রযুক্তিগত ত্রুটি এবং সুরক্ষাগত উদ্বেগের কারণে বাংলাদেশের জন্য বোঝা হয়ে উঠেছে। ১৯৬৫ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত চীন এফ ৭ জেট বিমান তৈরি করতো রাশিয়ার মিগ ২১ এর অনুকরণে। বিশেষজ্ঞরা বলছেন, প্রযুক্তিগত ত্রুটির কারণে উড্ডয়নের কয়েক মিনিট পরে দুর্ঘটনাটি ঘটে। যেখানে পাইলট তার প্রথম একক মিশনে জেটটিকে ঘনবসতিপূর্ণ এলাকা থেকে দূরে সরিয়ে নিতে ব্যর্থ হন। এই এলাকায় উড্ডয়নের আরেকটি কারণ হচ্ছে হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দরের একটি মাত্র রানওয়ে বাংলাদেশ বিমান বাহিনী এবং বাংলাদেশ সিভিল এভিয়েশন যৌথভাবে ব্যবহার করে। যুদ্ধবিমানগুলো যখন আকাশে টেক অফ করার প্রস্তুতি নেয় তখন ঢাকার আকাশে অপেক্ষমান বিভিন্ন দেশের যাত্রীবাহি বিমানগুলো উড়তে থাকে। জেট বিধ্বস্তের আগে পাইলট তৌকির মাইলস্টোন স্কুলের অতি কাছে বিমানবন্দরের রানওয়েতে এটিকে নিয়ে যেতে চেয়েছিলেন বলে মনে করা হয়। কিন্তু তার আগেই এটি স্কুলে ঢুকে যায়। বিধ্বস্ত হবার মুহূর্তে 'ইজেক্ট করে' পাইলট বের হয়ে আসেন। তিনি ছিটকে গিয়ে পড়েন স্কুলের প্রশাসনিক ভবনের একটি টিনের চালের ওপর। অতে তিনি চাল ভেঙে রুমের ভেতরে পড়ে আহত হন এবং হাসপাতালে চিকিৎসাধিন অবস্থায় মারা যান।
এফ-৭ বিজিআই জেটগুলি চীনের চেংদু এফ-৭ এর আপগ্রেড সংস্করণ, যা নিজেই সোভিয়েত-যুগের মিগ-২১ এর বিপরীত-ইঞ্জিনিয়ারড বৈকল্পিক, এমন একটি মডেল উৎপাদন ৪০ বছরেরও বেশি সময় পার হয়ে ২০১৩ সালে চীন সমাপ্তি ঘোষণা করে। বাংলাদেশ ২০১৩ সালে এই বিমানগুলির শেষ ব্যাচটি হাতে পেয়েছিল। তবে বিমানটির নকশা মূলত আধুনিক মানের দিক থেকে একটি পুরানো প্ল্যাটফর্ম হিসাবে রয়ে যায়।
গত দুই দশকে বাংলাদেশের বিমান বাহিনীতে রেকর্ড করা ১১টি বিমান দুর্ঘটনার মধ্যে ৭টিতে এফ-৭ সিরিজের চীনা বিমান জড়িত ছিল। যা ক্রমাগত নিরাপত্তা চ্যালেঞ্জের ইঙ্গিত দিয়ে আসছিল। তবে তা নিয়ে খুব একটা মাথা ঘামায়নি কর্তৃপক্ষ। প্রথম একটি এফ-৭ প্রশিক্ষণ যুদ্ধবিমান ঢাকা থেকে ৮৩ কিলোমিটার দূরে টাঙ্গাইলে একটি গ্রামে বিধ্বস্ত হয়। যার ফলে এর পাইলট মোরশেদ হাসান নিহত হন। যুদ্ধ বিমানটির প্যারাস্যুট ঠিকমত কাজ করেনি বলে জানা যায়। ২০১৫ সালের জুন মাসে, আরেকটি এফ-৭ যুদ্ধবিমান বঙ্গোপসাগরের উপকূলে বন্দর নগরী চট্টগ্রামের কাছে বিধ্বস্ত হয়। পাইলট লেফটানেন্ট তাহমিদকে আর খুঁজে পাওয়া যায়নি। ২০১৮ সালের নভেম্বরে, টাঙ্গাইলে আরেকটি প্রশিক্ষণ সেশনের সময় এফ-৭ বিজি বিধ্বস্ত হয়। ঢাকা থেকে উড্ডয়নের মাত্র ২৫ মিনিটের মধ্যেই মাটিতে আছড়ে পড়লে ফুয়েল ট্যাঙ্কে আগুন ধরে যায়। পাইলট উইং কমান্ডার আরিফ আহমেদ দীপু বেঁচে ফিরতে পারেননি।
এফ-৭ বিমানগুলি বাংলাদেশের জন্য বোঝা হয়ে উঠেছিল। কারণ তাদের বার্ধক্য এবং যান্ত্রিকভাবে অনিশ্চয় প্রকৃতি, অনিরাপদ ঢাকা শহরে ফ্লাইটের অবস্থার সাথে মিলিয়ে জীবনকে বিপন্ন করেছে।
বিএনপি সরকারের বিদায়ের পর আওয়ামী লীগ সরকার রাশিয়ার কাছ থেকে ১২৩.৯৮ মিলিয়ন মার্কিন ডলারে আটটি মিগ-২৯ যুদ্ধবিমান কিনেছিল যা ব্যাপক বিতর্ক সৃষ্টি করেছিল। তৎকালীন প্রধান বিরোধী দলের সাংসদ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) আখতারুজ্জামান এই ক্রয়ের বিরুদ্ধে হাইকোর্টে মামলা দায়ের করেছিলেন। অভিযোগগুলি ছিল বিমানগুলি পুরনো ছিল এবং তাতে সরকারি তহবিলের অপব্যবহার করা হয়েছিল। চুক্তির শর্ত লঙ্ঘন করে অগ্রিম অর্থ প্রদান করা হয়েছিল এবং ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতার অভাব ছিল।
মামলাটি অনুসরণ করে, হাইকোর্ট সরকারের উপর একটি রুল নিশি জারি করে এবং কেন ক্রয় চুক্তিকে অবৈধ ঘোষণা করা উচিত হবে না তা ব্যাখ্যা করতে বলেন আদালত। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিমান কেনার বিষয়ে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অন্যান্যদের বিরুদ্ধে দুর্নীতির মামলা দায়ের করে।
এভিয়েশন বিশ্লেষক কাজী ওয়াহিদুল আলম উল্লেখ করেন যে, এই ধরনের অপারেশনগুলি মারাত্মক ঝুঁকি তৈরি করে। বিশেষ করে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কাছে, যা সামরিক ও বাণিজ্যিক উভয় বিমান একই রানওয়ে থেকে পরিচালনা করা হয়। বিমান বাহিনীর প্রধান এয়ার মার্শাল প্রধান হাসান মাহমুদ খান বলেন, জাতীয় নিরাপত্তার জন্য ঢাকায় 'একটি শক্তিশালী বিমান ঘাঁটি' থাকা অপরিহার্য এবং জনগণকে গুজবের মাধ্যমে বাংলাদেশ বিমান বাহিনীকে দুর্বল না করার আহ্বান জানান তিনি।
ইউরোফাইটার বা জেএফ-১৭ জেট কেনার পরিকল্পনায় অগ্রগতি দেখা গেলেও বাংলাদেশের সীমিত বাজেট এবং জটিল ক্রয় প্রক্রিয়ার কারণে এফ-৭ কেনা হয়। 'এফ-৭ বিজিআই' হল এফ-৭ এর একটি আপগ্রেড সংস্করণ। চীনা-ডিজাইন করা সোভিয়েত ইউনিয়ন যুগের মিগ-২১ মডেলে এটি করা হয়েছিল।
থিঙ্ক ট্যাংকের ইউরোপীয় শাখার প্রতিরক্ষা কৌশল, নীতি ও সক্ষমতার গবেষণা প্রধান জ্যাকব প্যারাকিলাস বলেন, 'এটি একটি খুব পুরনো বিমানের তুলনামূলকভাবে নতুন সংস্করণ। সর্বশেষ এফ-৭ বিজিআই ২০১৩ সালে উৎপাদন বন্ধ করে দেয়। প্যারাকিলাস বিবিসিকে বলেন, এফ-৭ একটি ইন্টারসেপ্টর বিমান হিসাবে ডিজাইন করা হয়েছিল। মূল মডেলটি পুরনো হওয়ার বিষয়টি স্বয়ংক্রিয়ভাবে এটিকে অনিরাপদ করে তোলে না।'
ইউ. কে. ভিত্তিক প্রতিরক্ষা থিঙ্ক ট্যাঙ্ক, ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজিক স্টাডিজ (আইআইএসএস) অনুসারে বর্তমানে বাংলাদেশ বিমানবাহিনীতে ১২টি এফ-৭ বিজিআই জেট, ১১টি এফ-৭ বিজি এবং ৭টি এফ-৭ এমবি বিমান রয়েছে। বাংলাদেশ সোভিয়েত যুগের হাতে গোনা কয়েকটি মিগ-২৯ বিমানও পরিচালনা করে।
এফ-৭ বিজিআইকে একটি বার্ধক্যজনিত প্ল্যাটফর্ম বলা হয়। একটি বাজেট-বান্ধব মাল্টিরোল বিমান হিসেবে বাজারজাত করা হয়েছে। সীমিত বাজেটের অনেক বিমান বাহিনীর জন্য, এফ-৭ বিজিআই-এর মতো বিমান প্রশিক্ষণের জন্য সাশ্রয় এবং কর্মক্ষমতার মধ্যে ভারসাম্য বলে মনে করা হয়।





## আটলান্টিক সিটিতে বর্ণিল বাংলাদেশ মেলা

আজকাল রিপোর্ট

আটলান্টিক সিটির সেন্ড ক্যানাল স্টেডিয়াম এর সম্মুখস্থ সুবিশাল প্রান্তরে অনুষ্ঠিত হলো 'বাংলাদেশ মেলা ২০২৫'। মেলার অন্যতম আয়োজনের মধ্যে ছিল কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা, গুণীজন সম্মাননা, আইভি লীগ কলেজে ভর্তির যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান, দেশীয় দ্রব্য সামগ্রীর বিকিকিনি, দেশীয় খাবারের স্টল, র‍্যাফেল ড্র, সাংস্কৃতিক অনুষ্ঠান।
আটলান্টিক সিটি থেকে সুব্রত চৌধুরী জানান, বাংলাদেশ মেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিটির মেয়র মার্টি স্মল সিনিয়র। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইকটন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ শাহ আলম খান প্রমুখ। এছাড়া অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নিউজার্সি রাজ্যের এসেম্বলিম্যান ডন গার্ডিয়ান সহ কমিউনিটির নেতৃবৃন্দ।
বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশনের পর বেলুন উড়িয়ে 'বাংলাদেশ মেলা'র শুভ উদ্বোধন করেন অধ্যাপক ড. মোঃ শাহ আলম খান। বাংলাদেশ মেলায় একাত্তরের বীর শহীদদের স্মরণে ও মাইলস্টোন স্কুলে বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।
এসময় বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম খোকন, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আব্দুর রকিব, বাংলাদেশ মেলার আহবায়ক সিরাজুল ইসলাম, সদস্য সচিব বেলাল হোসেনসহ বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
বাংলাদেশ মেলায় লাইফ টাইম এচিভমেন্ট পুরস্কার দেওয়া হয় বিশিষ্ট কমিউনিটি ব্যক্তিত্ব গিয়াস উদ্দীন পাঠানকে। বাংলাদেশ মেলার ব্যতিক্রমী আয়োজন ছিল 'এসটিভি রোবট' এর অংশগ্রহণ। মেলার দর্শকেরা তাদের সাথে নেচে গেয়ে আনন্দ উপভোগ করে। অনুষ্ঠানে বিএএসজের সাংগঠনিক সম্পাদক শাহরিয়ার আহমেদ এর সম্পাদনায় প্রকাশিত 'উৎসব' সংকলন এর মোড়ক উন্মোচন করা হয়। বাংলাদেশ মেলায় বিভিন্ন স্টলে দেশীয় পণ্য ও খাবারের স্টলগুলোতে বিকিকিনি ছিল লক্ষণীয়। বাংলাদেশ মেলার অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন প্রবাসের জনপ্রিয় উপস্থাপক এ কুলকুল হাসান। মেলায় সংগীত পরিবেশন করেন বাংলাদেশের জনপ্রিয় সংগীত শিল্পী দিলাত জাহান মুন্নি, চন্দ্রা বিশ্বাস, শিব শংকর দাস বাউল, সুজন আতিক, জয়ন্ত সিনহা, আসিফ আনোয়ার, বিপ্লব হোসেন প্রমুখ মেলার দর্শকেরা তাদের সাথে নেচে গেয়ে আনন্দ উপভোগ করেন র‍্যাফেল ড্রর মাধ্যমে বাংলাদেশ মেলার সমাপ্তি ঘটে।


















ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যাতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেল না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু নাস্ লিয়াক' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি ভাষ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন দুষ্কর্মের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সাল্লাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা [illegible] বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার লাহক্কিয়ানপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)




## যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের বিক্ষোভ সেনাবাহিনীকে নিষিদ্ধের দাবী

৬৪ পৃষ্ঠার পর

শান্তিরক্ষা মিশনে নিষিদ্ধ করার দাবি জানাচ্ছি। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ এবং এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরের সামনে বিক্ষোভ সমাবেশে এমন দাবি জানান।

বিক্ষোভ সমাবেশে বক্তারা অভিযোগ করেন, গত বছরের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর গণমাধ্যমে প্রদত্ত বক্তব্যে সেনা প্রধান ওয়াকারউজ্জামান অঙ্গীকার করেছিলেন যে তিনি জনগণের জানমালের নিরাপত্তার দায়িত্ব নিয়েছেন। এরপর গঠিত অন্তর্বর্তী সরকারও বাংলাদেশের সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দিয়েছে আনুষ্ঠানিকভাবে। কিন্তু বাস্তবে জানমালের নিরাপত্তায় সেনাবাহিনীকে ন্যূনতম দায়িত্ব পালন করতে দেখা যায়নি।

বক্তারা বলেন, ৫ আগস্ট থেকে ১৫ জুলাই পর্যন্ত আওয়ামী লীগের শতশত নেতা-কর্মী-সমর্থককে প্রকাশ্যে হত্যা, তাদের বাড়ি-ব্যবসা প্রতিষ্ঠানে লুটতরাজ শেষে জ্বালিয়ে দেয়ার ঘটনা ঘটেছে। বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত ৩২ নম্বরের বঙ্গবন্ধু ভবনটি বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেয়া হয়েছে সেনাবাহিনীর সামনে। কখনো সেনা-বাহিনীকে তৎপর হতে দেখা যায়নি বলে অভিযোগ করেন বক্তারা।

তারা বলেন, বাংলাদেশে মানবাধিকার লঙ্ঘনের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে পড়েছে সেনাবাহিনী। এ কারণে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালনের ন্যূনতম যোগ্যতাও থাকতে পারে না সেই বাহিনীর কোন সদস্যের-এমন গুরুতর অভিযোগে বক্তব্য প্রদানের পর আওয়ামী লীগের নেতৃবৃন্দ জাতিসংঘ মহাসচিব বরাবরে একটি স্মারকলিপি প্রদান করেন।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি স্বাক্ষরিত এই স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে, ১৬ জুলাই জাতীয় নাগরিক পার্টির (এনসিপি)







সমাবেশকে কেন্দ্র করে গোপালগঞ্জের প্রতিবাদী জনসাধারণের ওপর বর্বর হামলা চালানো হয়েছে। ইউনূস সরকারের মদদে সেনাবাহিনী ও পুলিশসহ আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অন্তত: ৯ জন নিরীহ মানুষকে হত্যা করেছে। ময়না তদন্ত ছাড়া লাশ দাফনে বাধ্য করা হয়েছে। অসংখ্য মানুষ আহত হয়েছে। হাজার হাজার মানুষের বিরুদ্ধে মামলা দিয়ে গণগ্রেপ্তার করা হচ্ছে। স্মারকলিপিতে আরো উল্লেখ করা হয়েছে, বাংলাদেশের ইতিহাসে ১৬ জুলাই যুক্ত হয়েছে আরেকটি কালো অধ্যায়। এ দিনটি যেন একাত্তরের ২৫ মার্চের বিভীষিকাকেও নতুন করে মনে করিয়ে দিয়েছে। এদিন গোপালগঞ্জে যা ঘটেছে, তা কেনো রাজনৈতিক উত্তেজনা নয়। এটি ছিল পূর্বপরিকল্পিত, নির্মম, রাষ্ট্রীয় সন্ত্রাসের নগ্ন উদাহরণ। সেদিন গণতন্ত্র, মানবাধিকার ও নাগরিক স্বাধীনতার রক্তাক্ত পরিণতি ঘটেছে। এই ঘটনা ইতিহাসে একটি রক্তাক্ত দাগ হয়ে থাকবে। এটি আমাদের স্বাধীনতা, গণতন্ত্র ও মানবাধিকারের ওপর সরাসরি আঘাত। এই ঘটনায় ন্যায়বিচার প্রতিষ্ঠা হয়নি। এর দায় রাষ্ট্রের প্রতিটি স্তরের। এই ঘটনা বর্তমান রাষ্ট্রব্যবস্থার প্রকৃত চরিত্রকে প্রশ্নবিদ্ধ করেছে। গোপালগঞ্জে গণতন্ত্রের কবর রচনা হয়েছে বলে উল্লেখ করে স্মারকলিপিতে বলা হয়, ১ জুলাই থেকে জাতীয় নাগরিক পার্টি (এন-সিপি) দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে ১৬ জুলাই 'মার্চ টু গোপালগঞ্জ' ও সমাবেশের ডাক দেয়। কিন্তু এই তথাকথিত কর্মসূচির আড়ালে ছিল সুপরিকল্পিত ষড়যন্ত্র। তাদের লক্ষ্য ছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মভূমি গোপালগঞ্জকে কলঙ্কিত করা। । তাঁর স্মৃতি ও আদর্শকে অপমান করা। সর্বোপরি জাতির পিতার মাজারে আঘাত হানার মতো জঘন্য সন্ত্রাস সৃষ্টি করা। গোপালগঞ্জবাসী, বঙ্গবন্ধুর আদর্শের প্রতি সম্মান দেখিয়ে এবং জাতির মর্যাদা রক্ষায় রাজপথে নেমেছিল এই ষড়যন্ত্র প্রতিরোধে। নারী, তরুণ এমনকি বৃদ্ধরাও রুখে দাঁড়িয়েছিলেন দেশদ্রোহী চক্রান্তকারীদের বিরুদ্ধে। জনসাধারণের এই প্রতিরোধ আন্দোলনের জবাবে যা ঘটল তা কল্পনাকেও হার মানায়। অন্তর্বর্তী সরকারের ছত্রছায়ায় সশস্ত্র বাহিনী, পুলিশ, র‍্যাব, আনসার-সহ সকল রাষ্ট্রীয় বাহিনী গোপালগঞ্জে আসে এক ভয়ঙ্কর অভিযান চালাতে। জনতার ওপর গুলি চালায়। লাঠিচার্জ করে। বুটের তলায় মাড়ায়। রাস্তায় পড়ে থাকা নিরীহ মানুষকে খুঁচিয়ে পিষে মারার দৃশ্য সরাসরি সম্প্রচার করে দেশের গণমাধ্যম। সেদিন ৯ জন নিরস্ত্র মানুষ প্রাণ হারান। আহত হন শতাধিক। রাজপথে আহত মৃত্যুপথযাত্রী তরুণ সোহেল রানাকে টেনে-হিঁচড়ে রাজপথে বুটের তলায় গলা চেপে মৃত্যু নিশ্চিত করা হয়। এ দৃশ্য দেখে কাঁদেনি এমন মানুষ নেই। সরাসরি সম্প্রচারে দেখা যায় রমজান কাজী নামের আরেক তরুণকে পুলিশের হেফাজতে নির্যাতিত হতে। কয়েক ঘণ্টার মধ্যে ফিরিয়ে দেওয়া হয় তার রক্তাক্ত, গুলিবিদ্ধ লাশ। রমজানের অপরাধ, সে বঙ্গবন্ধুর সমাধি রক্ষা করতে চেয়েছিলেন।

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে প্রশংসিত সেনাবাহিনী কীভাবে নিজ দেশে এত নিষ্ঠুর হতে পারে? এ প্রশ্ন উঠেছে আজ বিশ্বজুড়ে। গোপালগঞ্জে যা ঘটেছে, তা আন্তর্জাতিক মানবাধিকার সনদের প্রতি স্পষ্ট অবমাননা। নিরস্ত্র জনগণের উপর সরাসরি গুলিবর্ষণ, বিচার বহির্ভূত হত্যা এবং ময়না তদন্ত ছাড়াই দাফনের ঘটনাগুলো প্রমাণ করে গোপালগঞ্জে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় একটি গণহত্যা সংঘটিত হয়েছে।

নিহতদের পরিবার জানিয়েছে, তাদের সন্তানদের মরদেহ ময়না তদন্ত ছাড়াই দাফন করতে বাধ্য করা হয়েছে। কোনো সরকারি সহায়তা আসেনি, বরং লাশ নিয়েও মামলা না করতে হুমকি এসেছে প্রশাসনের তরফ থেকে। গণতন্ত্রে যেখানে প্রতিটি প্রাণের মূল্য থাকার কথা, সেখানে গোপালগঞ্জে জীবন মানে শুধু সংখ্যা। রাষ্ট্র চায় এই রক্তের দাগ মুছে ফেলতে। সত্য গোপন করতে।




বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। সভা পরিচালনা করেন যুগ্ম সাধারণ সম্পাদক নুরুল আমিন বাবু। নেতৃবৃন্দের মধ্যে ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ-সভাপতি ডা. মাসুদুল হাসান, সহ-সভাপতি সাহাবুদ্দীন আজাদ, আশরাফ উদ্দীন, সাংগঠনিক সম্পাদক ইমদাদ চৌধুরী, প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল হামিদ, কার্যকরী সদস্য শাহানারা রহমান, জহিরুল ইসলাম, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগের সভাপতি মমতাজ শাহনাজ, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান, সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, যুবলীগের সাবেক কেন্দ্রীয় নেতা সাখাওয়াত হোসেন চঞ্চল, আওয়ামী লীগ নেতা ইকবাল হোসেন, যুক্তরাষ্ট্র যুবলীগ নেতা শেখ জামাল হোসেন, স্বেচ্ছাসেবক লীগ নেতা ইকবাল হোসেন ,গোলাম কিবরিয়া ও ছাত্রলীগ নেতা মাহবুবুল হাসান।

এ সময় জানানো হয়, আজ শুক্রবার ২৫ জুলাই বেলা ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ওয়াশিংটন ডিসিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সামনে আবারো মানববন্ধন শেষে স্মারকলিপি প্রদান করা হবে ট্রাম্প প্রশাসনের হস্তক্ষেপ কামনায়।

## ব্রুকসের পথমেলা ৩১ আগস্ট

৬২ পৃষ্ঠার পর

সুরজিৎ কিশোর দাস চৌধুরী, প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, দপ্তর সম্পাদক আবুল কালাম আজাদ, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মিথুন আর সেন, যুব ও ক্রীড়া সম্পাদক রায়হান পারভেজ, ধর্ম সম্পাদক সফিকুর রহমান, আপ্যায়ন সম্পাদক গুলজার হোসেন, কার্যকরী সদস্য বিলাল ইসলাম, জহিরুল হক, আশফাকুল হক চৌধুরী, বিজয় কৃষ্ণ সাহা, চৌধুরী মোহাম্মদ মুমিত তানিম প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে স্টার্লিং বাংলাবাজারে ৩১ আগস্ট, রবিবার দিনব্যাপী পথমেলার আয়োজন করার সিদ্ধান্ত হয়। একই সঙ্গে এ পথমেলায় প্রবাসী সবাইকে সপরিবারে অংশগ্রহণ করার আহ্বান জানানো হয়।

## আমেরিকান পাসপোর্টধারী এক বাংলাদেশির ডিপোর্টেশন

১ পৃষ্ঠার পর

বৈধতা পান। কমিউনিটির পরিচিত মুখ। অর্জন করেছেন আমেরিকান নাগরিকত্ব। পরিবার পরিজন নিয়ে বসবাস করেন কুইন্সে।

বাংলাদেশে গত কয়েক বছর ধরে ব্যবসা বানিজ্য শুরু করেছেন। অনেক অর্থ বৈভবের মালিক তিনি। নিউইয়র্কে আসা যাওয়ার মধ্যে রয়েছেন। এখন বছরের ৬ মাসই থাকেন ঢাকায়। সম্প্রতি তার ওপরে বিড়ম্বনার খড়গ নেমে আসে। বাংলাদেশ থেকে নিউইয়র্ক আসছিলেন। জেএফকে বিমানবন্দরের ইমিগ্রেশন কর্মকর্তারা তাকে আটকে দেন। আমেরিকান পাসপোর্টধারী জাহিদ চ্যালেঞ্জ করেন। অফিসাররা কিছুই শুনতে নারাজ। ফেরত পাঠিয়ে দিলেন ঢাকায়।

তাকে এই ডিপোর্টের ঘটনা কমিউনিটিতে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আমেরিকান পাসপোর্ট থাকার পরও ডিপোর্ট করার ঘটনা প্রথম জনসম্মুখে এলো। এতদিন আতঙ্কিত ছিল গ্রীনকার্ডধারীদের। জাহিদের ডিপোর্টের ঘটনায় নতুন মাত্রা যোগ হলো। ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেবার পর থেকেই ইমিগ্রান্টদের ওপর খড়গ নেমে এসেছে। একের পর এক অভিবাসীদের বিরুদ্ধে বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। ন্যাচারালাইজড সিটিজেনরা কিভাবে নাগরিকত্ব পেয়েছেন তা খতিয়ে দেখা হচ্ছে। অতীতে অনেকেই একাধিক নামে এদেশে আইনগতভাবে বসবাস করার জন্য আবেদন করেছেন। এসাইলাম চেয়েছেন। নাম বদল করেছেন। তাদের নামে একাধিক সোশাল সিকিউরিটি নাম্বারও রয়েছে। পরবর্তীতে নানাভাবে অনেকেই এদেশে স্থায়ীভাবে বসবাসের সুযোগ পেয়েছেন। পেয়েছেন নাগরিকত্বও। কিন্তু ট্রাম্প প্রশাসনের ইমিগ্রেশন কর্মকর্তারা অতীত রেকর্ড খতিয়ে দেখা শুরু করেছেন। বিশেষ করে সন্দেহভাজনদের দিকেই নজর বেশি তাদের। যাদের গতিবিধি অস্বাভাবিক ও ক্রাইম রেকর্ড দৃশ্যমান তাদের খুঁটিনাটি দেখা হচ্ছে। অতীতে ইমিগ্রেশন স্ট্যাটাস প্রাপ্তিতে যারা ফ্রডের আশ্রয় নিয়েছেন তাদের কপালেই শনির দশা নেমে আসছে। এ ব্যাপারে বাংলাদেশি এটর্নি মঈন চৌধুরী সবাইকে সতর্কভাবে চলাফেরা করতে পরামর্শ দিয়েছেন। ইমিগ্রান্ট কমিউনিটির নাজুক এই পরিস্থিতিতে কোন ধরনের অপরাধ ও অনিয়মে জড়ানো থেকে বিরত থাকার আহবান জানিয়েছেন তিনি।

## বিমান বিধ্বস্ত নিয়ে সরকারের ভূমিকা প্রশ্নের মুখে

১ পৃষ্ঠার পর

হতাহতের মর্মান্তিক ঘটনার পরবর্তী পরিস্থিতি সামাল দেওয়ার ক্ষেত্রে অন্তর্বর্তী সরকার সমন্বয়হীনতা ও ব্যর্থতার নজির স্থাপন করেছে বলে বিশ্লেষকেরা মনে করেন। এই ঘটনায় সরকারের সক্ষমতা নিয়ে যেমন প্রশ্ন উঠেছে। একইসঙ্গে প্রশ্ন উঠেছে--জনবহুল এলাকায় কেন যুদ্ধবিমান চালানোর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এবং ঘটনার দায় কার? একসঙ্গে এত শিশুর মৃত্যু কমই দেখেছে বাংলাদেশ। গত সোমবার যুদ্ধবিমান প্রশিক্ষণের সময় বিধ্বস্ত হয়ে স্কুলটিতে আছড়ে পড়লে শিশুদের মর্মান্তিক মৃত্যু ও হতাহতের ঘটনা দেশজুড়ে মানুষের মাঝে আবেগ সৃষ্টি করে। কিন্তু পরবর্তী পরিস্থিতি সামলাতে সরকার যে সব পদক্ষেপ নেয়, প্রতিটি পদক্ষেপ নিয়েই প্রশ্ন ওঠে এবং নানা আলোচনার জন্ম দেয় বলে বিশ্লেষকেরা মনে করেন। তারা বলছেন, এই ঘটনায় সরকারের সিদ্ধান্ত নিতে গড়িমসি, সমন্বয়ের ঘাটতি, দক্ষতার অভাব স্পষ্ট হয়েছে। বড় কোনো দুর্ঘটনা সামাল দিতে জাতীয় সক্ষমতা, ব্যবস্থাপনা কতটা ভঙ্গুর, তা আরেকবার প্রকাশ পেয়েছে।

বিমান আছড়ে

## শোকে মুহ্যমান বাংলাদেশ

১ পৃষ্ঠার পর

পড়েছে শিশুর ক্লাসে। আগুন থেকে শিশুদের উদ্ধারে ঝাঁপিয়ে পড়েছেন শিক্ষিকা মাহরিন। ২০ শিশুকে বাঁচিয়ে মৃত্যুর কোলে ঢলে পড়েছেন নিজে। শ্বাসরুদ্ধকর। হিম হয়ে আসে শরীর। শিশুরা পুড়ছে। গলে গলে যাচ্ছে লাশ। আইডি কার্ড ছিন্ন-বিচ্ছিন্ন। ডিএনএ টেস্ট করে লাশ শনাক্ত হচ্ছে। লাশ নয় যেন, পুড়ে অঙ্গার হওয়া টুকরো টুকরো পিণ্ড। এমন দৃশ্য কখনও কল্পনা করেনি বাংলাদেশ। এমন ঘটনা সিনেমা কিংবা নাটকে কিংবা কল্পিত চরিত্রে দেখা গেলেও বাস্তবে তা ভাবা যায় না। কিন্তু অবিশ্বাস্য এমন ঘটনাই প্রত্যক্ষ করলো বাংলাদেশ। দিয়াবাড়ির মাইলস্টোন স্কুল ও কলেজে এখন পর্যন্ত মৃতের তালিকায় আছে ৩২ জন। প্রতিবেশি ভারতসহ অনেক দেশই আহতদের নিয়ে চিকিৎসা দিতে আগ্রহ প্রকাশ করেছে। কিন্তু জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইন্সটিটিউটের পরিচালক ডা. নাসির উদ্দিন বলেছেন, চিকিৎসাধীন রোগীদের বিদেশে নেবার কোনও অবস্থা নেই। ফলে সর্বোচ্চ চিকিৎসার দাবিটা জোরালো হচ্ছে। মাইলস্টোনের ছেলে-মেয়েরা একটাই আতঙ্ক যে, মৃতের সংখ্যা নিয়ে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে বলে সন্দেহে দুই উপদেষ্টা দশ ঘণ্টা অবরুদ্ধ ছিলেন। আইন উপদেষ্টা আসিফ নজরুল এবং শিক্ষা উপদেষ্টা সি আর আবরারকে ছাড়াতে শেষ পর্যন্ত আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বল প্রয়োগ করতে হয়েছে। আইএসপিআর বলছে, বিমান বাহিনীর জঙ্গি বিমানটি প্রশিক্ষণের কাজে ব্যবহার হচ্ছিল। হঠাৎ যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। পাইলট ফ্লাইট লেফটেন্যান্ট তৌকির বিমানটিকে খোলা জায়গায় অবতরণের লক্ষ্যে প্রাণান্ত প্রচেষ্টা করেছেন। এটি দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি শ্রেণিকক্ষে ঢুকে পড়ে। তারপর বিমানটি ধ্বংস হয়। আগুন জ্বলে যায়। স্কুল ছুটি হয়ে যাওয়ায় দুই শতাংশ ছাত্রও ছিলো না। তবে সবচেয়ে দুঃখজনক ঘটনা হলো, একদম শিশু বাচ্চারা এই ঘটনায় নিহত হয়েছে বেশি। ভবনটি কম উঁচু এবং শক্তিশালী হওয়ায় ভেঙে পড়েনি।

এরই মধ্যে ঘটে গেছে অনেক হৃদয়বিদারক ঘটনা। মাহরিন নামের এক শিক্ষক প্রায় ২০ জন শিশুকে প্রাণে বাঁচিয়ে নিজেই পৃথিবী থেকে বিদায় নিয়েছেন। গৃহবধূ লামিয়া আখতার সোনিয়া। তার মেয়ে জায়রা পড়তো রাজধানীর উত্তরার দিয়াবাড়ি এলাকার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের তৃতীয় শ্রেণিতে। প্রতিদিনের ন্যায় গত ২১ জুলাই স্কুলে যায় জায়রা। আর মা লামিয়া যায় মেয়েকে আনতে। এরই মধ্যে ঘটে বিপত্তি। মাইলস্টোনের স্কুল ভবনে বিধ্বস্ত হয় প্রশিক্ষণ বিমান। আর এতেই গুরুতর দগ্ধ হন মা লামিয়া। মেয়ে জায়রা প্রাণে বাঁচতে পারলেও মৃত্যুর কোলে ঢলে পড়েন এ মা। মৃত্যুর চারদিন পর বৃহস্পতিবার (২৪ জুলাই) সন্ধ্যায় ডিএনএর মাধ্যমে শনাক্ত হয়েছে লাশের পরিচয়।

নিহত লামিয়া সাভার উপজেলার বাড়িবাড়ি এলাকার সাবেক ওয়ার্ড ইউপি সদস্য বাবুল হোসেনের মেয়ে ও উত্তরার ১৮ নম্বর সেক্টরের ব্যবসায়ী আমিরুল ইসলাম জনির স্ত্রী।

লামিয়ার লাশ শনাক্তের বিষয়টি নিশ্চিত করেছে নিহতের ভাই মোহাম্মদ তুলা। তিনি বলেন, বাবার দেওয়া ডিএনএ স্যাম্পলের সঙ্গে মর্গে থাকা একটি লাশের মিল পাই। পরে আমাদের বিষয়টি জানানো হয়। আমরা লাশ নিতে পরিবারসহ হাসপাতালে যাচ্ছি। এদিকে, লামিয়ার মৃত্যুর খবরে কান্নায় ভেঙে পড়ে পরিবারের সদস্যরা। শত শত মানুষ ভিড় করে লামিয়ার বাবার বাড়িতে। আন্টি জায়রার বরাতে তুলা বলেন, 'ঘটনার কয়েক সেকেন্ড আগে জায়রাকে ব্যাগ নিয়ে নীচে আসতে বলে লামিয়া। এরপরই বিমান বিধ্বস্ত হয়। আগুনে দগ্ধ হয় লামিয়া। পরে সেনাবাহিনী আন্টিকে তার সহপাঠীদের সঙ্গে উদ্ধার করলেও আমার বোনকে পাওয়া যাচ্ছিল না। গত ৪ দিন ধরে বিভিন্ন হাসপাতাল ও মর্গে খোঁজাখুঁজি করেও তার হদিস পায়নি। নিহতের বাবা বাবুল হোসেন বৃহস্পতিবার সকালে বলেন, আমার মেয়েকে উত্তরার ১৮ নম্বর সেক্টরের ব্যবসায়ী আমিরুল ইসলাম জনির কাছে বিয়ে দিয়েছিলাম। তাদের একমাত্র সন্তান জায়রা। নাতনি মাইলস্টোন স্কুলের তৃতীয় শ্রেণিতে পড়তো। মেয়ে তাকে স্কুল থেকে আনতে গিয়েছিল। ঘটনার দেড় ঘণ্টা পর জায়রাকে সেনাবাহিনীর সদস্যরা উদ্ধার করে স্বজনদের কাছে হস্তান্তর করে। কিন্তু আমার মেয়েকে পাওয়া যাচ্ছিল না।

এ বাবা আরও বলেন, লামিয়ার আগুনে পোড়া এনআইডি কার্ড উত্তরার একজন ব্যক্তির কাছে পাই। ওই লোক বলেছিল, লামিয়াকে দগ্ধ অবস্থায় সেনাবাহিনীর এক অ্যাম্বুলেন্সে তুলে দেওয়া হয়েছে। ওই সময় তার শরীর দগ্ধ অবস্থায় থাকলেও সে

# হ্যান্ডস অন ফিসিক্যাল থেরাপি রিহাবিলেইশন

## এ. ভূঁইয়া

এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## আবারও মৃত্যুর মিছিল: আমরা ভুলে যাই মায়াকান্নায় প্রতিকারও হারিয়ে যায়

১০ পৃষ্ঠার পর

কিছু পদক্ষেপ হাতে নেওয়ার ব্যাপারে ইতিবাচক আলাপ শুরু করব।

এ ধরনের দুর্ঘটনা মোকাবিলার কিছু সমস্যা আমরা সব সময় দেখে থাকি, সেটি হলো ঘটনাস্থলে উৎসাহী জনতার ঢেউ, যা সব সময় উদ্ধারকাজে নানাভাবে প্রতিবন্ধকতা তৈরি করে। সমাজের মানুষ হিসেবেও আমাদের আরও যৌক্তিক আচরণ করতে হবে। জনগণের অনেকে যেমন নিজ উদ্যোগে সাহায্যের জন্য এগিয়ে আসেন, আবার অনেকের জড়ো হয়ে থাকার জন্য উদ্ধারকাজ নানাভাবে ব্যাহত হয়।

এ ধরনের গণসচেতনতাও আমাদের মধ্যে নিয়ে আসতে হবে। প্রয়োজনে গণসচেতনতামূলক কার্যক্রম হাতে নিতে হবে। উদ্ধারের পরে আসে জরুরি স্বাস্থ্যসেবার বিষয়টি। জরুরি স্বাস্থ্যসেবা প্রদানের ক্ষেত্রে আমাদের সক্ষমতা বৃদ্ধির জন্যও কাজ করে যেতে হবে। কিছু হলেই বিদেশে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা বিদেশ থেকে বিশেষজ্ঞ নিয়ে আসার প্রতিশ্রুতির যে ঐতিহাসিক প্রবণতা, সেটি থেকে পরিত্রাণের জন্য আমাদের নিজেদের সক্ষমতা বৃদ্ধিতে দীর্ঘমেয়াদি পদক্ষেপ যদি এখনো না নেওয়া হয়, তাহলে আর কবে সে বিষয়ে আমরা ভাবব।

শিগগিরই আমরা একটি মধ্যম আয়ের দেশে রূপান্তরিত হতে যাচ্ছি, অথচ আমরা যদি আমাদের জনগণের যথাযথ চিকিৎসাসেবা, বিশেষ করে আপৎকালীন চিকিৎসাসেবার নিশ্চয়তা দিতে না পারি, তাহলে সেটা হবে জাতি হিসেবে আমাদের জন্য একটি চূড়ান্ত ব্যর্থতা। এর সঙ্গে রয়েছে তাদের মানসিক স্বাস্থ্যের বিষয়টি।

আমরা জুলাই গণ-অভ্যুত্থানের পরপরই দেখেছিলাম আমাদের ছাত্রছাত্রীদের মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে, সেটি কতটা হয়েছে আমরা জানি না। কিন্তু এই কোমলমতি শিশুদের যারা সারাটি জীবন এ ট্রমা বা মানসিক আঘাত বয়ে বেড়াবে, তার যথাযথ সেবার নিশ্চয়তা আমাদের করতে হবে।

মানসিক স্বাস্থ্যসেবা একটি উপেক্ষিত বিষয় হলেও আমাদের এ প্রেক্ষাপটে শিশু ও তাদের পরিবারের সদস্যদের সঙ্গে সঙ্গে স্কুলের শিক্ষকদেরও মানসিক স্বাস্থ্যের বিষয়টি নিয়ে জরুরি পদক্ষেপ নিতে হবে। কেননা, এমন একটি দুর্ঘটনার অভিজ্ঞতার মধ্য দিয়ে যাওয়া একজন মানুষকে সেই মানসিক আঘাত সারা জীবন বয়ে বেড়াতে হতে পারে। তাই এর যথাযথ ব্যবস্থাপনা জরুরি।

রাষ্ট্রীয় ব্যবস্থার মাধ্যমে স্কুলকে এ বিষয়ে যথাযথ সাহায্য নিশ্চিত করতে হবে।

এই দুর্ঘটনার পরপরই অনেকেই প্রশ্ন তুলেছেন, এ ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা ঢাকার মতো এমন একটি জনাকীর্ণ স্থানে হওয়া কতটা যুক্তিসংগত। এই দুর্ঘটনার পর নিশ্চয় কর্তৃপক্ষ রাজধানী শহরের প্রাণকেন্দ্রে তরুণ বৈমানিকদের প্রশিক্ষণের বিষয়টি নিয়ে ভাববে।

এর সঙ্গে উন্নত প্রযুক্তিসম্পন্ন ও আধুনিক প্রশিক্ষণ বিমানের মাধ্যমে তরুণ বৈমানিকদের প্রশিক্ষণের ব্যবস্থা করবে, সেটাও আমাদের প্রত্যাশা থাকবে। তাঁদের নিরাপত্তার কথাও যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে।

সবশেষে বলব, রাষ্ট্রকে তার জনগণের জন্য একটি মর্যাদাপূর্ণ ও নিরাপদ জীবনের নিশ্চয়তা দিতে যা করণীয়, তা করতে হবে। তা বাস্তবায়ন করার জন্য আর বসে থাকার মতো কোনো সময় আমাদের হাতে নেই।

বুলবুল সিদ্দিকী নৃবিজ্ঞানের সহযোগী অধ্যাপক, রাজনীতি ও সমাজবিজ্ঞান বিভাগ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

## বাংলাদেশে গুজবের রাজনীতি: গণতান্ত্রিক শৃঙ্খলার ওপর সুসংগঠিত আঘাত

৭ পৃষ্ঠার পর

নেতাদের শরীর ও মনকে ক্ষত-বিক্ষত করেছে, তখন ডিজিটাল গুজব-যুদ্ধ তাদের পরিচয়, সম্মান ও বিশ্বাসকে আঘাত করেছে, এমনকি নির্বাসিত জীবনেও তাদের অব্যাহতভাবে নিঃশ্বাসরুদ্ধ করে তুলেছে।

কিন্তু গুজব ও মিথ্যাচারের এই সংস্কৃতির প্রভাব কেবল বিএনপি বা তার নেতৃত্বের মধ্যেই সীমাবদ্ধ নয়। এটি বাংলাদেশের গণতান্ত্রিক শৃঙ্খলার ওপর সরাসরি আঘাত। যখন গুজব সত্যকে ছাপিয়ে যায়, যখন মিথ্যা জনচেতনা আচ্ছন্ন করে, তখন জনগণ সঠিক সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা হারিয়ে ফেলে। সত্য ও মিথ্যার মধ্যে বিভাজনরেখা মুছে যায়, তৈরি হয় হতাশা, অবিশ্বাস আর বিভক্তি। এটি শুধু বিএনপির জন্য সমস্যা নয়-এটি একটি জাতীয় সংকট যা গণতন্ত্র এবং রাজনৈতিক সহাবস্থানের ভিত্তিকেই নষ্ট করছে।

এই সংকট মোকাবেলায় বিএনপি ও অন্যান্য গণতান্ত্রিক শক্তির উচিত জনগণকে ডিজিটাল শিক্ষায় সচেতন করা, স্বাধীন তথ্য যাচাই ব্যবস্থা শক্তিশালী করা এবং নির্ভরযোগ্য গণমাধ্যমের বিস্তার ঘটানো। পাশাপাশি, আঞ্চলিক ও আন্তর্জাতিকভাবে নজরদারি জোরদার করতে হবে যাতে দেশের বাইরের অপশক্তিগুলোকে চিহ্নিত করে জবাবদিহিতার আওতায় আনা যায় যারা বাংলাদেশে গুজবের মাধ্যমে রাজনৈতিক অস্থিতিশীলতা সৃষ্টি করছে।

শেষ পর্যন্ত, বাংলাদেশে গণতান্ত্রিক স্বাভাবিকতা পুনঃপ্রতিষ্ঠার জন্য প্রয়োজন সম্মিলিতভাবে গুজব ও অপমান নির্ভর রাজনীতির প্রত্যাখ্যান। সত্য, শ্রদ্ধা ও নৈতিক বিতর্কে ভিত্তি করে রাজনীতি গড়ে তোলাই বিএনপির অঙ্গীকার। সেই পর্যন্ত, গুজবের বিরুদ্ধে লড়াই অব্যাহত থাকবে বাংলাদেশের গণতান্ত্রিক ভবিষ্যৎ নির্মাণের অংশ হিসেবে।

লেখক: বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা মণ্ডলীর সদস্য এবং সাবেক বিশ্ব ব্যাংক কর্মকর্তা।

## খাবারের অভাবে গাজার মানুষ দিশেহারা

৩ পৃষ্ঠার পর

১২ জন নিহত, যাদের মধ্যে তিনজন শিশু ও তিনজন নারী। এছাড়া, ত্রাণের জন্য ভিড় করা জনগণের ওপর চালানো বিমান হামলায় আটজন নিহত ও ১১৮ জন আহত হয়েছেন। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, লোকজন যখন দৌড়ে এসে ময়দানে পড়ে যাওয়া আটা কুড়াতে ব্যস্ত, তখনই হামলা চালানো হয়। একজন বেঁচে যাওয়া ব্যক্তি মোহাম্মদ ইনাম বলেন, 'রক্তে ভেজা আটার বস্তা আমরা আর কতদিন এভাবে বাঁচবো?' যুক্তরাজ্য, ফ্রান্সসহ ২৮টি পশ্চিমা দেশ ইসরায়েলের ত্রাণ সরবরাহ নীতিকে 'অমানবিক ও বিপজ্জনক' বলে আখ্যা দিয়েছে। তারা বলেছে, ইসরায়েল ইচ্ছা করে গাজাবাসীদের জীবনযাপন ও মর্যাদাকে বিপন্ন করছে। ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকাজুড়ে ব্যাপক মাত্রায় অনাহার ছড়িয়ে পড়েছে বলে সতর্ক করেছে ১০০টিরও বেশি সাহায্য সংস্থা। তারা অভিযোগ করেছে, ইসরায়েল গাজার ভেতরে খাদ্য বিতরণ করতে দিচ্ছে না।

সেভ দ্য চিলড্রেন ও মেডেসিনস স্যান্স ফ্রন্টিয়ের্স (এমএসএফ) সহ ১০০টিরও বেশি সংস্থা এক যৌথ বিবৃতিতে এ অভিযোগ করেছে। বিবৃতিতে বলা হয়েছে, ফিলিস্তিনিরা আশা ও হতাশার ফাঁদে পড়েছে। সহযোগিতা ও যুদ্ধবিরতির জন্য অপেক্ষা করে তারা দেখছে ভয়াবহ পরিস্থিতি।

ইসরায়েল স্বীকার করেছে যে, গাজায় সহায়তার পরিমাণ কমেছে। যদিও এর কর্মকর্তারা বলছেন, খাদ্য আছে, কিন্তু সংস্থাগুলো তা মানুষকে দিতে পারছে না। সংস্থাগুলোর চিঠিতে বলা হয়েছে, দিনে মাত্র ২৮টির মতো ট্রাক এখন গাজায় যাচ্ছে। যদিও জাতিসংঘ দিনে কমপক্ষে ৬০০ ত্রাণবাহী লরি পাঠানোর কথা বলেছিলো। ইসরায়েলি ডিফেন্স ফোর্স বা আইডিএফ বলছে, ত্রাণসহ ৯৫০টি ট্রাক এখন আছে ও সাহায্য সংস্থাগুলোর উচিত সেগুলো বিতরণ করা।

## বিমান দুর্ঘটনা: অপসাংবাদিকতা, অপতথ্য ও ফেসবুকে গুজবের গজব

১০ পৃষ্ঠার পর

এটি হলো একটি বিপদের আগে, চলাকালীন ও পরে তথ্য ব্যবস্থাপনার একটি চিন্তাভাবনা করে করা, স্বচ্ছ ও মানুষের জন্য তৈরি পদ্ধতি। যদি বাংলাদেশের এমন একটি ব্যবস্থা থাকত, তাহলে আমরা দেখতাম যে ৬০ মিনিটের মধ্যে একজন প্রশিক্ষিত ব্যক্তি সংবাদমাধ্যমকে বলছেন, যাচাই করা খবরসহ একটি লাইভ তথ্য বোর্ড থাকছে, বাংলা ও ইংরেজিতে নিয়মিত খবর দেওয়া হচ্ছে, সঠিক খবর ছড়ানোর জন্য সবার সঙ্গে কথা বলা হচ্ছে এবং গুজব বন্ধ করার জন্য প্রযুক্তি প্ল্যাটফর্মগুলোর সঙ্গে কাজ করা হচ্ছে।

ঝুঁকি কমানো শুধু একটি ফাইলে রাখা কাগজপত্রের মতো নয়। এর মানে হলো আবাসিক এলাকার খুব কাছে থাকা প্রশিক্ষণের জায়গাগুলো চিহ্নিত করা, উড়োজাহাজের পথের নিয়মিত নিরাপত্তা পরীক্ষা করা, শুধু উদ্ধারের জন্য নয়, মানুষের সঙ্গে যোগাযোগের জন্যও নকশা মহড়া দেওয়া এবং বিমান দুর্ঘটনা সম্পর্কে কীভাবে দায়িত্বের সঙ্গে খবর প্রকাশ করতে হয়, সে বিষয়ে সাংবাদিকদের প্রশিক্ষণ দেওয়া। এর মানে হলো বিপদ মোকাবিলার প্রস্তুতিতে সাধারণ মানুষকে যুক্ত করা। উত্তরার মানুষ যদি বিমান দুর্ঘটনার সময় কী করতে হবে, সে বিষয়ে আগে থেকে প্রশিক্ষণ পেত, তাহলে হয়তো সেখানকার অনেক বিশৃঙ্খলা কমানো যেত।

১৮ কোটি ডিজিটাল নাগরিকের একটি সাধারণ নীতিবোধ থাকা উচিত। ডিজিটাল সহানুভূতির ওপর একটি দেশের নীতি অনেক আগেই দরকার ছিল। স্কুল, কলেজ, কর্মক্ষেত্র-সব জায়গায় অনলাইনে দায়িত্বশীল আচরণ শেখাতে হবে। শেয়ার করার আগে ভাবুন।

নিজেকে জিজ্ঞেস করুন: এটা কি সত্যি? এটা কি সাহায্য করবে? এটা কি সম্মান বাড়াবে না ক্ষতি করবে? যদি আমার পরিবার কষ্টে থাকত, তাহলে কি আমি এটা শেয়ার করতাম? ভুল তথ্য মানুষকে মারে। মিথ্যা তথ্য কষ্ট দেয়। কিন্তু চুপ থাকলে ভুলটাই বাড়ে। ইন্টারনেট সবাইকে কথা বলার সুযোগ দিয়েছে। এখন সময় এসেছে, আমরা যেন বিবেক দিয়ে তা ব্যবহার করতে শিখি।

এই লেখা কোনো অভিযোগ নয়, এটা একটা অনুরোধ। আমাদের সম্মিলিত কষ্টকে সংকল্পে পরিণত করার একটা অনুরোধ। উত্তরায় যা ঘটেছে, তা আমরা পাল্টাতে পারব না।

কিন্তু আমরা নিশ্চিত করতে পারি যে পরেরবার যখন কোনো বিপদ আসবে, তখন আমরা বিশৃঙ্খলা নয়, বরং স্পষ্টতা নিয়ে তার মোকাবিলা করব। আমরা সরকারকে বলছি দুর্যোগ মোকাবিলার জন্য একটি জাতীয় কৌশলগত যোগাযোগ ইউনিট তৈরি করতে, কর্মকর্তা, সাংবাদিক ও সাধারণ মানুষকে বিপৎকালে যোগাযোগ বিষয়ে প্রশিক্ষণ দিতে এবং শিশু-কিশোরদের ছবি প্রকাশ করার ক্ষেত্রে তথ্য সুরক্ষা ও নৈতিক নিয়মকানুন মেনে চলতে।

আমরা সংবাদমাধ্যমকে অনুরোধ করছি অনলাইনে মানুষের কষ্টের কথা ভেবে তাদের নৈতিক নিয়মগুলো আবার দেখতে এবং যাচাই না করা খবর বা মানুষের কষ্টকে কাজে লাগানো থেকে বিরত থাকতে। আর আমরা নাগরিকদের বলছি, অনলাইনে সম্মান বজায় রাখতে, ভুয়া খবর রিপোর্ট করতে এবং মনে রাখতে যে প্রতিটি ছবির পেছনে একটি পরিবার আছে, যারা বাঁচার চেষ্টা করছে।

একটি জাতিকে কোনো দুঃখজনক ঘটনা দিয়ে চেনা যায় না। এর প্রতি আমাদের প্রতিক্রিয়াই আমাদের পরিচয় তুলে ধরে। কৌশলগত যোগাযোগ এবং বিপদ কমানো শুধু কিছু কাজের অংশ নয়, এগুলো আমাদের সবার দায়িত্ব। আমাদের আকাশ ভরে দেওয়ার জন্য যেন আরেকটা সাইরেনের অপেক্ষা করতে না হয়।

রিজওয়ান-উল-আলম সহযোগী অধ্যাপক, মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম, রাষ্ট্র ও সমাজবিজ্ঞান বিভাগ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# বিপদে ধৈর্য ধারণে রয়েছে অশেষ সওয়াব

আহমদ মাসুদ

চারদিকে যেন এক বিষণ্ন হাহাকার। বাতাস ভারী হয়ে উঠেছে কান্নার শব্দে। নিষ্পাপ শিশুর কণ্ঠ নিথর হয়ে গেছে, কিন্তু সেই কণ্ঠের প্রতিধ্বনি যেন প্রতিনিয়ত মায়ের বুকে আগুন জ্বালিয়ে চলেছে। সন্তান হারানোর যন্ত্রণায় প্রতিটি মা যেন আজ আপন হৃদয়ের ভেতর মাইলস্টোন স্কুলের সেই নির্মম ইতিহাস বইছে। যাদের হাসিতে প্রাঙ্গণ মুখরিত হওয়ার কথা ছিল, আজ তাদের অনুপস্থিতিতে নিস্তব্ধতা ভেঙে পড়ছে চিৎকারে।

একটি স্কুল যেখানে পড়ালেখা মুখর থাকার কথা ছিল, আজকে তা মৃত্যুপুরীতে পরিণত হয়েছে। শিক্ষক, অভিভাবক, সহপাঠী সবাই আজ এক গভীর শোকের সাগরে ভাসছে। যেখানে খাতা-কলম থাকার কথা ছিল, সেখানে আজ শুধু ভস্মীভূত ব্যাগ, কাগজ এমনকি আমাদের প্রিয় সন্তানদের লাশ! আর চোখে হাজারো প্রশ্ন। সেই প্রশ্নের জবাব কারও জানা নেই, কে দেবে সে উত্তর? কে ফিরিয়ে দেবে সেই ফুটফুটে মুখগুলো? এ মর্মান্তিক ট্র্যাজেডি শুধু একটি শিক্ষাপ্রতিষ্ঠানের নয়; এটি পুরো সমাজের, পুরো জাতির ট্র্যাজেডি। একটি জাতির ভঙ্গুরতার করুণ বহিঃপ্রকাশ। আমরা নিঃশব্দ হয়ে গেছি, বাকরুদ্ধ হয়ে গেছি, অসহায়তায় হয়ে থমকে দাঁড়িয়েছি। তারপরও, একজন মুসলমান হিসাবে চোখের জল ফেলার সঙ্গে আমাদের আরও কিছু বিষয় করার আছে। এ অবস্থায়ও আল্লাহর কাছে আমাদের সমর্পিত হতে হবে। নিজের সবকিছু পেশ করতে হবে আল্লাহর দরবারে এবং একটি নিরাপদ ভবিষ্যতের জন্য প্রস্তুত হতে হবে।

মুসিবত, বিপদ, দুঃখ এগুলো জীবনের অনিবার্য অংশ। এগুলো কখনো পরীক্ষা, আবার কখনো কারও মর্যাদা বৃদ্ধি বা পাপ মোচনের মাধ্যম হয়। আল্লাহ বলেন, 'আমি অবশ্যই তোমাদের কিছু ভয়, ক্ষুধা, সম্পদ, জীবন ও এরপর ২৮ পৃষ্ঠায়



## ইসলামে সময় ব্যবস্থাপনা

মুহাম্মদ মনজুর হোসেন খান

মহান আল্লাহর অফুরন্ত নিয়ামতরাজির মধ্যে সময় হচ্ছে অন্যতম। নিশ্চয়ই সময়, দিন-রাতের সমন্বিত রূপ। সময়ের সমষ্টিই জীবন। মানুষ তার দুনিয়ার জীবন কীভাবে অতিবাহিত করেছে আখিরাতে সে হিসাব প্রদান করতে হবে। এ কারণে, সময়ের সদ্ব্যবহারের জন্য এর যথার্থ ব্যবস্থাপনা প্রয়োজন। এ প্রয়োজনীয়তাকে সামনে রেখেই জন্ম হয়েছে সময় ব্যবস্থাপনা পরিভাষার। ইসলাম মানুষের সার্বিক কল্যাণ, চিন্তা ও পরকালীন সুখ-সমৃদ্ধির বিষয় সামনে রেখে মানুষকে সময়ের গুরুত্ব অনুধাবন, এর সদ্ব্যবহার ও ফলপ্রসূ ব্যবস্থাপনার নির্দেশ প্রদান করে।

আল্লাহ সময় বোঝানোর জন্য কুরআনে অনেক প্রতিশব্দ ব্যবহার করে এর প্রতি গুরুত্বারোপ করেছেন। আল্লাহ বলেন 'কালের শপথ। মানুষ অবশ্যই ক্ষতির মধ্যে ডুবে আছে'। মহান আল্লাহ পবিত্র কুরআনের অনেক স্থানে বহু সৃষ্টিকে নিয়ে কসম করেছেন, এতে এগুলোর মর্যাদা অনেক বেড়ে গেছে। তেমনি সময় নিয়ে কসম করায়; এটি প্রত্যেক মানুষের জন্য কত যে গুরুত্বপূর্ণ তা সহজেই অনুমেয়। আল্লাহ আরও বলেন, সকালের উজ্জ্বল আলোর শপথ, রাতের শপথ যখন তা হয় শান্ত-নিঝুম। মহানবী (সা.) সময়কে গুরুত্ব দিতে এবং একে যথাযথভাবে মূল্যায়ন করতে অনেক তাকিদ দিয়েছেন। তিনি বলেন, 'কিয়ামতের দিন কোনো বান্দা চারটি প্রশ্নের উত্তর না দেওয়া পর্যন্ত সামনে যেতে পারবে না-সে তার জীবনকাল কোন কাজে ব্যয় করেছে, তার যৌবনকাল এরপর ২৮ পৃষ্ঠায়



# জুলাই বিপ্লবে মাদ্রাসা শিক্ষার্থী ও আলেমদের অবিস্মরণীয় অবদান

নূর আহমাদ

তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার (টঙ্গী শাখা) আলিম প্রথম বর্ষের ছাত্র ছিলেন হাফেজ নাসির ইসলাম। স্বপ্ন ছিল চিকিৎসক হবেন। মাদ্রাসার পরীক্ষায় ভালো ফলাফলও করছিলেন। তবে শেষ পর্যন্ত নাসিরের স্বপ্ন অপূর্ণই থেকে গেছে। ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশের গুলিবর্ষণের বিচার দাবিতে ২০ জুলাই মাদ্রাসার সামনে বিক্ষোভ করেছিলেন তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার ছাত্ররা। ওই বিক্ষোভে অংশ নেন নাসির ইসলাম। বেলা ৩টার দিকে বিক্ষোভে গুলি চালায় পুলিশ। একটি গুলি এসে নাসিরের বুকে লাগে এবং শরীর ভেদ করে বেরিয়ে যায়। আহত নাসিরকে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে নেওয়া হয়। সেখানেই কিছু সময় পর চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নাসির ইসলামের পিতা মো. আশরাফুল ইসলাম গণমাধ্যমকে বলেন, 'বিকাল ৪টার দিকে নাসিরের মোবাইল থেকে এক ব্যক্তি আমাকে ফোন দিয়ে জানান, নাসিরকে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। কিন্তু আমরা সেখানে গিয়ে ছেলেকে আর জীবিত অবস্থায় পাইনি। হাসপাতালের লোকজন বলছিল তাকে সঠিক চিকিৎসা দেওয়া হয়নি। চিকিৎসা দিলে হয়তো বাঁচানো যেত।'

জুলাই আন্দোলনে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের পাশাপাশি সক্রিয় ও গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল মাদ্রাসা শিক্ষার্থীদের। ওই সময় যাত্রাবাড়ী, উত্তরা, গাজীপুর, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে মাদ্রাসাছাত্রদের বড় ভূমিকা ছিল। বিশেষত ঢাকার যাত্রাবাড়ীতে মাদ্রাসাছাত্রদের প্রতিরোধ আলোচিত ঘটনা ছিল। মাদ্রাসাছাত্ররা ১৭ জুলাই থেকে যাত্রাবাড়ীতে প্রতিরোধ গড়ে তোলেন। ওইদিন রাত থেকে ২২ জুলাই পর্যন্ত তাদের সঙ্গে পুলিশের দফায় দফায় সংঘর্ষ হয়। এ ছাড়া ৩ থেকে ৫ আগস্ট যাত্রাবাড়ী এলাকায় আন্দোলনকারী শিক্ষার্থী-জনতা ও পুলিশের ব্যাপক সংঘর্ষ হয়। ১৭ জুলাই সকালে যাত্রাবাড়ীতে বিক্ষোভ শুরু করেন স্থানীয় স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষার্থীরা। বিকালের দিকে শনির আখড়া এলাকায় আন্দোলনকারীরা ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে উঠতে গেলে পুলিশ গুলি ছুড়তে শুরু করে। এ সময় পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের কয়েক দফা পালটা ধাওয়া হয়। একপর্যায়ে পুলিশ এলোপাতাড়ি গুলি ছুড়লে আন্দোলনকারীসহ বেশ কয়েকজন পথচারীও আহত হন। এদিন আহতদের মধ্যে ছিল দুবছরের এক শিশুও। সংঘর্ষের একপর্যায়ে হানিফ ফ্লাইওভারের টোল প্লাজাসহ সড়কের বিভিন্ন স্থানে আগুন ধরিয়ে দেওয়া হয়। ১৮ ও ১৯ জুলাই এ এলাকায় বিক্ষোভ আরও ব্যাপক আকার ধারণ করে। ২০ জুলাই থেকে কারফিউয়ের কারণে ঢাকাসহ দেশের অনেক স্থানে আন্দোলন কিছুটা শিথিল হয়ে আসে। কিন্তু এরপর ৩৬ পৃষ্ঠায়



## ন্যায়বিচার প্রতিষ্ঠায় ইসলাম

মাহমুদ আহমদ

আল্লাহপাক হচ্ছেন সবচেয়ে বড় ন্যায়বিচারক। ন্যায় প্রতিষ্ঠা করা যেহেতু আল্লাহরই কাজ, তাই রাষ্ট্রের প্রধান ও শাসনকার্যে নিয়োজিত সংশ্লিষ্ট সবাইকে আল্লাহপাক এ নির্দেশই প্রদান করেন, তারা যেন ন্যায়পরায়ণতা, দক্ষতা এবং নিরপেক্ষতার সঙ্গে নিজেদের কর্তব্য পালন করেন। পবিত্র কুরআনে আল্লাহতায়ালা বলেন, 'হে যারা ঈমান এনেছ! আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে সাক্ষ্যদাতা হিসাবে তোমরা দৃঢ়ভাবে ন্যায়বিচার প্রতিষ্ঠাকারী হও, এমনকি সেই সাক্ষ্য তোমাদের নিজেদের বা পিতা-মাতার অথবা নিকটাত্মীয়দের বিরুদ্ধে গেলেও। যার সম্পর্কে সাক্ষ্য দেওয়া হচ্ছে, সে ধনী হোক বা গরিব, আল্লাহ উভয়েরই সর্বোত্তম অভিভাবক। অতএব, তোমরা যাতে ন্যায়বিচার করতে সক্ষম হও, সেজন্য তোমরা কুপ্রবৃত্তির অনুসরণ করো না আর তোমরা যদি প্যাঁচানো কথা বল অথবা সত্য এড়িয়ে যাও, তবে মনে রেখ, তোমরা যা কর সে বিষয়ে নিশ্চয় আল্লাহ পুরোপুরি অবগত আছেন' (সূরা নিসা : ১৩৫)। এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জুলাই-আগস্ট ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ২৬ | ৪:১৬ | ৫:৪৭ | ০১:০৩ | ৪:৫৯ | ৮:১৭ | ০৯:৪৮ |
| ২৭ | ৪:১৮ | ৫:৪৮ | ০১:০৩ | ৪:৫৮ | ৮:১৬ | ০৯:৪৭ |
| ২৮ | ৪:১৯ | ৫:৪৯ | ০১:০৩ | ৪:৫৮ | ৮:১৫ | ০৯:৪৫ |
| ২৯ | ৪:২০ | ৫:৫০ | ০১:০২ | ৪:৫৮ | ৮:১৪ | ০৯:৪৪ |
| ৩০ | ৪:২১ | ৫:৫১ | ০১:০২ | ৪:৫৮ | ৮:১৩ | ০৯:৪৩ |
| ৩১ | ৪:২৩ | ৫:৫২ | ০১:০২ | ৪:৫৭ | ৮:১২ | ০৯:৪১ |
| ০১ | ৪:২৪ | ৫:৫৩ | ০১:০২ | ৪:৫৭ | ৮:১১ | ০৯:৪০ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# নিউইয়র্কে বুয়েটের ৯০ ব্যাচের মিলনমেলা

৩ পৃষ্ঠার পর

গত ১১ জুলাই সন্ধ্যায় স্থানীয় একটি হোটেলের কক্ষে তিন দিনব্যাপী এই আয়োজনের শুরু হয়। নিজেরাই জাতীয় সংগীত গেয়ে, কোরআন তেলাওয়াতের মাধ্যমে আনুষ্ঠানিক উদ্বোধন করেন অনুষ্ঠান। নিজেদের পরিবেশনায় গান, নাচ, আবৃত্তির পাশাপাশি চলেছে একে অন্যকে নতুন করে আবিষ্কারের আনন্দ।

পরের দিনের মূল আয়োজন ছিল হাডসন নদীর তীরে, সবার পরনে ছিল বুয়েট লোগো সংবলিত নানা টি-শার্ট। এরপর আয়োজন ছিল চার ঘণ্টার একটি নৌবিহার-স্ট্যাচু অব লিবার্টির চারপাশ ঘুরে বেড়ানো, প্রাণখোলা আড্ডা, গান আর গল্প। ক্রুজ শিপের তিনটি তলায় ছড়িয়ে ছিটিয়ে থাকা বন্ধুরা যেন প্রজাপতির মতো ঘুরে বেড়াচ্ছিলেন, এক আড্ডা থেকে আরেক আড্ডায়।

সন্ধ্যায় অনুষ্ঠিত হয় একটি টেকনিক্যাল সেমিনার এবং পরবর্তী সাংস্কৃতিক সন্ধ্যা। 'এক ঝাঁক প্রজাপতি ছিলাম আমরা' গান দিয়ে শুরু, এরপর প্রাক্তন শিক্ষার্থীদের নাচ, হাস্যরসাত্মক পরিবেশনা ও স্মৃতিচারণ। এরপরের আকর্ষণ ছিল নব্বই দশকের জনপ্রিয় দুই শিল্পী চন্দন ও বাবনার কনসার্ট। বাবনা নিজেও বুয়েটের প্রাক্তন শিক্ষার্থী। তাদের গানে যেন ফিরে এসেছিল ছাত্রজীবনের সেই কনসার্টের দিনগুলো। গভীর রাত পর্যন্ত চলেছে গানে-আড্ডায় এক অপূর্ব মিলনমেলা।

তৃতীয় দিন সকালে ছিল শেষ পর্ব-ব্রাঞ্চ আর বিদায় অনুষ্ঠান। সবার চোখে-মুখে তখন একরাশ আবেগ। কেউ কেউ বিদায় নিচ্ছেন, রেখে যাচ্ছেন একগুচ্ছ স্মৃতি। দুপুরের পর সবাই জড়ো হন টাইম স্কয়ারে। সেখানেই হয় গ্রুপ ছবি তোলা। কিন্তু শুধু ছবি তুলে শেষ নয়, টাইম স্কয়ারের গ্যালারিতে তাদের তোলা সেই ছবি একসময় প্রদর্শিত হয় বিশাল স্ক্রিনে। টাইম স্কয়ার জুড়ে তখন যেন শুধু তাঁদেরই উচ্ছ্বাস, হাসি আর গান।

# ওজন পার্ক ফ্রেন্ডস ক্লাবের পিকনিক

৩ পৃষ্ঠার পর

অনুষ্ঠান পরিচালনায় ছিলেন সাধারণ সম্পাদক মো. জাহিদুল ইসলাম। বনভোজনে বিভিন্ন দায়িত্বে ছিলেন সহ-সভাপতি দিলেল স্বপন, যুগ্ম সম্পাদক মোঃ ফখরুল ইসলাম, সাংস্কৃতিক সম্পাদক নূর রতন, প্রেস সেক্রেটারী নুর হোসেন অনুষ্ঠান সমন্বয়ক ইমতিয়াজ আহমেদ প্রমুখ।

বনভোজনে দিনব্যাপী অনুষ্ঠানসূচিতে ছিল বিভিন্ন খেলা-ধুলা ও র‍্যাফেল ড্র। খেলাধুলায় শিশু-কিশোর, যুবক-যুবতীদের বিভিন্ন ইভেন্ট ছাড়াও ছিল মহিলা-পুরুষদের আকর্ষণীয় ইভেন্ট। প্রবাসে জন্ম নেয়া ও বেড়ে ওঠা নতুন প্রজন্মের বিপুল সংখ্যক ছেলে-মেয়ে এতে অংশ নেয়। মধ্যাহ্ন ভোজে ছিল মজাদার সব খাবার।

উপভোগ্য খেলাধুলা ছাড়াও সবশেষে অনুষ্ঠিত হয় বনভোজনের অন্যতম আকর্ষণ র‍্যাফেল ড্র। শেষে খেলাধুলায় অংশগ্রহণকারি এবং র‍্যাফেল ড্র বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। র‍্যাফেল ড্রতে ছিল ওমরা প্যাকেজ, নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক এয়ার টিকেট, স্বর্ণের সেট, আইফোন, নগদ অর্থ সহ ২০ টি বিশেষ পুরস্কার। র‍্যাফেল ড্র এর মাধ্যমে মিলন মেলা শেষ হয়।

এবারের বনভোজনে প্রায় ৭শ অতিথি অংশগ্রহন করেন। এ চমৎকার আয়োজনে আন্তরিক আতিথিয়তার জন্য আয়োজকদের বিশেষ ধন্যবাদ জানান সাধারণ সদস্য ও অতিথিরা। আয়োজক কমিটির পক্ষ থেকে সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়।







## বিপদে ধৈর্য ধারণে রয়েছে অশেষ সওয়াব

২৫ পৃষ্ঠার পর

ফল-ফসলের ক্ষয় দ্বারা পরীক্ষা করব। আর সুসংবাদ দাও ধৈর্যশীলদের।' (সুরা বাকারা : ১৫৫।)
মাইলস্টোনের এ হৃদয়বিদারক ঘটনায় নিহত শিশুদের পরিবার, সহপাঠী, অভিভাবক ও গোটা জাতি যেন আজ এক বড় দুর্বিপাকের মধ্য দিয়ে যাচ্ছে। এ সময় আমাদের দায়িত্ব শুধু দুঃখ প্রকাশ নয়; বরং এক্ষেত্রে ধৈর্য ও সবরের সঙ্গে কাজ করা উচিত। তাহলে এই মহাবিপদেও আল্লাহ আমাদের সাহায্য করবেন।
মুমিন হিসাবে বিপদের সময় আমাদের করণীয় হলো, ধৈর্য ধারণ করা : রাসুল (সা.) বলেন, 'আসল সবর তো প্রথম আঘাত লাগার সময়ই।' (বুখারি।) আজ আমাদের মায়েদের বুকফাটা কান্না, বাবার নিঃশব্দ আর্তনাদ সবাইকে কাঁদিয়ে তুলছে। কিন্তু রাসুল (সা.) শেখান, এ সময় ধৈর্যই হলো সবচেয়ে বড় ইবাদত। চোখে অশ্রু আসবে, হৃদয় কাঁদবে, কিন্তু জবান আল্লাহর প্রতি সন্তুষ্ট থাকবে। 'ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন' পড়া। মুসলমান যখন কোনো বিপদে পড়ে, তখন এ দোয়া পড়া সুন্নত। এটি শুধু মুখে বলা নয় বরং হৃদয়েও এ বিশ্বাস রাখা যে, সন্তান, ধন, সময় সবই আল্লাহর দান। তিনি দিয়েছেন, তিনিই আবার ফিরিয়ে নেবেন। আল্লাহর কাছে দোয়া করা ও নিজেদের আল্লাহর কাছে সমর্পিত করা।
মুসিবতে পড়া মুমিনের জন্য সুসংবাদ, আল্লাহতায়ালা বলেন, 'নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সঙ্গে আছেন।' 'ধৈর্যশীলদের প্রতিদান দেওয়া হবে অগণিতভাবে।' (আল-কুরআন।) রাসুল (সা.) বলেন, 'একজন মুমিনের ব্যাপার সত্যিই আশ্চর্যজনক। তার সব কিছুই কল্যাণময়। আর এটা একমাত্র মুমিন ছাড়া আর কারও জন্য নয় : যদি সে আনন্দে থাকে, সে শুকরিয়া আদায় করে তা তার জন্য ভালো; আর যদি বিপদে পড়ে, সে ধৈর্য ধরে তাও তার জন্য ভালো।' (সহিহ মুসলিম।) একটি হাদিসে এসেছে, 'যখন আল্লাহ কোনো জাতিকে ভালোবাসেন, তখন তাদের পরীক্ষা করেন। যে ধৈর্য ধরে, তার জন্য ধৈর্যের অবারিত প্রতিদান। আর যে ক্ষোভ দেখায়, তার জন্য সেই ক্ষোভের ক্ষতি।' (মুসনাদে আহমদ।)
রাসুলুল্লাহ (সা.) বলেন : 'যখন কোনো বান্দার সন্তান মৃত্যুবরণ করে, আল্লাহ তার ফেরেশতাদের জিজ্ঞেস করেন, 'তোমরা কি আমার বান্দার সন্তানের প্রাণ কেড়ে নিয়েছ?' তারা বলে, 'হ্যাঁ।' আল্লাহ বলেন, 'তোমরা কি তার অন্তরের ফল তুলে নিয়েছ?' তারা বলে, 'হ্যাঁ।' আল্লাহ বলেন, 'সে কী বলেছে?' ফেরেশতারা বলেন, 'সে তোমার প্রশংসা করেছে এবং ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন বলেছে।' আল্লাহ বলেন, 'তোমরা আমার বান্দার জন্য জান্নাতে একটি ঘর তৈরি করো এবং তার নাম রাখ বায়তুল হামদ (প্রশংসার ঘর)।' (তিরমিযি : ১০২১।)
এ মর্মান্তিক দুর্ঘটনা গোটা জাতিকে স্তব্ধ করে দিয়েছে। শিশুর কান্না থেমে গেলেও মায়ের বুকফাটা আহাজারি থামছে না। শিক্ষা-আলোকের চৌকাঠে দাঁড়িয়ে থাকা প্রাণগুলো অন্ধকারে হারিয়ে গেছে। এ ট্র্যাজেডি আর্ত করে বলছে সমাজ এখন গভীর এক ঘোরের মধ্যে। এ ঘোর কেবল অশ্রু দিয়ে ভাঙা যাবে না, দরকার জাগরণ ও করণীয় নির্ধারণ।
তাওবা ও ইস্তিগফার এখন একান্ত জরুরি। আল্লাহর দরবারে ফিরে যাওয়ার সময় এটিই। আবার আমাদের দাঁড়াতে হবে। গড়তে হবে। দোয়া হবে এখন প্রাণের ভাষা। প্রতিটি সেজদায় কাতর হৃদয়ে আর্তি উঠবে। বাকি শিশুদের রক্ষা করতে হবে। পরিবারগুলোর হৃদয় জোড়া দিতে হবে। জাতিকে জাগিয়ে তোলা। নামাজের পর প্রতিটি নিশ্চুপ দোয়ায় রূপ নিতে হবে। সমবেদনার সীমা ছাড়িয়ে সহানুভূতিতে পৌঁছাতে হবে। নিহত শিশুদের পরিবারকে শুধু ভালোবাসা নয় বাস্তব সাহায্যও দিতে হবে। অর্থে, মানসে ও সেবায় পাশে দাঁড়ানো এখন ঈমানের দাবি। রাসুল (সা.)-এর বাণী স্মরণে রাখতে হবে, 'তুমি যখন তোমার ভাইয়ের পাশে থাকবে, তখনই আল্লাহ তোমার পাশে থাকবেন।'
সবচেয়ে বড় করণীয় আল্লাহর ওপর দৃঢ় আস্থা রাখা। তিনিই কল্যাণের দরজা খুলে দেন, তিনিই এ কষ্টের বিনিময় দেবেন বহুগুণ বাড়িয়ে। তিনি শহীদ শিশুদের মর্যাদা দেন, মেহেরবান হন হৃদয়ভাঙা মায়েদের ওপর। এ বিপর্যয় শুধু শোক নয়, আল্লাহর দিকে ফিরে যাওয়ার ডাক। আল্লাহতায়ালা আমাদের ধৈর্য দান করুন।

## 'রিকল ইলেকশন', জনগণের হাতে জবাবদিহিতার অস্ত্র!

৬ পৃষ্ঠার পর

যদি রিকল ভোটে ৫০ শতাংশ বা তার বেশি ভোট রিকলের পক্ষে পড়ে, তাহলে এমপিকে অপসারণ করা হবে এবং নতুন নির্বাচনের আয়োজন হবে। গণতন্ত্রের সার্থকতা তখনই নিশ্চিত হয়, যখন জনগণ কেবল ভোট দেওয়ার মাধ্যমে নয়, বরং নির্বাচিতদের জবাবদিহিতার আওতায় রাখার ক্ষমতাও রাখে। রিকল ইলেকশন সেই শক্তির বাস্তব প্রতিফলন। বাংলাদেশে এ পদ্ধতি চালু করা হলে, এটি শুধু জবাবদিহিতা বাড়াবে না, বরং জনপ্রতিনিধিদের সততা ও দায়িত্বশীলতা নিশ্চিত করবে। এটি সময়ের দাবি। প্রশ্ন হচ্ছে-রাজনৈতিক দলের নীতিনির্ধারকরা জনগণের হাতে কি এই জবাবদিহিতার অস্ত্র তুলে দিতে রাজি হবেন? বাংলাদেশের গণতন্ত্রকে শক্তিশালী করতে হলে অন্তর্বর্তী সরকারের ঐকমত্য কমিশনের উচিত জনগণের হাতে রিকল ইলেকশনের মতো একটি গঠনমূলক ও কার্যকর অস্ত্র তুলে দেওয়া।
লেখক: ইউরোপ প্রবাসী সিনিয়র সাংবাদিক।

## মাইলস্টোন ট্রাজেডি'র বিচার বিভাগীয় তদন্ত দাবী প্রবাসীদের

৩ পৃষ্ঠার পর

বিএনপি নেতা কাজী শাখাওয়াত হোসেন আজম, বাংলাদেশ সোসাইটির সাবেক সেক্রেটারি জয়নাল আবেদীন, কমিউনিটি বিজ্ঞজন প্রমুখ। অনুষ্ঠানে বক্তারা নিহত পরিবারকে ক্ষতিপূরণ ও আহতদের সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসা দেওয়ারও দাবি জানান। এ সময় উপস্থিত প্রবাসীরা মাইলস্টোন ট্রাজেডিতে নিহতদের স্মরণে জ্যাকসন হাইটস ডাইভার্সিটি প্লাজার সামনে অস্থায়ী বেদিতে ফুল দিয়ে শোক ও সমবেদনা জানান। এসময় সবাই অস্থায়ী শহীদ বেদিতে কালো ব্যাজ ধারণ করেন।

## ইসলামে সময় ব্যবস্থাপনা

২৫ পৃষ্ঠার পর

কোথায় ক্ষয় করেছে, তার সম্পদ কোথা থেকে আয় করে কোথায় ব্যয় করেছে এবং তার অর্জিত জ্ঞান অনুযায়ী সে আমল করেছে কিনা। উল্লিখিত হাদিসের চার বিষয়ই সময়ের সঙ্গে সম্পর্কিত- মনীষীরা সময় ব্যবস্থাপনার পাঁচটি মৌলিক উপাদান বর্ণনা করেছেন। তা হলো- পরিকল্পনা : সময় ব্যবস্থাপনার প্রথম ও প্রধান উপাদান সুষ্ঠু পরিকল্পনা। মানুষের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক প্রতিটি কাজ সময়মাফিক ও যথাসময়ে পরিকল্পনামাফিক করলেই কেবল অভীষ্ট লক্ষ্য অর্জিত হয়।
শৃঙ্খলা : সময় ব্যবস্থাপনার জন্য শৃঙ্খলা ও নিয়মতান্ত্রিক গুরুত্বপূর্ণ। গবেষণায় দেখা গেছে, উৎপাদনের ক্ষেত্রে নিয়মানুবর্তিতার অনুসরণ সময় হ্রাস করে। নিয়মানুবর্তিতার অপর নাম সময়ানুবর্তিতা, যা ব্যক্তি ও সমষ্টিকে সচেতন করে।
নির্দেশনা : সময় ব্যবস্থাপনার জন্য যথাযথ নির্দেশনা ও সময় মতো নির্দেশনা উভয়টিই অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা, সঠিক পরিস্থিতিতে সঠিক নির্দেশনা প্রদানের মাধ্যমেই উৎপাদন বৃদ্ধি সম্ভব। এ ক্ষেত্রে শ্রমিকদের মানসিকতা অনুযায়ী নির্দেশনা প্রদান জরুরি। সঠিক নির্দেশনা প্রদানে বিলম্বিত হলে সময় ব্যবস্থাপনায় বিঘ্ন ঘটে।
পর্যবেক্ষণ : সফলভাবে সময় ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা ও নির্দেশনা অনুযায়ী নিয়মতান্ত্রিকতার সঙ্গে সব কিছু পরিচালিত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ জরুরি।
সিদ্ধান্ত গ্রহণ : সময় মতো যথাযথ সিদ্ধান্ত গ্রহণ, কোনো বিষয়ে দ্রুততার সঙ্গে সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে সময় অপচয় রোধ হয়। সময় নষ্ট করার অন্যতম প্রধান কারণ হচ্ছে অলসতা। অবসর সময় আমরা নষ্ট করে থাকি। সিরিয়ার একজন বিজ্ঞ ইসলামিক স্কলার বলেছেন, সুবহানাল্লাহ! যদি এদের কাছ থেকে সময় কিনে নেওয়া যেত, তাহলে অবশ্যই তা আমরা ক্রয় করে নিতাম। সময় নষ্ট করার অন্যতম বড় কারণ হচ্ছে জীবনে লক্ষ্য না থাকা। জীবনে লক্ষ্য না থাকার কারণে আমাদের সময় নষ্ট হয়। এমনকি আমরা অনেকেই জানি না, দুনিয়াতে আমাদের কেন আগমন। সময় অপচয়ের জন্য দায়ী আরেকটি অন্যতম কারণ হচ্ছে ভুল পরিকল্পনা। অনেক লোক আছে যারা নিজেই সব কাজ করে, অন্যের ওপর ভরসা করতে পারে না। তাই সে ছোট কাজ করতে গিয়ে অনেক সময় নষ্ট করে। অথচ সে পরিবারের অন্য সদস্য-ছেলে, মেয়ে বা স্ত্রীর দ্বারা সে কাজ করাতে পারত। সে এমন কাজ করবে, যে কাজটা পরিবারের অন্য সদস্যের দ্বারা সম্ভব নয়। সুতরাং, যে কাজটা অন্যের দ্বারা করানো যায় সে কাজটা আপনি করলে তা হবে ভুল পরিকল্পনার অন্তর্ভুক্ত।

## ন্যায়বিচার প্রতিষ্ঠায় ইসলাম

২৫ পৃষ্ঠার পর

এ আয়াতে শুধু সুবিচারের কথাই স্পষ্ট করে তুলে ধরা হয়নি, বরং সুবিচার প্রতিষ্ঠার অপরিহার্য শর্তগুলোও উল্লেখ করা হয়েছে। যেমন-শুধু সুবিচার প্রতিষ্ঠাই নয়, বরং সুবিচারের পতাকাকেও সমুন্নত রাখতে হবে। যেখানেই ন্যায়বিচার ভূলুণ্ঠিত হতে দেখা যাবে, সেখানে তা সমুন্নত করতে সর্বশক্তি নিয়োগ করতে হবে। মামলায় কোনো পক্ষের হার-জিতের জন্য সাক্ষ্য নয়, বরং শুধু আল্লাহর সন্তুষ্টি লাভের জন্যই সাক্ষ্য দিতে হবে। কেননা, সত্য সাক্ষ্য ব্যতিরেকে সুবিচার প্রতিষ্ঠা করা সম্ভব নয়। সত্য সাক্ষ্য দিতে গিয়ে যদি নিজেদের স্বার্থে আঘাত লাগে অথবা নিজ পিতা-মাতার বা নিকটাত্মীয় পরিজনের প্রতিকূলেও যদি যায়, তবুও সত্য সাক্ষ্য দিতে হবে। ন্যায়বিচারের উচ্চ মানদণ্ড ছাড়া সত্যের ওপর প্রতিষ্ঠিত হওয়া সম্ভব নয়। তাই ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে হলে একমাত্র সত্যকেই মাধ্যম বানাতে হবে। অপর এক স্থানে বলা হয়েছে, 'হে যারা ঈমান এনেছ! আল্লাহর উদ্দেশে তোমরা ন্যায়ের পক্ষে সাক্ষী হিসাবে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হও আর কোনো জাতির শত্রুতা যেন কখনোই তোমাদেরকে অবিচার করতে প্ররোচিত না করে। তোমরা সদা ন্যায়বিচার করো। এ কাজটি তাকওয়ার সবচেয়ে নিকটে। আর তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন করো। তোমরা যা কিছু কর, নিশ্চয় আল্লাহ সে বিষয়ে পুরোপুরি অবগত আছেন' (সূরা মায়েদা : ৮)। উক্ত আয়াতের নিরিখে হজরত ওমর ফারুক (রা.) কাজি শুরায়হ-এর নামে একটি আদেশ লিখে পাঠিয়েছিলেন। তিনি (রা.) লেখেন 'বিচার সভায় দরকষাকষি করবে না, কারও সঙ্গে বিবাদে লিপ্ত হবে না। কোনো শত্রুর ক্রয়-বিক্রয় করবে না এবং রাগান্বিত অবস্থায় তুমি দুই ব্যক্তির মধ্যে বিচারের চূড়ান্ত রায় ঘোষণা করবে না' (তানতাবী, ওমর ইবনুল খাত্তাব, পৃ: ৩০৭)। ইসলাম একটি শান্তিপ্রিয় ধর্ম এবং এর শিক্ষা অত্যন্ত উচ্চাঙ্গের। ইসলামের শিক্ষাগুলোর মধ্যে একটি গুরুত্বপূর্ণ শিক্ষা হলো সমাজ ও দেশে ন্যায়বিচার প্রতিষ্ঠা করা। আল্লাহপাকের পক্ষ থেকে পৃথিবীতে এ পর্যন্ত যেকে যত নবী (আ.)-এর আগমন ঘটেছে, তাদের প্রত্যেককে আল্লাহতায়ালা বিশেষ যেসব দায়িত্ব দিয়েছেন তার মধ্যে প্রধান দায়িত্ব হলো ন্যায়বিচার প্রতিষ্ঠা করা। আল্লাহতায়ালার নির্দেশ অনুযায়ী সব নবী (আ.)ই দেশে ন্যায়বিচার প্রতিষ্ঠার পক্ষে কাজ করেছেন এবং এক্ষেত্রে সফলও হয়েছেন। ইসলামে ন্যায়বিচারের শিক্ষা এমন এক অনিন্দ্য সুন্দর শিক্ষা, যা ন্যায়পরায়ণ প্রত্যেক অমুসলিমও শুনে প্রশংসা না করে পারে না। পৃথিবীতে ন্যায়বিচার প্রতিষ্ঠিত করাই মহানবী (সা.)-এর আগমনের উদ্দেশ্য এবং তিনি নিজ আমল দ্বারা সর্বত্র ন্যায়বিচার প্রতিষ্ঠিত করতে সক্ষমও হয়েছিলেন। পবিত্র কুরআনে যেভাবে বলা হয়েছে 'বল, আমার প্রভু আমাকে ন্যায়বিচার করার নির্দেশ দিয়েছেন' (সূরা আরাফ : ২৯)। আল্লাহতায়ালার অনুপম শিক্ষা এবং ইসলামের সুন্দর ও পরিচ্ছন্ন ভাবমূর্তির বহিঃপ্রকাশ তখনই সম্ভব হবে, যখন প্রত্যেক মুসলমান আল্লাহপাকের প্রতিটি আদেশের ওপর আমল করবে। ন্যায়বিচারের আদর্শ প্রতিষ্ঠার ক্ষেত্রে নিজেদের ঘর, সমাজ, আপন-পর, এমনকি শত্রু-মিত্র নির্বিশেষে সবার সঙ্গে ন্যায়সুলভ ব্যবহারের মাধ্যমেই আমরা মহানবী (সা.)-এর প্রকৃত অনুসারী হতে দাবি করতে পারি। মহানবী (সা.)-এর নির্দেশ হলো 'তুমি নিজের জন্য যা পছন্দ কর, অন্যদের জন্যও তা পছন্দ কর'। আমরা যদি এ হাদিসের ওপর দৃঢ়-প্রতিষ্ঠিত হই, তাহলেই কেবল ন্যায়বিচার করা সম্ভব। সাধারণত আমরা কি দেখি, নিজের অধিকার পুরোপুরি আদায়ের ক্ষেত্রে বদ্ধ পরিকর, অথচ অন্যের অধিকারের বিষয়ে সামান্যতম চিন্তাও করি না। সত্য ও ন্যায়ের ওপর প্রতিষ্ঠিত থাকার জন্য আমাদের যদি নিজ আত্মীয়স্বজন ও বয়োজ্যেষ্ঠদের অসন্তুষ্টিরও সম্মুখীন হতে হয়, তারপরও ন্যায়বিচারের ক্ষেত্রে কোনো ধরনের পক্ষপাতিত্ব করা যাবে না। আমরা নিজেরা যখন ন্যায়ের ওপর প্রতিষ্ঠিত থাকব, তখনই আমরা অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে পারি। নিজের মধ্যেই যদি ন্যায়পরায়ণতা না থাকে, তাহলে অপরকে কীভাবে উপদেশ দিতে পারি? আজকে ন্যায়বিচারের বড়ই অভাব আর এ কারণেই সর্বত্র বিশৃঙ্খলা, সামাজিক অস্থিরতা আর অরাজকতা দেখা দিচ্ছে। শাসনকার্যে নিয়োজিত সবাইকে আল্লাহতায়ালা ন্যায়বিচার করার তৌফিক দান করুন।
লেখক : ইসলামি গবেষক ও কলামিস্ট।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা
বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।
যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ ৯১৭-৫১৯-১১৫১
Email: ajkalnews@gmail.com



মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com






# অরল্যান্ডোতে আন্তর্জাতিক লায়ন্স কনভেনশন অনুষ্ঠিত

১ পৃষ্ঠার পর

করেছে। সম্মেলনে নতুন নেতৃত্বকে স্বাগত জানানোর এবং তাদের পারস্পরিক সৌহার্দ স্থাপনের এক চমৎকার উদাহরণ তৈরি করেছে।

৫ দিনের এই সম্মেলনে নিউ ইয়র্কের ডিস্ট্রিক্ট ২০-আর ২ এর নব নির্বাচিত গভর্নর লায়ন আসিফ বারী ও মুনমুন হাসিনা বারী, সেকেন্ড ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন শাহ নেওয়াজ ও লায়ন আমেনা নেওয়াজের প্রাণবন্ত উপস্থিতি ডিস্ট্রিক্ট ২০-আর-২ কে আরো গতিশীল করেন। এই সম্মেলনে সেকেন্ড ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন শাহ নেওয়াজ নেতৃত্বে নিউইয়র্ক বাংলাদেশী-আমেরিকান লায়ন্স ক্লাবের ২৫ সদস্যের প্রতিনিধি দল অংশ নেয়, যা আন্তর্জাতিক সম্মেলনটিতে ডিস্ট্রিক্টের সর্বোচ্চ অংশ গ্রহণ।

সম্মেলনের প্রথম দিনে বিশ্বব্যাপী ৭৪০ জন নতুন গভর্নরের জন্য সেলিব্রেশনের আয়োজন করা হয় এবং ঐক্যের প্রতীক হিসেবে অংশ গ্রহণকারী সব গভর্নর একই রঙের শার্ট পরিধান করেন। সম্মেলনের দ্বিতীয় দিনের অন্যতম আকর্ষণীয় দিক ছিলো নান্দনিক 'প্যারেড অফ নেশনস'। অংশ গ্রহণকারী দেশ সমূহের এবং লায়ন্স ইন্টারন্যাশনালের প্রতিটি ডিস্ট্রিক্টের প্রতিনিধিরা তাদের নিজস্ব সংস্কৃতি এবং ঐতিহ্যের প্রতীকী পোশাক পরে প্যারেডে অংশ গ্রহণ করেন।

সম্মেলন জুড়ে প্রতিদিনই ছিল লায়ন্স সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্লেনারী সেশন এবং বিষয় ভিত্তিক সেমিনার। শেষ দিনে কনভেনশন সেন্টারের মূল হলে প্রায় ২০ হাজার সদস্যের উপস্থিতিতে প্রাণবন্ত ও উৎসবমুখর পরিবেশে ইন্টারন্যাশনাল প্রেসিডেন্ট ও গভর্নরদের শপথ অনুষ্ঠান ছিল দৃষ্টি কাড়া।

আন্তর্জাতিক কালচারাল শো ও কনসার্ট, মেলভিন জোন্স গালা লাঞ্চ, ডিনার ড্যান্স গালা এবং ইন্টারন্যাশনাল প্রেসিডেন্ট মিট এন্ড গ্রিট, এক্সিবিট হলের লায়ন্স এক্সপো এন্ড লায়ন্স শপিং ছিল সম্মেলনের উল্লেখযোগ্য দিক।

লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন কর্তৃক কনভেনশনে সদস্য কর্তৃক ৮৩ মিলিয়ন ডলার ডোনেশন সংগৃহীত হয়, যা সারা বিশ্বে সেবামূলক কাজে ব্যাবহৃত হবে। নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের পক্ষে লায়ন শাহ নেওয়াজ পিএমজেএফ ৬টি ডায়মন্ড সমতুল্য ৬০০০ ডলার, লায়ন আসিফ বারী পিএমজেএফ দুইটি ডায়মন্ড সমতুল্য ২০০০ ডলার, লায়ন আহসান হাবীব এমজেএফ একটি ডায়মন্ড সমতুল্য ১০০০ ডলার এবং লায়ন হাসান জিলানী এমজেএফ একটি ডায়মন্ড সমতুল্য ১০০০ ডলার ডোনেশন এবং সার্টিফিকেট প্রাপ্ত হন।

২০২৫-২৬ লায়ন্স লিডারশিপ হিসাবে নির্বাচিত হয়েছেন- ইন্টারন্যাশনাল প্রেসিডেন্ট এ পি সিং (কলকাতা, ভারত), প্রথম ভাইস প্রেসিডেন্ট মার্ক লিওন (কানেকটিকাট, ইউএসএ), দ্বিতীয় ভাইস প্রেসিডেন্ট ডা মনোজ শাহ (নাইরোবি, কেনিয়া), তৃতীয় ভাইস প্রেসিডেন্ট এন্থনি সেনবো (ভারমেন্ট, অস্ট্রেলিয়া) অন্যান্য ইন্টারন্যাশনাল ডিরেক্টরের মধ্যে প্রথম বর্ষ ডিরেক্টর নাজমুল হক (বাংলাদেশ)।

এবারের ইন্টারন্যাশনাল প্রেসিডেন্ট থিম মিশন ১.৫ এর মর্মার্থ হলো অধিক সদস্য অন্তর্ভুক্তি ও আরো বেশি ক্লাব চার্টারের মাধ্যমে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের বর্তমান সদস্য ১.৪ মিলিয়ন থেকে ১.৫ মিলিয়নে উন্নীত করা। অধিক সদস্য বৃদ্ধির মাধ্যমে আরো অধিক সেবামূলক কাজের সম্প্রসারণ হবে।

নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের প্রতিনিধিদলে ছিলেন- ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন আসেফ বারী, লায়ন মুনমুন হাসিনা বারী, সেকেন্ড ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর লায়ন শাহ নেওয়াজ, লায়ন আমেনা নেওয়াজ, লায়ন আহসান হাবিব, লায়ন মো. মশিউর মুজুমদার, লায়ন হাসান জিলানী, লায়ন নুরুল আজিম, লায়ন অসিফ রাজ, লায়ন সালমান নেওয়াজ, লায়ন আনিস বারী, লায়ন বদরুদ্দোজা সাগর, লায়ন বেলাল আহমেদ, লায়ন আজাহারুল ইসলাম নাইম, লায়ন শাহ শহিদুল হক, লায়ন কাজী আজম, লায়ন নাজমুদ্দিন সাগর, লায়ন সামসুন্নাহার লিপি, লায়ন কাজী নয়ন (স্টাটেন আইল্যান্ড লায়ন্স ক্লাব) প্রমুখ।
































শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো
"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR
USA
রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।
বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa
রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯
নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।
Title sponsor
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Media Partner
News Print Partner
আজকাল
Online Partner
ONLINE
Magazine Partner
LOOK@ME

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com

# বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!

## SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$

Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.

20 Years Experience

## BUY - SELL - RENT





আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুনঃ

মোহাম্মদ সেলিম রেজা

Lic. Real Estate Sales Person

আমরা বাংলায় কথা বলি

ফোনঃ 929-393-7331

**Mohammad Salim Reza (MBA)**

NYC Licensed Realtor, Professional/ Couteous!

**Tel. 929-393-7331**

Email: mrezarealtor@gmail.com

EXIT

EXIT REALTY PRIME

189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423

Office: 718-262-0205, Fax: 718-262-0254



# IMMIGRATION

# ইমিগ্রেশন

TRANSLATION
TAX FILING



**Dilli R. Bhatta**
Attorney at Law





**Shamim Shahed**
Certified Paralegal
Legal Investigator

- ইমিগ্রেশন
- অ্যাসাইলাম
- অ্যাক্সিডেন্ট
- পারসোনাল ইনজুরি
- ডিভোর্স (আনকনটেস্টেড)

## 631-805-1051

*Primavera* 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372

We Work with
**BHATTA LAW & ASSOCIATES**



বিসমিল্লাহির রাহমানির রাহিম

# প্রবাসী শেরপুর জেলা সমিতি ইউএসএ ইনক

## Probashi Sherpur Zilla Samity USA Inc

# বার্ষিক বনভোজন ২০২৫

সম্মানিত সুধী,

আসসালামু আলাইকুম। আগামী ৩রা আগষ্ট ২০২৫ ইং রোজ রবিবার, প্রবাসী শেরপুর জেলা সমিতি ইউএসএ ইনক এর উদ্যোগে এক মনোরম পরিবেশে বার্ষিক বনভোজনের আয়োজন করা হয়েছে । উক্ত বনভোজনে আপনি/আপনারা স্ব-পরিবারে আমন্ত্রিত।

**Place: George's Island Park, Pavilion 2, Dutch St, Montrose, NY 10548, Date & Time: Sunday, Auguest 3, 2025, 9:00 AM**

GRAND SPONSOR প্রধান অতিথি ও উদ্বোধক:

**ইঞ্জিনিয়ার মাহফুজুল হক**
প্রেসিডেন্ট ও সিইও, খুইশ সোশ্যাল অ্যাডাল্ট ডে কেয়ার এন্ড মার্কিন হোম কেয়ার



বিশেষ অতিথি:

**জামাল আহমেদ**
পরিচালক, ইন্ডিয়ান এশিয়ান কারি রেস্টুরেন্ট ও শাপলা কফি হাউজ

**ফাহাদ সোলায়মান**
নিউ ইয়র্ক সিটি মেয়র এর দক্ষিণ এশিয়া বিষয়ক উপদেষ্টা পরিষদের সদস্য ও সাধারণ সম্পাদক জেবিবিএ

**রকি আলিয়ান**
প্রেসিডেন্ট ও সিইও, স্টার ফার্নিচার ও প্রেসিডেন্ট বাংলাদেশ-আমেরিকান লায়ন্স ক্লাব

**জাকির এইচ চৌধুরী**
প্রেসিডেন্ট ও সিইও এক্সিট রিয়েলিটি কন্টিনেন্টাল, বিশিষ্ট রাজনীতিবিদ ও ব্যবসায়ী ।

**আকর্ষনীয় র‍্যাফেল ড্র**
প্রথম পুরস্কার: নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক এয়ার টিকেট
টিভি, ল্যাপটপ সহ আরো অনেক পুরস্কার



**খেলাধুলা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান**

আমন্ত্রণে
***বনভোজন উদযাপন কমিটি ***

**আহ্বায়ক**
মোঃ আক্তারুজ্জামান
৭১৮-৫৩০-২৬০৫

**প্রধান সমন্বয়কারী**
সাংবাদিক মোঃ আবুল কাশেম
৩৪৭-২৩০-৩৫৭৮

**যুগ্ম আহ্বায়ক**
মোঃ সিরাজুল ইসলাম
৬৪৬-৩৩৯-৩৫১৫

**সদস্য সচিব**
মোঃ মাসুদ পারভেজ মুক্তা
৩৪৭-২৬১-৪৭১০

সদস্যঃ মামুন রাশেদ, রেখা জামান চৌধুরী, আসমাউল হুসনা, নাইছ চৌধুরী, গৌতম চক্রবর্তী, মোঃ রাকিবুল ইসলাম, খন্দকার মেহেদী হাসান, মোস্তারীন আক্তার, সামসুন নাহার সুইটি

**সভাপতি**
ইঞ্জিঃ প্রদোষ চক্রবর্তী
৯০৮-২৩০-৮৬০৬

ধন্যবাদান্তে

**সাধারণ সম্পাদক**
মোঃ হামেদুল হক ঝন্টু
৩৪৭-৬৩৭-০০৫৯

প্রচারে: শিহার আহমেদ জিবরিয়া

## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

## দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS · JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## এনসিপির জন্য কিছু পরামর্শ

১২ পৃষ্ঠার পর

পারে; কিন্তু এই প্রতিশীলতাকে বাধাগ্রস্ত করতে পারে তাদের অভিজ্ঞতাহীনতা। রাজনীতির মাঠ বড়ই পিচ্ছিল। জনগণের কাছে প্রতিটি কাজের জন্য রাজনৈতিক দলকে জবাবদিহি করতে হয়। মোটামুটি সুষ্ঠু নির্বাচন হলে জনগণ কিন্তু ঠিক রায়টাই দেয়। খেয়াল করলে দেখা যাবে, জনগণ যখনই সুযোগ পেয়েছে, তখনই নিজের পছন্দকে অগ্রাধিকার দিয়েছে। যাতাবিকভাবে ক্ষমতার পরিবর্তন করেছে। এরশাদ যুগের পর গণতান্ত্রিক পরিবেশের সূচনা হলে কোনো রাজনৈতিক দলকেই জনগণ একনাগাড়ে দুই টার্মে নির্বাচিত করেনি। কিন্তু ২০০১ সালে নির্বাচিত হয়ে বিএনপি জোটের সরকার গঠন নিয়ে এমন কিছু ঘটনার জন্ম দিল, যাতে মনে হলো ক্ষমতা সুরক্ষিত করার কিছু পরিকল্পনা নিয়েই তারা এগোতে চাইছে। অন্যদিকে পরবর্তীকালে আওয়ামী লীগ ক্ষমতায় এসে নির্বাচনকে প্রহসনে পরিণত করেছে।
স্বাভাবিকভাবে হিসেব দেখলে দেখা যাবে, দেশের জনগণকে যতই সরল মনে করা হোক না কেন, কিংবা যতই তাদের টাকা দিয়ে কেনা যায় বলে অপবাদ দেওয়া হোক না কেন, অবাধ ও সুষ্ঠু নির্বাচন হলে জনগণ তার পছন্দের মানুষ বা দলকেই ভোট দেয়। এবার যদি অবাধ ও সুষ্ঠু নির্বাচন হয়, তাহলেও জনগণ তার পছন্দের মানুষ বা দলকে ভোট দেবে বলে বিশ্বাস করার যথেষ্ট কারণ আছে। প্রশ্ন হলো, নির্বাচনটি কি অবাধ ও সুষ্ঠু হবে?
এনসিপি দলটিকে নিয়ে যে আশার সঞ্চার হয়েছিল মানুষের মনে, তার অল্পই এখন অবশিষ্ট আছে। রাজনীতির মাঠে অনভিজ্ঞ হওয়ায় তারা নানা ধরনের ভুল করছে। বিশেষ করে কথাবার্তায় রাজনীতিতে তারা এমন সব বিতর্কে জড়িত হয়ে পড়েছে, যাতে সাধারণ জনগণের মনে দলটি সম্পর্কে প্রশ্নের উদয় হয়েছে।
গোপালগঞ্জে গিয়ে মুজিববাদের কবর রচনা করার ঘোষণা কেন দিতে হবে কিংবা কক্সবাজারে গিয়ে বিএনপির নেতা সালাহউদ্দিন আহমদকে কেন গডফাদার বানাতে হবে, তার কোনো যুক্তিগ্রাহ্য উত্তর পাওয়া যায় না। কোনো রাজনৈতিক দলকে মোকাবিলা করতে হয় নিজের রাজনৈতিক আদর্শ ও কর্মপন্থা দিয়েই। যদি অপর পক্ষের আদর্শ ও কর্মপন্থার চেয়ে নিজের আদর্শ ও কর্মপন্থা উচ্চতর হয়, তাহলে সহজেই জনগণ সেই আদর্শ ও কর্মপন্থার ওপর আস্থা রাখবে। কিন্তু জনসভায় কর্কশ বক্তৃতার মাধ্যমে অন্যকে যদি হেয় করার চেষ্টা করা হয়, তাহলে তা বুমেরাং হয়ে নিজের দিকেই ছুটে আসতে পারে। যে মুজিববাদের কবর রচনা করার কথা উচ্চারণ করেছেন এনসিপির নেতারা, সেই মুজিববাদটা আসলে কী? আওয়ামী লীগ সরকারও তো মুজিববাদ প্রতিষ্ঠিত করার কথা কখনো বলেনি। তাহলে মুজিববাদ নিয়ে এত কথার জন্ম হলো কেন? শুধু কি তাই? জনমনে এই প্রশ্নও তো রয়েছে, সবখানে যা ছিল সহবাস্থা, সেটা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জেলায় এসে কেন তা সংঘাতে রূপ গোপালগঞ্জ হয়ে গেল? এর তাৎপর্য কী?
অন্যদিকে কক্সবাজারে গিয়েই কক্সবাজার-১ আসনের সাবেক সংসদ সদস্য সালাহউদ্দিন আহমদের নামে বিষোদ্গার করার মধ্যে যে রাজনৈতিক অপরিপক্বতা রয়েছে, সে কথা মনে করিয়ে দেওয়ার মতো কেউ কি নেই এনসিপির উপদেষ্টা মহলে? সংস্কার ও নির্বাচন নিয়ে দেশের এখন লেজেগোবরে অবস্থা। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে নির্বাচন পিছিয়ে যেতে পারে, যা কারও জন্যই আশীর্বাদ হবে না। এনসিপি দলের নেতারা নিজেদের মধ্যেই দলাপরামর্শ করে পরবর্তী পথ-পরিকল্পনা করে নিলে ভালো হয়। দেশ ও বিদেশ থেকে কিছুসংখ্যক 'ইনফ্লুয়েন্সার' যে মতামত দিয়ে থাকেন, তার দায় নিতে গিয়ে যেন এনসিপি নেতারা প্রভাবিত না হন। বঙ্গবন্ধুর জেলায় বঙ্গবন্ধুকে অসম্মান করা কিংবা সালাহউদ্দিন আহমদের এলাকায় তাঁকে গডফাদার আখ্যায়িত করে তাঁর কড়া সমালোচনা করার সময় মনে রাখতে হবে, রাজনৈতিক নেতা মানে কিন্তু একজন মানুষ শুধু নন, কখনো কখনো তা একটি এলাকার জনগণ, কখনো কখনো তা একটি দেশের জনগণের প্রতিনিধি। তাঁর ব্যাপারে সংযত কণ্ঠেই কথা বলতে হয়। এটা অস্বীকার করলে রাজনীতির মাঠ ক্ষণিকের জন্য উত্তপ্ত রাখা যায় বটে, কিন্তু বড় দৌড়ে পরাজয় মেনে নেওয়া ছাড়া উপায় থাকে না। সম্মান করলেই সম্মান পাওয়া যায়, এর অন্যথা হয় না।
লেখক: উপসম্পাদক, আজকের পত্রিকা

## আমরা কি সত্যিই পরিবর্তন চাই?

৫ পৃষ্ঠার পর

অবস্থান নিয়ে সমাজকে দেখেন।
আমরা এদেশকে একটা সুস্থ আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে দেখতে চাই। রক্তমূল্যে পাওয়া এদেশ। তাই দেশপ্রেমিক প্রতিটা রাজনীতিবিদ, সুনাগরিক সুশীল সমাজকে এখন এটা ভাবতে হবে যে আমরা কি চাই? আমরা কি একটা সুস্থ নিরপেক্ষ গণতান্ত্রিক রাষ্ট্র চাই না?
কারো ক্ষমতায় থাকা বা কারো ক্ষমতায় যাওয়ার লড়াইয়ে ২০ কোটি মানুষের এই দেশের ভবিষ্যৎ অনিশ্চিত হতে পারেনা। নাগরিক সমাজের সুশীল ব্যক্তিদের দলবাজি ত্যাগ করে দেশের স্বার্থে একটা সুস্থ গণতান্ত্রিক সমাজ গঠনের পক্ষে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার জন্য কথা বলতে হবে। জনগণ চায় শুধুই রাজনীতির জন্য নয়, দেশের জন্যই হোক আমাদের রাজনীতি।
লেখক: নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

## এমন ট্র্যাজেডির পুনরাবৃত্তি রোধে চাই বাস্তব পদক্ষেপ

১২ পৃষ্ঠার পর

একজন কী দুজন। মাহরীন চৌধুরী ছিলেন এক ক্ষণজন্মা নারী। আল্লাহ তাকে বেহেস্ত নসিব করুন।
তৌকির ইসলামের মতো প্রশিক্ষণবিমান পাইলটকে কেন জীবন দিতে হলো? এর জন্য কি কারও দায় আছে? দেশে এফ-৭ বিমান বিধ্বস্তের এটি ৪র্থ ঘটনা। এর আগে এ সিরিজের আরও ৩টি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছিল। প্রতিটিই ঢাকার বাইরে বিধ্বস্ত হয় এবং পাইলটরা নিহত হন। পুরোনো নকশার এয়ার ফ্রেম, সীমিত নিরাপত্তা ও আধুনিক ফ্লাইট নিয়ন্ত্রণ ব্যবস্থার ঘাটতির কারণে বিশ্বব্যাপী এ ধরনের জেট বিমানের দুর্ঘটনার হার বেশি বলে জানিয়েছে যুক্তরাজ্যভিত্তিক অ্যারোস্পেস গ্লোবাল নিউজ (এজিএন)। এভিয়েশনভিত্তিক ওয়েবসাইটগুলোর তথ্য অনুযায়ী, এফ-৭ জেট সারা বিশ্বেই আকাশ প্রতিরক্ষা, বহুমুখী অভিযান ও পাইলটদের প্রশিক্ষণের জন্য ব্যবহৃত হয়। তবে এটি কম স্বয়ংক্রিয় হওয়ায় দ্রুতগতিতে এবং স্বল্প উচ্চতায় প্রশিক্ষণের সময় পাইলটদের বিশেষ মনোযোগের প্রয়োজন হয়। এভিয়েশনভিত্তিক ওয়েবসাইট এয়ারফোর্স টেকনোলজির ২০২০ সালের জুলাইয়ের এক প্রতিবেদন অনুযায়ী চীনের কাছ থেকে বাংলাদেশ বিমানবাহিনী ১৬টি এফ-৭ এম বি, ১৬টি এফ-৭ জিজি এবং ৮টি এফটি-৭ বি প্রশিক্ষণ বিমান কিনেছিল। পরে এফ-৭ এমবি বিমানগুলোর বদলে ধাপে ধাপে ১০০টি এফ-৭ বিজি জেট বহরে যুক্ত হয়। তথ্য বিচারে প্রতীয়মান হয় এফ-৭ বিমানগুলো ১৫ বছরের পুরোনো। জানা গেছে, চীনের পক্ষ থেকে এগুলোর ব্যবহার বাতিলের অনুরোধ করা হয়েছিল। তবে এই তথ্য যাচাই বাছাই করার সুযোগ হয়নি। এটি নিশ্চিত যে, এই জেট বিমানগুলোর অনেক বয়স হয়েছিল এবং এগুলো অনেক আগেই বাতিলযোগ্য বলে বিবেচিত হওয়া উচিত ছিল। কিন্তু তা হয়নি। এটি আমাদের রাষ্ট্র ব্যবস্থার বিরাট ঘাটতি বলে বিবেচিত হওয়া উচিত। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, সামরিক বাহিনীর জন্য বাজেটের যে স্বল্প অংশ বরাদ্দ দেওয়া হয় তাও যৌক্তিকভাবে ব্যয় করা হয় কিনা তা নিয়ে প্রশ্ন আছে। সামরিক বাহিনীর জন্য যে বরাদ্দ দেওয়া হয় তার কত অংশ যুদ্ধাস্ত্র এবং কত অংশ যুদ্ধাস্ত্রবহির্ভূত কাজের জন্য ব্যয় হয় তা নিয়ে প্রশ্ন তোলা অস্বাভাবিক হবে না। আমাদের প্রতিরক্ষাব্যবস্থার বিভিন্ন দুর্বলতার মধ্যে এই দুর্বলতাটি আমাদের দেশ রক্ষাব্যবস্থাকে অত্যাবশ্যকভাবে দুর্বল করে রেখেছে। এ বিষয়ে ব্যাপক অনুসন্ধান ও তদন্ত হওয়া উচিত। গত সোমবারের যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়াকে কেন্দ্র করে কিছু দুঃখজনক ঘটনা ঘটেছে। এসব ঘটনার মধ্যে প্রতিকারের দাবি করে বিক্ষোভ হয়েছে। এসব বিক্ষোভে উপদেষ্টাদের কেউ কেউ নাজেহাল হয়েছেন। সচিবালয়ে অনাকাঙ্ক্ষিত বিক্ষোভ হয়েছে। এ বিক্ষোভে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের উসকানি ছিল বলে অভিযোগ উঠেছে। এ ধরনের ঘটনা না ঘটলেই ভালো হতো। জাতীয় দুর্যোগের সময় আমাদের প্রতিক্রিয়া যদি গঠনমূলক হয় সেটা দেশ ও দশের জন্য মঙ্গলজনক হবে।
ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## পরম্পরা সংগীত একাডেমি'র বার্ষিক সংগীত সম্মেলন

৩ পৃষ্ঠার পর

সঠিক পরিবেশনা, প্রচার এবং প্রসারের লক্ষ্যে ২০১৮ সাল থেকে নিরলস প্রশিক্ষণ দিয়ে যাচ্ছে পরম্পরা সংগীত একাডেমি ইউএসএ'র শিক্ষকবৃন্দ বিপুর মুখার্জি এবং রবিশংকর ভট্টাচার্য।
এই ধারাবাহিকতায় পরম্পরা একাডেমি প্রতিবছর নিউইয়র্কে শিক্ষার্থী এবং অতিথি সংগীতজ্ঞদের জন্য সংগীত সম্মেলন এর আয়োজন করে থাকে।
এবছরের সংগীত সম্মেলন এর মঞ্চায় সমবেত ভজন এর পরে, তবলা লহরী, ভজন, কাজরী, দাদরা, গজল, রাগ বসন্ত, গণেশ স্তুতি সহ একাডেমির শিক্ষার্থীদের বয়সভিত্তিক ভারতীয় শাস্ত্রীয় সংগীতের মনোজ্ঞ পরিবেশনা উপভোগ করেন অতিথিবৃন্দ। অতিথি সংগীতজ্ঞের মধ্যে সিতার মায়েস্ত্রো উস্তাদ হিদায়েত হুসেইন খান এর সিতারের পরিবেশনা মুগ্ধ করে দর্শকদের। তার সাথে তবলায় ছিলেন ভারতের প্রতিভাবান তবলা বাদক মল্লার গোস্বামী। পরম্পরা একাডেমির সংগীত গুরু বিপুর মুখার্জির একক সংগীত পরিবেশনা, সুরের মূর্ছনায় বিমোহিত হন দর্শকেরা। সবশেষে বাংলা বাউল গানে দর্শকদের মুগ্ধ করেন বাউল শিল্পীরা।

## জুলাই বিপ্লবে মাদ্রাসা শিক্ষার্থী ও আলেমদের অবিস্মরণীয় অবদান

২৫ পৃষ্ঠার পর

ব্যতিক্রম ছিল যাত্রাবাড়ী। ২২ জুলাই পর্যন্ত এখানে পুলিশ-আন্দোলনকারীদের সংঘর্ষ চলে। এ সময় পুলিশ সাউন্ড গ্রেনেড, কাঁদানে গ্যাসের শেল, গুলি ব্যবহার করেও আন্দোলনকারীদের সড়ক থেকে সরাতে ব্যর্থ হয়। এরপর ২৩ জুলাই যাত্রাবাড়ী এলাকা অনেকটা নিয়ন্ত্রণে নেয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। ৩ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে বিক্ষোভ মিছিল এবং ৪ আগস্ট থেকে অসহযোগ আন্দোলনের ডাক দেওয়া হলে যাত্রাবাড়ী এলাকায় আবারও প্রতিরোধ গড়ে তোলেন আন্দোলনকারীরা। ৩ থেকে ৫ আগস্ট পর্যন্ত এ এলাকায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে মাদ্রাসা শিক্ষার্থী ও জনতার দফায় দফায় সংঘর্ষ হয়। আন্দোলনে অংশগ্রহণকারীদের তথ্য অনুযায়ী জুলাই গণ-অভ্যুত্থানে যাত্রাবাড়ী এলাকায় পুলিশের গুলিতে শতাধিক নিহত এবং সহস্রাধিক আহত হয়েছেন। জুলাই স্মৃতি ফাউন্ডেশনের শহীদদের তালিকা বিশ্লেষণ করে দেখা গেছে, আন্দোলনে যাত্রাবাড়ীতে নিহত হন অন্তত ১১৫ জন।
আবুল কালাম মিয়া নামে যাত্রাবাড়ীর স্থানীয় এক বাসিন্দা বলেন, 'যাত্রাবাড়ীতে পুলিশ গুলি চালানোর পর শিক্ষার্থীদের সঙ্গে আমরা সাধারণ মানুষও অংশগ্রহণ করি। ১৯ ও ২০ জুলাই চোখের সামনেই আমি তিনজনকে গুলিবিদ্ধ হতে দেখি, যাদের মধ্যে একজন মাদ্রাসাছাত্র ছিল। সে পরে বেঁচেছিল কিনা জানি না। এরপর আন্দোলন যখন একটু থিতিয়ে আসে তখন শুরু হয় পুলিশি হয়রানি। একদিন আমার একটু সামনে থেকে দুজন মাদ্রাসাছাত্রকে ধরে নেয়। এ ঘটনার পর আমি আমার এক আত্মীয়ের বাড়ি চলে যাই।'
জুলাই অভ্যুত্থান সফলতার পেছনে সাধারণ ছাত্র-জনতার পাশাপাশি কওমি মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের অবদানও ছিল চোখে পড়ার মতো। অভ্যুত্থানের সঙ্গে কওমি অঙ্গনের সম্পর্ক ছিল অত্যন্ত গভীর। এ অঙ্গন থেকে যারা আন্দোলনের মাঠে সরাসরি অংশ নিয়েছেন এবং অসীম সাহসিকতা ও দূরদর্শিতার সঙ্গে নেতৃত্ব দিয়েছেন, তাদেরই একজন রাজধানীর জামিয়া আরাবিয়া দারুল উলূমের মুহাদ্দিস ও জমিয়তে উলামায়ে ইসলামের যুগ্ম মহাসচিব মাওলানা ওয়ালি উল্লাহ আরমান। আন্দোলনের দিনগুলোর অভিজ্ঞতা নিয়ে জানতে চাইলে তিনি বলেন, জুলাইয়ের ১৫ তারিখের পর থেকে ছাত্র জনতার সংগ্রাম অগ্নিগর্ভ রূপ ধারণ করে। আমি রামপুরা ওয়াপদা রোড এলাকায় জনতার বিক্ষোভ মিছিলে অংশ নিই। রামপুরা-বাড্ডা রাজধানীর প্রতিবাদ-প্রতিরোধের অন্যতম প্রধান স্পট হওয়ার ফলে ওখানটায় মারণাস্ত্রধারী বাহিনীর উপস্থিতি এবং রুদ্র মূর্তি ছিল প্রচণ্ড। ১৭ তারিখে ওয়াপদা রোডের একটি মিছিলে বিজিবি কিংবা অন্য কোনো বাহিনীর গুলিতে আমাদের পার্শ্ববর্তী মাদ্রাসার একটি ছাত্র গুলিবিদ্ধ হয়, গুলিটি তার শরীরের একদিক দিয়ে ঢুকে অন্যদিক দিয়ে বের হয়ে যায়। ওই মিছিলে আমিও ছিলাম। রামপুরা বনশ্রীবাজার এলাকায় তিন দিন আন্দোলনকারী ছাত্রজনতাকে খাবার এবং পানি দিয়ে পাশে দাঁড়ানোর সৌভাগ্য হয়েছিল। আন্দোলনের শেষ তিন দিন (৩-৫ আগস্ট) প্রতিদিন শাহবাগ, কেন্দ্রীয় শহীদ মিনার, জাতীয় প্রেস ক্লাব ও পল্টনে প্রতিবাদ বিক্ষোভে অংশ নিয়েছি। আমাদের সংগঠনের পক্ষ থেকে সংগ্রামীদের হাতে সাধ্যমতো পানির বোতল তুলে দিয়েছি। তিনি আরও বলেন, দেশের নানা প্রান্তে সরকারি বাহিনীর নৃশংস হত্যাকাণ্ডের প্রতিবাদে ১৯ জুলাই জাতীয় প্রেস ক্লাবের সামনে সর্বদলীয় প্রতিবাদ সভার আয়োজন করা হয়। ওই সভায় আমরা অংশগ্রহণ করি। এর আগে সভাস্থলে যাওয়ার জন্য জুমার পর আমরা সেগুনবাগিচা হয়ে প্রেস ক্লাবের দিকে অগ্রসর হলেই প্রথমে সশস্ত্র আর্মড পুলিশের বাধার সম্মুখীন হই। তাদের বাধা ডিঙিয়ে প্রেস ক্লাবের বিপরীতে মূল সড়কে পৌঁছে তিন দিক থেকে অবরুদ্ধ হয়ে পড়ি। হাইকোর্টের দিক থেকে পুলিশ সাউন্ড গ্রেনেড এবং টিয়ারশেল ছুড়ে এগিয়ে আসতে থাকে। প্রেস ক্লাবের প্রবেশপথে বিজিবি রাইফেল উঁচিয়ে তেড়ে আসে। ওদিকে পল্টন মোড় থেকে পুলিশের ছত্রছায়ায় আওয়ামী সন্ত্রাসীরা অবৈধ অস্ত্র নিয়ে আমাদের লক্ষ্য করে ছুটে আসে। জীবনের ঝুঁকি নিয়ে আমি প্রেস ক্লাবের পূর্ব পাশ দিয়ে রিকশায় চড়ে সচিবালয় মসজিদের সামনে থেকে জিপিও মোড় হয়ে বায়তুল মোকাররম চলে যাই। সেখানে তখন ইসলামি আন্দোলনের প্রতিবাদ সমাবেশ পুলিশি বেষ্টনীতে পড়ে গেছে। দ্রুত পল্টন কালভার্ট রোডে চলে যাই। সেখানে অন্যান্য সংগঠনের দায়িত্বশীলদের নেতৃত্বে তুমুল প্রতিরোধ শুরু হয়েছে। আমরা সেগুনবাগিচা হয়ে প্রেস ক্লাবের দিকে যাওয়ার জন্য পল্টন টাওয়ারের সামনে সংগঠিত হয়ে বিজয়নগর পানির ট্যাংকির দিকে এগোতে থাকি। ইতোমধ্যে রক্তপিপাসু পুলিশের বড়োসড়ো একটি দল গুলি ছুড়তে ছুড়তে আমাদের দিকে এগিয়ে আসে। বাধ্য হয়ে আমাদের কালভার্ট রোডের দিকে পিছু হটতে হয়। পুলিশের গুলিতে পল্টন টাওয়ারের সামনে অন্তত তিনজন আন্দোলনকারী শহীদ হন। তাদের মাথার খুলি উড়ে যায়। আমাদের পক্ষে কালভার্ট রোডের আশপাশে টিকে থাকা সম্ভব হয়নি। কালভার্ট রোডের প্রতিরোধে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক নাসির উদ্দিনও ছিলেন। অতঃপর পুলিশ এবং সশস্ত্র আওয়ামী সন্ত্রাসীদের চোখ এড়িয়ে নানাপথ ঘুরে রামপুরায় আমার মাদ্রাসায় ফিরে আসি।
জুলাই আন্দোলনে মাঠে ছিলেন দেশ বরেণ্য মুফাসসিরে কুরআন মাওলানা খালিদ সাইফুল্লাহ আইয়ূবী। তার অংশগ্রহণ সম্পর্কে তিনি বলেন, শুরুতে এ আন্দোলন যে দাবিতে গড়ে উঠেছিল, তার সঙ্গে কওমি মাদ্রাসা সংশ্লিষ্টদের কোনো সম্পৃক্ততা ছিল না। কারণ, সরকারি চাকরিতে কোটা থাকা না থাকায় কওমি শিক্ষক-শিক্ষার্থীদের কোনো সম্পর্ক নেই। কিন্তু যখন জুলাইয়ের মাঝামাঝিতে সরকারি বাহিনী এবং আওয়ামী সন্ত্রাসীরা আন্দোলনকারীদের নৃশংস কায়দায় হত্যা এবং নারী শিক্ষার্থীদের ওপর লজ্জাবিহীন সন্ত্রাসী হামলা চালায়, তখন এই আন্দোলন আর শুধু স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের ইস্যু থাকে না; বরং জাতীয় ইস্যুতে পরিণত হয়। মাদ্রাসা ছাত্ররা স্ব-উদ্যোগে, যে যেখানে পেরেছে ঢাকাসহ সারা দেশে প্রশাসন ও আওয়ামী সন্ত্রাসীদের রক্তচক্ষু উপেক্ষা করে আন্দোলনে সম্পৃক্ত হয়। প্রতিবাদ প্রতিরোধে বিভিন্ন সংগঠন এবং সংগঠনের বাইরে থাকা তরুণরা অংশগ্রহণ করে।
অভ্যুত্থানে কওমি অঙ্গনে শহীদদের স্মরণে ও সম্মানে কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন জানতে চাইলে তিনি বলেন, কিন্তু সত্যিকারার্থে বললে এর কোনো রকম মূল্যায়ন কওমি ছাত্র-শিক্ষকরা পেয়েছে বলা যাবে না। বিচ্ছিন্নভাবে কেউ কেউ হয়তো স্বীকৃতি দিচ্ছেন, কিন্তু মূল্যায়ন অথবা সন্নিবেশিত করার ব্যাপারে বরাবরের মতো এবারও কওমি সংশ্লিষ্টদের ঐতিহাসিক ভূমিকা এড়িয়ে যাওয়া হচ্ছে। এটা রাষ্ট্রীয়ভাবে যেমন হচ্ছে, বিভিন্ন সংগঠনও পাশ কাটানোর চেষ্টা করছে। দুর্ভাগ্যক্রমে এক্ষেত্রে আমাদের ব্যর্থতাও কম নয়। আমাদের অঙ্গনে সক্রিয় বিভিন্ন সংগঠন, শিক্ষাবোর্ড অথবা প্রতিষ্ঠানের পক্ষ থেকেও এ বিষয়ে কার্যকর কোনো উদ্যোগ চোখে পড়েনি।
জুলাই আন্দোলনের পটভূমি তৈরির ক্ষেত্রে যারা ভূমিকা রেখেছেন তাদের মধ্যে জামায়াতী তাহফিজুল কুরআন ফাউন্ডেশনের চেয়ারম্যান শাইখ মুহাম্মদ জামাল উদ্দীন অন্যতম। তিনি আওয়ামী ফ্যাসিবাদীর বিরুদ্ধে মাঠে ময়দানে বক্তৃতা দিয়ে বেড়াতেন। এ প্রসঙ্গে তিনি বলেন, গত ১৮ বছর প্রতিটি দিনই আমরা সব সময় সোচ্চার ছিলাম। মাঠে ময়দানে যেখানেই ওয়াজে গিয়েছি, স্বৈরাচারী শাসনব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদী কণ্ঠে বয়ান রেখেছি। এরপর যখন গত বছরের জুলাই মাসে ছাত্র-জনতা আওয়ামী দুঃশাসনের বিরুদ্ধে রাস্তায় নেমে আসে তখন আমি, আমার ছাত্রদের নিয়ে রাস্তায় নেমে আসি। আমরা যাত্রাবাড়ী এলাকায় প্রতিরোধ গড়ে তুলি।
যাত্রাবাড়ীর আন্দোলনের অভিজ্ঞতা জানতে চাইলে তিনি বলেন, জুলাই আন্দোলনে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের পাশাপাশি সক্রিয় ও গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল মাদ্রাসা শিক্ষার্থী ও আলেম উলামাদের। ওই সময় যাত্রাবাড়ী, উত্তরা, গাজীপুর, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে মাদ্রাসাছাত্রদের বড় ভূমিকা ছিল। বিশেষত ঢাকার যাত্রাবাড়ীতে মাদ্রাসাছাত্রদের প্রতিরোধ আলোচিত ঘটনা ছিল।
মাদ্রাসার শিক্ষার্থীদের অবদান ও স্বীকৃতির বিষয়ে ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেন, আমরা লক্ষ করেছি জুলাই বিপ্লবে আলিয়া ও কওমি নির্বিশেষে মাদ্রাসার শিক্ষার্থীরা ফ্যাসিবাদের বিরুদ্ধে দুর্বার প্রতিরোধ গড়ে তুলেছিল। এ বিপ্লবে মাদ্রাসা শিক্ষার্থীরা আহত হয়েছেন, অনেকে প্রাণ দিয়েছেন আগামী দিনেও বাংলাদেশের অগ্রযাত্রায় মাদ্রাসার শিক্ষার্থীরা সর্বোচ্চ ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকবে। শুধু জুলাই গণ-অভ্যুত্থান নয়, মুক্তি সংগ্রামের ইতিহাসে এ দেশের মাদ্রাসার শিক্ষার্থীদের ভূমিকা স্বর্ণাক্ষরে লেখা থাকবে। এ দেশের ৫৪ বছরের ইতিহাসে মাদ্রাসার ছাত্ররা দেশের কৃষক, শ্রমিক ও মেহনতি মানুষের কাঁধে কাঁধ মিলিয়ে মুক্তির জন্য, জনগণের অধিকারের জন্য পরিশ্রম করেছেন। তারা প্রাণ দিয়েছেন, জেল খেটেছেন, মামলা-হামলার শিকার হয়েছেন। এ দেশকে একটি কল্যাণ রাষ্ট্র ও গণতান্ত্রিক সংস্কৃতি প্রতিষ্ঠার আন্দোলনে মাদ্রাসার শিক্ষার্থীরা সর্বোচ্চ ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকবেন। আমরা আশাহত হব না। আমরা সাহস হারাব না, হীনমন্যতায় ভুগব না। আমরা বাংলাদেশকে একটি আদর্শিক গণতান্ত্রিক রাষ্ট্র হিসাবে গড়ে তুলতে চাই। মাদ্রাসা শিক্ষার্থীরা অতীতেও জনগণের পাশে ছিল, আগামীতেও থাকবে।



MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS | Emirates | TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান







যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।

## আমরা ওমরার প্যাকেজ করে থাকি

আমাদের প্যাকেজ বিবরণ

- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

**NAFS TRAVEL INC.**
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com

NAFS TRAVEL



37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)

Amader Service.com
Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

**ইভেন্ট ম্যানেজমেন্ট**
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

**হোম সার্ভিস**
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

**অফিস এ্যাডভাইজারী**
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place
from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play
GET IT ON App Store

CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

## বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

**Md. Alamgir Hossain**
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

## মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২




# TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

## BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

* Tuition is Free but there is little fee for books

- Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

**147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435**

Email: libertytaxschool101@gmail.com (আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

## ড. ইউনূসের প্রস্তর যুগে ফিরা

৫ পৃষ্ঠার পর

পেরেছিল ৫৪ বছর। ৭১ এর সেই ক্ষত না শুকাতে আবার ধর্ষিতা হচ্ছে প্রতিদিন আমার এই প্রিয় মাতৃভূমি বাংলাদেশ। জুলাই আগস্ট মাসে সন্ত্রাস সৃষ্টি করে - গণতান্ত্রিক সরকার উৎখাত করে দেশে জঙ্গিবাদ কায়েম করেছে। তারা সরাসরি আমার দেশের স্বাধীনতা সার্বভৌমত্বের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। তারা জুলাই সন্ত্রাসকে বৈধকরনের জন্য জুলাই সনদ নামকরণ করে এটাকে বৈধতা দিতে চায়। তারা আমার মুক্তিযুদ্ধকে মুছে ফেলে ২০২৪ এর জঙ্গি হামলাকে ৭১ এর মুখোমুখি দাঁড় করিয়ে - ৭১ এর মুক্তিযুদ্ধকে অবমাননা করতে চায়, ওরা ৭২ এর সংবিধান বাতিল করে তালেবানি আদর্শের সংবিধান রচনা করতে চায়। ওরা মুক্তিযুদ্ধের বাংলাকে ইতিহাস থেকে মুছে ফেলে জঙ্গিবাদী আদর্শের নামে এদেশে নৈরাজ্য সৃষ্টি করতে চায়। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি - যার হৃদয় জুড়ে ছিল বাংলাদেশ, বাংলাদেশের স্বাধীনতা - তিনি জীবন যৌবনের শ্রেষ্ঠ সময়টা জেল জুলুম নির্যাতন সহ্য করেও স্বাধীনতার প্রশ্নে আইয়ুব ইয়াহিয়ার মত স্বৈরাচারী শাসকের সাথে আপোষ করেননি, শেষ পর্যন্ত ছয় দফা উপস্থাপন করেই বাঙালিকে স্বাধীনতা এনে দিয়েছেন - তার আহবানে সাড়া দিয়ে সাড়ে সাত কোটি বাঙালি ঐক্যবদ্ধ থেকে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিল এবং সাধারণ জনগণ মুক্তিযুদ্ধকে সমর্থন যুগিয়ে ছিল। অবশেষে ৩০ লক্ষ শহীদের আত্মত্যাগ, ২ লক্ষ মা বোনের ইজ্জতের বিনিময়ে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর বর্বর পাকিস্তানি মিলিটারির আত্মসমর্পণের মধ্য দিয়ে ২৪ বছরের শাসন শোষণের নির্যাতনের দেয়াল ভেঙে স্বাধীনতা ছিনিয়ে এনেছি। এই স্বাধীনতা বাঙালি জাতির কাছে মহামূল্যবান, কারণ এই স্বাধীনতা আমাদেরকে নতুন করে বাঁচার পথ দেখিয়েছে - আমাদেরকে স্বপ্ন দেখিয়েছে স্বপ্নের বাংলাদেশ গড়ার। অথচ আজকে যারা ক্ষমতা দখল করে বসে আছে ওদের পূর্বপুরুষরা সবাই ছিল রাজাকার আলবদর। ওরা কেউ স্বাধীনতা চায়নি, ওরা পাকিস্তানি মিলিটারিকে পথ দেখিয়েছে, মুক্তিযোদ্ধাদের ধরিয়ে দিয়েছে, বাঙালি নারীদের পাকিস্তানি বর্বর মিলিটারির হাতে তুলে দিয়েছে ধর্ষণ করার জন্য। তাদেরই উত্তরাধিকারী আজকের সারজিস, হাসনাত আব্দুল্লাহ সহ মৌলবাদীরা। তারা ইতিমধ্যে জাতির পিতার ৩২ নম্বরের বাড়ি ভেঙেছে, সারা বাংলাদেশে আওয়ামী লীগ নেতাকর্মীদের ঘর ভেঙেছে, এবার তারা হুমকি দিচ্ছে তারা গোপালগঞ্জে গিয়ে মাজার কবর ভাঙবে। তারা যা খুশি করছে। ড. ইউনূস অন্তর্বর্তী সরকার প্রধান - তিনি কোন কিছুই করছেন না - তিনি নির্বিকার, তিনি ক্ষমতায় আর জঙ্গিরা পুরো দেশে সন্ত্রাস হত্যা ধর্ষণ লুটপাট শুরু করেছে, দেশে নাই কোন আইন-শৃঙ্খলা, নাই কোন বিচারিক কার্যক্রম, আদালত গুলো হচ্ছে জঙ্গিদের দপ্তর আর সেখানে বসিয়ে দেয়া হয়েছে শীর্ষ জঙ্গি নেতাদের বিচারক হিসেবে। আর আইনজীবী যারা আছে এরা প্রত্যেকেই সন্ত্রাসী, আইনের ছাত্র হলেও তাদের জন্ম হয়েছে সন্ত্রাসের প্ল্যাটফর্ম থেকে, আজ বাংলাদেশের আদালত সবচেয়ে ভয়াবহ ও অনিরাপদ হয়ে উঠেছে এসব সন্ত্রাসী আইনজীবীদের কারণে। এখনতো আদালতে সব আসামি আওয়ামী লীগের নেতাকর্মী, আওয়ামী সমর্থক ব্যবসায়ী, আওয়ামী সমর্থক সাংবাদিক, আওয়ামী সমর্থক বুদ্ধিজীবী, সংস্কৃতি কর্মী, শিক্ষক, ছাত্রলীগ যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মী, আইনজীবী সহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ। আদালত নাগরিকের সর্বোচ্চ একটা ভরসার জায়গা - সেখানে ন্যায় বিচার পাওয়ার আশায় একজন নাগরিক আশায় বুক বেঁধে থাকে, আজ বাংলাদেশের আদালত সবচেয়ে বিপদজনক অনিরাপদ একটি জায়গা এমনকি ভয়ংকরও, এখানে যারা আইনজীবী - এরা জামাত-বিএনপির গুন্ডাদের দখলে, ওরা আদালতে গুন্ডামি করে, ওরা জজের সামনে টেবিল চাপড়ায়, জজের রুমের দরজায় লাথি দিয়ে জজ কে পর্যন্ত গালিগালাজ করে, আর সেখানে আওয়ামী লীগের নেতাকর্মী - মন্ত্রী - এমপি - সাংবাদিক ওদেরকে তো ওরা মানুষ মনে করে না, একজন আসামিকে যখন পুলিশ পাহারায় আদালতে জজের সামনে হাজির করার জন্য আনা হয় আর তখন এই জামাত-বিএনপির গুন্ডারা পুলিশ এবং জজের সামনে তাকে আক্রমণ করে মারধর করে, ময়লা আবর্জনা নিক্ষেপ করে, আর অকথ্য অশ্রাব্য গালিগালাজ তো খুব মামুলি ব্যাপার। এই হল ড. ইউনূসের আজকের বাংলাদেশ। এখানে জঙ্গিবাদ, মৌলবাদ, সন্ত্রাস, হত্যাকান্ড, ধর্ষণ, পাথর ছুঁড়ে মানুষ হত্যা খুবই স্বাভাবিক একটি বিষয় - যা স্মরণ করিয়ে দেয় আইয়ামে জাহিলিয়াতের অন্ধকার যুগের কথা, মধ্যযুগীয় বর্বরতার কথা, আর প্রস্তর যুগের।

## বারান্দায় বুলেটপ্রুফ কাচ, সালমান বললেন...

৪৬ পৃষ্ঠার পর

পোস্টে এ ঘটনার দায় স্বীকার করেন। এরপর মুম্বাই ট্রাফিক পুলিশকে একটি হুমকির বার্তা পাঠানো হয়, সেখানে সালমান খানের 'ক্ষমার' বিনিময়ে দাবি করা হয় পাঁচ কোটি টাকা। বার্তায় উল্লেখ ছিল, টাকা না দিলে সালমান খানের পরিণতি হবে 'বাবা সিদ্দিকির থেকেও ভয়ংকর', যাঁকে ১২ অক্টোবর ২০২৪এ গুলি করে হত্যা করা হয়েছিল। এ ঘটনার পর সালমান খানের নিরাপত্তা বহুলাংশে বাড়ানো হয়। তিনি দুবাই থেকে প্রায় দুই কোটি টাকার একটি বুলেটপ্রুফ নিসান প্যাট্রোল গাড়ি আমদানি করেন। মুম্বাইয়ের ফিল্ম সিটিতে 'বিগ বস ১৮'এর শুটিং স্পটে নেওয়া হয় বাড়তি নিরাপত্তার ব্যবস্থা। তাঁর ব্যক্তিগত নিরাপত্তা দলের সঙ্গে যুক্ত করা হয় আরও ৮ থেকে ১০ সশস্ত্র নিরাপত্তারক্ষী। পাশাপাশি মুম্বাই পুলিশ তাঁর বাড়িতে একটি বিশেষ কমান্ড সেন্টারও গঠন করে।


সুখবর! সুখবর !!

31ST AVENUE GROCERY & 99 CENT STORE

LOTTO | ATM | EBT | EVERAGE | ICECREAM

80-05 FRESH VEGETABLE, FRUITS, HALAL MEAT, FISH & ALL KIND OF HOUSEHOLD ITEMS 718-210-1996

ইস্ট এলমহার্স্ট ৮০স্ট্রীট ও ৩১ এভিনিউর উপর বাংলাদেশী অধ্যষিত এলাকার আবু হোরায়রা মসজিদের সন্নিকটে সম্পূর্ন বাংলাদেশী মালিকানাধীন গ্রোসারী ও নিত্য প্রয়োজনীয় পন্যের একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান।

- এখানে পাবেন ফ্রেস শাকসবজী ও ফলমুল
- হালাল মাংস ও মাছ
- ক্রেতাদের সেবা প্রদানই আমাদের লক্ষ্য
- আমরা EBT গ্রহন করি













৩১ এভিনিউ গ্রোসারী এন্ড ৯৯ সেন্ট স্টোর
৮০-০৫, ৩১ এভিনিউ ইস্ট এলমহার্স্ট (এস্টোরিয়া)
ফোনঃ ৭১৮-২১০-১৯৯৬

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
Jackson Heights Office

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান



- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation



Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

24 Hours Open



TOYOTA LEXUS Mercedes-Benz Ford BMW LAND ROVER MITSUBISHI HYUNDAI SUZUKI

১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

Our Services
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed

Contact : AZAM

Tel: 718-786-6677 / 718-361-6432

Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.

## নেওয়াজ হালিমা আরলীকে জিয়া পরিষদের সংবর্ধনা

৩ পৃষ্ঠার পর

সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল। সভা পরিচালনা করেন যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের সদস্য সচিব জাকির হাওলাদার ও যুগ্ম সদস্য সচিব প্রকৌশলী সৈয়দ আজাদ। অনুষ্ঠানে অতিথিকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এডভোকেট নেওয়াজ হালিমা আরলী বলেন, অনেক ত্যাগের বিনিময়ে নতুন বাংলাদেশ পেতে যাচ্ছি। দেশবাসীর মতো প্রবাসীরাও ফ্যাসিবাদ শেখ হাসিনার পতনের আন্দোলনের অংশীদার। নতুন বাংলাদেশ গড়তে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আর যারা দল ও দেশের মানুষের ভালো চায় না তাদের ব্যাপারে সজাগ থাকতে হবে। নানা ঘাত প্রতিঘাত পেরিয়ে বিএনপি প্রমাণ করেছে তারা জনগণের দল আর দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান, বেগম খালেদা জিয়া আর তারেক রহমান খাঁটি দেশপ্রেমিক।

অনুষ্ঠানে আব্দুল লতিফ সম্রাট বলেন, বিএনপি দল ও দেশের ভালো চায়। তাই সত্যকে সত্য বলার সাহস রাখে। যারা প্রবাসীদের কটাক্ষ করছেন তারা দল ও দেশের ভালো চান না। প্রবাসীদের কটাক্ষ করায় সৈয়দা আলিফা আশরাফী পাপিয়াকে দল থেকে বহিষ্কার দাবী করেন তিনি।

গিয়াস আহমেদ বলেন, প্রবাসীরা রেমিট্যান্স পাঠিয়ে দেশকে অর্থনৈতিকভাবে সমৃদ্ধ করছে। আর সেই প্রবাসীদের কটাক্ষ করাকে প্রবাসীরা তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়। পাপিয়ার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নিতে হবে।

মোস্তফা কামাল পাশা বাবুল বলেন, সময় এসেছে প্রবাসীদের মূল্যায়ন করার। যোগ্য প্রবাসীদের এমপি পদে মনোনয়ন দেয়ার জন্য কেন্দ্রীয় হাই কমান্ডের প্রতি দাবী জানান তিনি।

সভাপতির বক্তব্যে সামসুল ইসলাম মজনু যুক্তরাষ্ট্র জিয়া পরিষদকে শক্তিশালী করতে প্রবাসের জাতীয়তাবাদী আদর্শের জ্ঞানী-গুণী, গবেষকদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

সভায় সংবর্ধিত অতিথি ছাড়াও অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা কমান্ডার মনজুর আহমেদ ও আব্দুস সালাম, নিউইয়র্ক স্টেট বিএনপি'র (একাংশ) সভাপতি সালেহ আহমেদ মানিক, নিউইয়র্ক স্টেট বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক ইমরান শাহ রন, যুক্তরাষ্ট্র জাসাস-এর সদস্য সচিব জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, বিএনপি নেতা ইঞ্জিনিয়ার এম এ খালেক, ব্রুকলিন কমিউনিটি বোর্ড মেম্বার শাহজাহান শেখ, যুক্তরাষ্ট্র জিয়া পরিষদের যুগ্ম আহ্বায়ক জিপি আলমগীর খান, ঢাকা মহানগর উত্তর শ্রমিক দল নেতা কাজী মোহাম্মদ মনিরুল ইসলাম, এডভোকেট শাহনাজ পারভীন জোসনা, এডভোকেট রেজওয়ানা সেতু প্রমুখ।

## বিএনপির বিক্ষোভ ও শোক সমাবেশ অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

কমিটির অন্যতম সদস্য গিয়াস আহমেদ এবং কেন্দ্রীয় কমিটির অপর সদস্য আব্দুল লতিফ সম্রাট। বিশেষ সম্মানীত অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন বিএনপি চেয়ারপারসনের বৈদেশিক কমিটির সদস্য গোলাম ফারুক শাহীন, স্টেট বিএনপি'র সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জসিমউদ্দিন (জিপি) এবং যুক্তরাষ্ট্র শ্রমিক দলের সভাপতি জাহাঙ্গির এম আলম। বক্তব্যে আব্দুল লতিফ সম্রাট এনসিপির দুর্নীতি আর অপশাসনের দায় গণঅভ্যুত্থানের পর গঠিত অন্তর্বর্তী সরকারের ওপর চাপানো ঠিক হবে না বলে মন্তব্য করেন। তিনি বলেন, বাংলাদেশের বর্তমান নাজুক অবস্থার অবসানে দরকার জাতীয় নির্বাচন। জনগণের সরকার গঠিত হলেই আইনের শাসন কায়েমের দীর্ঘ প্রত্যাশা পূরণ হবে। গিয়াস আহমেদ বলেন, দুর্ঘটনায় আহতদের চিকিৎসায় যদি প্রয়োজন হয় আমেরিকা প্রবাসীরা তা করতে বদ্ধ পরিকর। জিপি জসিমউদ্দিন বলেন, দুর্ঘটনার কারণ সঠিকভাবে উদঘাটনে চাই বিস্তারিত তদন্ত। এনসিপির বিপোদগারের নিন্দা জানিয়ে এ্যাডভোকেট নেওয়াজ হালিমা আরলী বলেন, বেগম খালেদা জিয়ার মুখমন্ডল হচ্ছে বাংলাদেশের মানচিত্র, আমাদের তারেক জিয়ার প্রত্যেকটি কথাবার্তা যেমন শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ছায়া। তাদের আশির্বাদে আমরা সারাবিশ্বে ঐক্যবদ্ধ রয়েছি। আমাদের রক্তে, আমাদের ধমনীতে বহমান বিএনপির আদর্শের রক্ত, তাই আমরা এক পরিবারের সদস্য।

স্টেট বিএনপির সভাপতি আলহাজ্ব আতিকুর রহমানের সভাপতিত্বে এ সমাবেশ সঞ্চালনা করেন সাধারন সম্পাদক সাইদুর রহমান সাঈদ। নিহতদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয় আব্দুল লতিফ সম্রাটের নেতৃত্বে। অংশগ্রহণকারি নেতৃবৃন্দের মধ্যে আরো ছিলেন যুক্তরাষ্ট্র বি এন পির সাবেক মহিলা সম্পাদিকা সৈয়দা মাহমুদা শিরিন, স্টেট বিএনপির নেতা কাজী আসাদউল্লাহ, জিপি আলমগীর খান, স্টেট বিএনপির সাংগঠনিক সম্পাদক রফিক উদ্দিন, সাবেক যুগ্ম আহবায়ক দেওয়ান কাউসার, হুমায়ুন কবীর, নীরা রাব্বানী, সাংবাদিক আনিসুর রহমান, মহানগর উত্তর বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক রেজওয়ান সেন্টু, সাবেক নির্বাচন কমিশনার এ আর মাহফুজুল হক, স্টেট বি এন পির সদস্য তাজুল ইসলাম, শ্রমিক দলের সহ সভাপতি ওয়াহেদ আলী মন্ডল, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম, ইঞ্জিনিয়ার মাইনুদ্দিন, নাজমুল হাসান, মজিবর রহমান খগ্র, মাকসুদ আলম, শেখ মোহাম্মদ তারেক হাসান, এম কাইয়ুম সেলোয়ার, ড মোশাররফ ফাউন্ডেশনের সভাপতি আলামিন সুমন, সাঈদা আখতার, মাসুদউল আলম, মুক্তিযোদ্ধা মশিউর রহমান, খাদেমুল হক রুবেল ও রবিউল আক্তার রবি। একই সময়ে নিউইয়র্ক সিটির ব্রুকলীনে চার্চ-ম্যাকডোনাল্ড এলাকায় অনুষ্ঠিত বিক্ষোভ-সমাবেশটিকেও শোক র‌্যালিতে পরিণত করে বিশেষ দোয়া-মোনাজাত করা হয়। যুক্তরাষ্ট্র জাসাসের মেম্বার-সেক্রেটারী জাহাঙ্গির সোহরাওয়ার্দির পরিচালনায় এ র‌্যালিতে প্রধান অতিথি ছিলেন মোস্তফা কামাল পাশা বাবুল। তিনি হতাহতদের গভীর শ্রদ্ধায় স্মরণ করেন এবং বলেন, এনসিপির লোকজনের কারণে অন্তর্বর্তী সরকার সুষ্ঠুভাবে দায়িত্ব পালনে সক্ষম হচ্ছে না। তাই যত দ্রুত সম্ভব নির্বাচন দরকার। জনগণের সত্যিকারের প্রতিনিধিরা রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলেই সকল সমস্যার সমাধানের পথ সুগম হবে। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিএনপির সাবেক ক্যাশিয়ার জসিম উদ্দীন ভুইয়া ও সন্দ্বীপ বিএনপির সভাপতি গোলাম মাহমুদ।

## নিউইয়র্কে জাসদের কর্নেল তাহের দিবস পালন

৬২ পৃষ্ঠার পর

জিতুর পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংগঠনের সিনিয়র সহ সভাপতি শহিদুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সহ সভাপতি মনসুর আহমেদ চৌধুরী, শাহিদুর কোরেশী, শাহ মহিউদ্দিন সবুজ, আবুল ফজল লিটন, জামাল আহমেদ, মো. সালেকুর রহমান, মো. আমিনুল হক, মো. সোহেল, সৈয়দ আজমল হোসেন প্রমুখ।

বক্তারা বলেন, কর্নেল আবু তাহের বীর উত্তম মুক্তিযুদ্ধে ১১ নম্বর সেক্টরকে নেতৃত্ব দেন। তাঁর নেতৃত্বে ও জাসদের সমর্থনে ১৯৭৫ সালের ৭ নভেম্বর ঐতিহাসিক মহান সিপাহী-জনতার অভ্যুত্থান সংঘটিত হয়। মেজর জিয়া সে অভ্যুত্থান বানচাল করে দেন এবং পরে গোপন বিচার প্রহসনের মাধ্যমে কর্নেল আবু তাহের বীর উত্তমকে ১৯৭৬ সালের ২১ জুলাই ফাঁসিতে ঝুলিয়ে হত্যা করেন। সভায় জাসদ সভাপতি, মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক হাসানুল হক ইনুসহ আটককৃত রাজবন্দীদের মুক্তি দাবি করা হয়। সভাপতির বক্তব্যে দেওয়ান শাহেদ চৌধুরী দেশে সংঘটিত মব সন্ত্রাসের নিন্দা জানিয়ে একটি অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে নির্বাচিত জনপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তরের আহ্বান জানান।

সভায় কর্নেল তাহের সহ ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের ভবনে বিমানবাহিনীর যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়ার ঘটনায় নিহতদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়। একই সঙ্গে সিলেট জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আজাদ উদ্দীনের আশু সুস্থ্যতা কামনা করে দোয়া করা হয়।

## সাহিত্যপত্র ফিলাডেলফিয়া'র ভাববিনিময় ও কবিতাসন্ধ্যা

৬২ পৃষ্ঠার পর

সদ্যপ্রকাশিত দুটি কাব্যগ্রন্থঃ কাউসারী মালেক রোজীর 'ভিক্ষুকের সুর্য' ও আহমেদ সায়েমের 'কৃষ্ণজনের রাগ ও সঙ্গিৎ'। দুটি গ্রন্থ থেকেই নির্বাচিত কবিতা আবৃত্তি করা হয়। এরপর আব্দুল হাকিম চৌধুরী ইমু ও অভিষেক চৌধুরীর পরিচালনায় 'অদেখার সঙ্গে দেখাদেখি' শিরোনামে দুই কবির সঙ্গে এক উন্মুক্ত কথোপকথন অনুষ্ঠিত হয়। অনুপ্রেরণামূলক বক্তব্যে সংস্কৃতিজন সুস্মিতা গুহ-রায় বলেন, কবিতা কেবল শব্দ নয়-শত শত্রু, শ্বাপদ ও চোরাবালির ভিতরও সে সৃষ্টি করে এক নিরাময়ের বাসভূমি। 'প্রাণের ফসল, থামাও হনন' শিরোনামে আয়োজিত কবিতা পাঠের দুই পর্বে অংশগ্রহণ করেন মুরাদ হোসেন, মোহাম্মদ আলাউদ্দিন, সাবিনা শারমিন লুনি, ফারুক পলাশ ভূঁইয়া, রুমানা আলম, নার্গিস পারভীন, সিলভিয়া আফরোজ রুপা, সামসুন মনিরা কস্তুরি, মাসুদুল হাসান সারোয়ার ড্যানিয়েল, সালমা হক বনিতা, জোহরা খাতুন কলি এবং মাহমুদা খানম জাকের। অনুষ্ঠানটি সুচারুভাবে সঞ্চালনা করেন বিশিষ্ট শিক্ষাবিদ ও বিদগ্ধজন ড. মোহাম্মদ শহীদুল্লাহ।

অনুষ্ঠানের শেষের দিকে কবি বদরুজ্জামান আলমগীর 'মধুবৃক্ষের করতপ্রভা' শিরোনামে কিছু মনোজ্ঞ ও চিন্তাশীল বক্তব্য রাখেন, যা শ্রোতাদের হৃদয় ছুঁয়ে যায়।

## ভিসা আবেদনকারীদের জন্য দুঃসংবাদ

৬৪ পৃষ্ঠার পর

জানায়, ভিসা আবেদন ফরম ডিএস-১৬০ এ গত পাঁচ বছরে ব্যবহৃত সব সামাজিক যোগাযোগমাধ্যমের হ্যান্ডল( ইউজার নাম) বা ব্যবহারকারী নাম উল্লেখ করা বাধ্যতামূলক। সেখানে আরও বলা হয়,"আবেদনকারীরা ফরম জমা দেওয়ার আগে প্রতিটি তথ্যকে সত্য এবং সঠিক হিসেবে স্বীকার করেন। সামাজিক যোগাযোগমাধ্যমের তথ্য গোপন করলে ভিসা বাতিল হওয়ার পাশাপাশি ভবিষ্যতেও আবেদনকারীর ভিসা পাওয়ার যোগ্যতা নষ্ট হতে পারে।"

## মামদানিকে গ্রেফতারের নতুন হুমকি ট্রাম্পের

৬৪ পৃষ্ঠার পর

সমাজতান্ত্রিক নীতির সমালোচনা করেছেন।

ট্রাম্প লিখেছেন, 'মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি হিসেবে, আমি এই কমিউনিস্ট পাগলকে নিউ ইয়র্ক ধ্বংস করতে দেব না। নিশ্চিত থাকুন, আমি সমস্ত লিভার ধরে রেখেছি এবং সমস্ত কার্ড আমার কাছে রয়েছে।'

ট্রাম্প আরও বলেছেন, 'আচ্ছা, তাহলে আমাদের তাকে গ্রেপ্তার করতে হবে। দেখুন, আমাদের এই দেশে কোনও কমিউনিস্টের প্রয়োজন নেই। কিন্তু যদি আমাদের একটি থাকে, তাহলে আমি জাতির পক্ষ থেকে খুব সাবধানে তার উপর নজর রাখব।'

মামদানি ক্রিস্টোফার কলম্বাসের একটি মূর্তি উল্টে দেওয়ার একটি ছবি পোস্ট করার পর বিতর্ক শুরু হয়, যার ক্যাপশন ছিল 'এটি ভেঙে ফেলুন'। ইতালীয়-আমেরিকান নেতারা এটিকে অসম্মানজনক বলে অভিহিত করেছেন এবং নিউ ইয়র্ক সিটির বৈচিত্র্যময় জনগোষ্ঠীর প্রতিনিধিত্ব করার জন্য মামদানির যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন।

ইতালীয় আমেরিকান জাদুঘরের সভাপতি জোসেফ স্কেলসা বলেছেন, "এত বিশাল জনগোষ্ঠীকে বাদ দেওয়া হবে হাস্যকর। এটি অন্তর্ভুক্তিমূলক নয়। এটি বর্জনীয়।"

হানুক্কার সময় একটি ভিডিও শেয়ার করার পর ইহুদি গোষ্ঠীগুলির কাছ থেকে মামদানির তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। যা অনেকেই অসম্মানজনক বলে মনে করেন। স্টপ অ্যান্টিসেমিটিজম এই কাজের নিন্দা করে এবং নিউ ইয়র্ক সিটির ইহুদি সম্প্রদায়ের উপর তার সম্ভাব্য প্রভাব নিয়ে উদ্বেগ প্রকাশ করে।

স্টপ অ্যান্টিসেমিটিজমের প্রতিষ্ঠাতা লিওরা রেজ বলেন, "এটি নিউ ইয়র্ক সিটির ইহুদি বাসিন্দাদের জন্য মারাত্মক হবে।" তিনি আরও বলেন, "এবং আমরা এটিকে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাব যেখানে নিউ ইয়র্ক সিটির নাগরিকরা, সমাজতন্ত্রের প্রতি তার অত্যন্ত উদ্বেগজনক অবস্থানের কারণে, ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হবেন।"


পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।
We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.
Our Office Locations
01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
Call for Appointment



CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন



ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ
tax refund
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS & NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST. FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

বেঙ্গল সোসাইটি অব নিউইয়র্ক
BENGAL SOCIETY OF NEW YORK



Wantagh Park
1 King Rd, Wantagh, NY 11793

FILED 3 & 4

চাঁদার পরিমান
এককঃ ৬০ ডলার
পরিবার ঃ ১২০ ডলার (সর্বোচ্চ ৪ জন)

আকর্ষণীয় র‍্যাফেল ড্র, খেলাধুলা BBQ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

বার্ষিক বনভোজন ও মিলনমেলা

২৭ জুলাই, ২০২৫ রবিবার

GRAND SPONSOR
BENGAL HOME CARE
718-559-7660
info@bengalhomecare.com

সুধী,
আস্সালামু আলাইকুম, আগামী ২৭ জুলাই ২০২৫ ইং রোজ রবিবার **বেঙ্গল সোসাইটি অব নিউইয়র্ক** এর **বার্ষিক বনভোজন ও মিলনমেলার** আয়োজন করা হয়েছে।
উক্ত বনভোজন ও মিলনমেলায় বেঙ্গল সোসাইটি অব নিউইয়র্ক এর সকল সদস্য, পরিবার-পরিজন, বন্ধু-বান্ধব, শুভাকাঙ্খীসহ প্রবাসের সকলকে আমন্ত্রণ জানানো যাচ্ছে।

আমন্ত্রনে

মাহমুদুল হক চৌধুরী
সভাপতি
৯১৭-৮০৫-৫৯৫৪

প্রধান সমন্বয়কারী
আবু তালেব চৌধুরী চান্দু
৩৪৭-৫৯৬-০৭১০

মোহাম্মদ আলী সবুজ
সাধারণ সম্পাদক
৭১৮-৪০৭-৯০৮৪

সমন্বয়কারী: জয়নাল আবেদীন
৩৪৭-৯৯৮-৬৭৫৬

সার্বিক সহযোগিতায়ঃ
সাংগঠনিক সম্পাদকঃ সাঈদ এস, রহমান, কোষাধ্যক্ষ: বোরহান খান, দপ্তর সম্পাদকঃ মুরাদ হোসেন, প্রচার সম্পাদকঃমোহাম্মদ ফিরোজ, সদস্যবৃন্দঃ মিলন চৌধুরী ইকবাল, আমিরুজ্জামান চৌধুরী, আবুল কাশেম, জিয়াউল ফাত্তাহ্ রিয়াদ, সরওয়ার রাকী, শামীম আহমেদ, আজিজ চৌধুরী জুটি, দিদারুল আলম, মামুনুর রশিদ, আব্দুল জলিল, মকবুল হোসেন আনিস সাবেক অডিটর।

সার্বিক তত্ত্বাবধানে
সম্মানিত উপদেষ্টাবৃন্দঃ সাবেক প্রধান নির্বাচন কমিশনার লিয়াকত আলী, সাবেক প্রধান নির্বাচন কমিশনার মোশারফ হোসেন, সাবেক প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ আলী বাবুল, সাবেক প্রধান অডিট কমিশনার কায়েস সরকার, সাবেক সভাপতি হোসেন আহম্মেদ সাবেক সভাপতি আবু তালেব চৌধুরী চান্দু, সিনিয়র সহ সভাপতিঃ এইচ. এম. জামিল, সাবেক সহ সভাপতি- মোয়াজ্জেম হোসেন, সাবেক সভাপতি রানা মোঃ আয়াজ, সাবেক সভাপতি হোসেন আহমেদ, সাবেক সভাপতি আজিজ খান।

সাদরে আমন্ত্রিত

## সাকিবের নামের প্ল্যাকার্ডে রমরমা বাণিজ্য

৫২ পৃষ্ঠার পর

লিখে দিচ্ছেন নানান ধরনের স্লোগান। অধিকাংশই মিস ইউ সাকিব আল হাসান।

একটু দূর অন্তর বেশ কয়েকজনকে দেখা গেলো একইভাবে প্ল্যাকার্ড লিখে বিক্রি করছেন। তারা আবার ক্রেতার চাহিদা অনুসারেও লিখে দিচ্ছেন। প্রতিটি প্ল্যাকার্ডের মূল্য ১০০ টাকা। কোনো কম নেই। সিরিয়াল ধরে কিনছেন অনেক সমর্থক। সাকিব আল হাসানের নামের প্ল্যাকার্ডই চলছে বেশি। মোহাম্মদ রুবেল নামে একজন প্ল্যাকার্ড রাইটার (লেখক) এই প্রতিবেদককে জানালেন, ভালোই বিক্রি হচ্ছে এসব প্ল্যাকার্ড। যা বিক্রি হচ্ছে তার ৮০ ভাগই সাকিব আল হাসানের নামে। মোহাম্মদ শাহীন নামে একজন প্ল্যাকার্ড বিক্রেতাও জানালেন, 'দর্শকদের অনেকেই এসব প্ল্যাকার্ড কিনছেন। ১০০ টাকা করে বিক্রি করছি। তবে ৫০ টাকা, ৭০ টাকা বললেও দিয়ে দিচ্ছি। অধিকাংশই সাকিব আল হাসানের নামের প্ল্যাকার্ড বিক্রি হচ্ছে।' একই তথ্য জানালেন মুসলেম নামে আরও একজন প্ল্যাকার্ড বিক্রেতা।

রিফাত ও জামালউদ্দিন নামে মিরপুরেরই দুইজন ছাত্র ১০০ টাকা দিয়ে কিনে নিলো সাকিব আল হাসানের নামে একটি প্ল্যাকার্ড। সাকিব আল হাসান নেই, তবুও কেন ১০০ টাকা দিয়ে এই প্ল্যাকার্ড কিনলো? তারা জানালো, 'সাকিব আল হাসান না থাকলেও বাংলাদেশ দলকে সমর্থন করি। সাকিব মাঠে না থাকলেও আমাদের হৃদয়ে আছেন। তাকে ভালোবাসি। এ কারণে, তার নামের প্ল্যাকার্ড কিনলাম।'

তবে সাকিব আল হাসানের নামে যত প্ল্যাকার্ডই বিক্রি হোক না কেন, দর্শকরা কিন্তু সে সব প্ল্যাকার্ড নিয়ে গ্যালারিতে প্রবেশ করতে পারেননি। কারণ, প্রবেশ পথেই সিকিউরিটির দায়িত্বে থাকা ব্যক্তিরা দর্শকদের কাছ থেকে সে সব প্ল্যাকার্ড রেখে দিয়েছিল। কোনো কোনোটিকে ছিঁড়ে ফেলতেও দেখা গেছে। কেন সাকিবের নামে প্ল্যাকার্ড নিয়ে প্রবেশ করতে দেয়া হচ্ছে না? ২ নাম্বার গেটে জানতে চেয়েছিলাম দায়িত্বরত একজনের কাছে। তিনি বললেন, 'আমাদের কাছে নির্দেশ আছে, সাকিবের নামে কোনো প্ল্যাকার্ড, ব্যানার ফেস্টুন নিয়ে যেন কেউ মাঠে প্রবেশ করতে না পারে।' কেন এমন নির্দেশনা? জানতে চাইলে তিনি বলেন, '২৪ এর জুলাই আন্দোলনের সময় দেশে যখন ছাত্র-জনতা অকাতরে জীবন বিলিয়ে দিচ্ছিল, তখন পুরোপুরি চুপ ছিলেন সাকিব আল হাসান। তিনি তখন লং ট্রিপ দিচ্ছিলেন, ফেসবুকে সেই ছবি দিয়ে জুলাই আন্দোলনের সঙ্গে তামাশা করেছিলেন। এখন কেন তাকে নিয়ে এত আদিখ্যেতা?' মুন্সিগঞ্জের শ্রীনগর থেকে আসা একজনের তেমনই একটি প্ল্যাকার্ড ছিঁড়ে ফেলা হয়েছে। তিনি জানালেন, 'শুধু প্ল্যাকার্ডই নয়, আমরা দুই গালে এসএইচ এবং ৭৫ লিখে এসেছি। প্রবেশ পথে পানির বোতল দেয়া হয়েছিল এগুলো ধুয়ে ফেলার জন্য।'

## বাংলাদেশকে ধসিয়ে ধবলধোলাই এড়াল পাকিস্তান

৫২ পৃষ্ঠার পর

ব্যাটে আসে ২১ রান। তিনে নামা মোহাম্মদ হারিস ব্যর্থ হন। হাসান নওয়াজ ১৭ বলে করেন ৩৩ রান। তাতেই শতরান পেরিয়ে দেড়শর দিকে এগোয় পাকিস্তান। এরপর সেই রান দুইশর কাছাকাছি নিয়ে আসেন অধিনায়ক সালমান ও মোহাম্মদ নওয়াজ। ১৬ বলে ২টি করে চার-ছক্কায় ২৭ রান করে ফেরেন নওয়াজ। ১২ রানে অপরাজিত থাকেন সালমান। টাইগারদের হয়ে তিনটি উইকেট নিয়েছেন তানজিম আহমেদ। ২২ রানে দুটি শিকার নাসুম আহমেদের। একটি করে উইকেট তুলেছেন সাইফউদ্দিন ও শরিফুল ইসলাম। বোলিংয়ের ঝাঁজ দিনে ব্যাটিংয়ে ধস দেখে বাংলাদেশ। তাতেই আসে বড় হার। সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে পাকিস্তান হারে ৭ উইকেটে। দ্বিতীয়টিতে সফরকারীদের ৮ রানে হারিয়ে সিরিজ নিশ্চিত করে বাংলাদেশ। আজ ধবলধোলাইয়ে ইতিহাস গড়ার দিনে টাইগাররা দেখেছে হতশ্রী এক হার।

## ব্যাটিং ব্যর্থতায় ৭৪ রানে হারল বাংলাদেশ

৫২ পৃষ্ঠার পর

তবে শেষ দিকে সাইফউদ্দিন হাল ধরেছিলেন, তিনি ৩৪ বলে করেন ৩৫ রান। তবে তার এই ইনিংস বড় হারের লজ্জা থেকে বাঁচিয়েছে কেবল। শেষ পর্যন্ত বাংলাদেশ অল আউট হয় ১০৪ রানে, সাইফউদ্দিন অপরাজিত ছিলেন ৩৫ রানে।

এর আগে টস হেরে ব্যাট করতে নেমে আজ পাকিস্তানের শুরুটা হয়েছে দুর্দান্ত। একাদশে জায়গা পেয়েই নিজের নামের প্রতি সুবিচার করেছেন ফখর জামান। তার মারকুটে ইনিংসের সুবাদেই। ওপেনিং জুটিতে ৮২ রানের দেখা পায় পাকিস্তান। এর বেশিরভাগ রানই করেছেন ফখর জামান। ১৫ বলে ২১ রান করে সাজঘরে ফিরেন সাইম আইয়ুব।

এদিকে মারকুটে ইনিংস খেলা ফখর জামান ২৯ বলে ফিফটি করার পর শেষ পর্যন্ত আউট হন ৪১ বলে ৬৩ রান করে। সাইমের মত তিনিও আউট হন নাসুম আহমেদের বলে। এরপর মোহাম্মদ হারিসকে সাজঘরের পথ দেখান তানজিম।

ফখর জামান ছাড়াও আগ্রাসী ইনিংস খেলেছেন হাসান নওয়াজ। তিনি আজ করেছেন ১৭ বলে ৩৩ রান। শরিফুলের বলে আউট হন তিনি। এদিকে পাকিস্তান শেষ পর্যন্ত বড় সংগ্রহ পায় মোহাম্মদ নওয়াজের মারকুটে ইনিংসের সুবাদে।

পাকিস্তানি এই ব্যাটার খেলেছেন ১৬ বলে ২৭ রানের ইনিংস। তানজিমের বলে আউট হলেও তার দুর্দান্ত পারফর্মান্সেই নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ১৭৮ রানের সংগ্রহ পায় পাকিস্তান।

## ১৬ মাস পর জয়ে প্রত্যাবর্তন ভেনাস উইলিয়ামস

৫২ পৃষ্ঠার পর

আমরা ভালো একটা দল হতে যাচ্ছি। আমাদের অনেক আগেই খেলা শুরু করা উচিত ছিল, তাই না? মনে হয় সেরেনারই একটু বাধা ছিল।' র‍্যাঙ্কিংহীন ভেনাস সেরেনার সঙ্গে মিলে নারী দ্বৈতে ১৪টি মেজর শিরোপা জিতেছেন। তাছাড়া বছরের পর বছর ধরে এই খেলায় দাপট দেখিয়েছেন উইলিয়ামস বোনেরা।

## টিকিটের অর্থ বিমান দুর্ঘটনা ও জুলাই স্মৃতি ফাউন্ডেশনে দিবে বিসিবি

৫২ পৃষ্ঠার পর

হিসেবে একসাথে দাঁড়ানো উচিত। সম্প্রতি ঘটে যাওয়া এসব মর্মান্তিক ঘটনার শিকারদের আরোগ্য প্রক্রিয়ায় সামান্য হলেও অবদান রাখতে পেরে বিসিবি গর্বিত ও কৃতজ্ঞ। ক্ষতিগ্রস্ত পরিবার ও প্রিয়জনদের প্রতি আমাদের গভীর সমবেদনা রইল।'

## বেলমন্ট পার্কে বি.বাড়িয়ার জেলা সমিতির বনভোজন

৬২ পৃষ্ঠার পর

বন্যা বয়ে যাওয়ার মত। উপস্থিত সকলে একসাথে নাস্তা করা ছিল খুবই আকর্ষণীয়। তারপর সংগঠনের সভাপতি জনাব মোঃ আলমগীর সরকারের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ ইদ্রিস আলীর পরিচালনা ও পিকনিক কমিটির আহ্বায়ক জনাব







কাজী তোফায়েল ইসলাম ও প্রধান সমন্বয়কারী দবির হোসেন শামীম ও সদস্য সচিব, মির্জা সহুগীরের সহযোগিতায় পিকনিক-এর শুভ উদ্বোধন কার্যক্রম শুরু হয়। শুভ উদ্বোধন করেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, প্রধান অতিথি দুলাল বেহেস্তু সভাপতি, ঢাকা জেলা অ্যাসোসিয়েশন ইউএসএ ইনক। আরো উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা শিক্ষা অধিদপ্তরের সাবেক পরিচালক বীর মুক্তিযোদ্ধা প্রফেসর আঃ বাছির সাহেব। উপদেষ্টা খন্দকার জয়নাল আবেদীন, উপদেষ্টা আব্দুল হালিম। উপদেষ্টা কৃষিবিদ মোঃ জহিরুল হক। আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড মেম্বার জনাব,রুহুল ইসলাম সেন্টোয়ার। বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির কোষাধ্যক্ষ জনাব, মফিজুল ইসলাম রুমি বাংলাদেশ সোসাইটির সাবেক নির্বাচন কমিশনার জনাব ইউনুস সরকার। আরো উপস্থিত ছিল ব্রাহ্মণবাড়িয়ার গর্ব জ্যাকসনহাইটের নিযুক্ত ইউসেলিপ এর দায়িত্ব রত অ্য আনিসুর রহমান সিদ্দিকী ও মিসেস আনিস। অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সহ-সভাপতি জনাব কামরুজ্জামান কামরুল, সাংগঠনিক সম্পাদক, জিল্লুর খান সমাজকল্যাণ সম্পাদক মোঃ জামিল আনসারী, সাহিত্য সম্পাদক আক্তার বাবুল।এবিএম ওসমান গনি প্রধান উপদেষ্টা জামাইকা বাংলাদেশ ফ্রেন্ড সোসাইটি, শামসদ্দিন সভাপতি, কুইন্স বাংলাদেশ সোসাইটি ইউএসএ ইনক, মোঃ আবুল হোসেন সভাপতি কুমিল্লা সোসাইটি অফ ইউএস এ ইনক, ওয়াহিদ কাজী গ্রেটার খুলনা সোসাইটি অফ ইউএসএ ইনক এনায়েত মুন্সি সাধারণ সম্পাদক, জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি, সেলিম চৌধুরী সভাপতি কিশোরগঞ্জ ডিসট্রিক এসোসিয়েশন ,সাধারণ সম্পাদক স্বপন বিশ্বাস কিশোরগঞ্জ ডিসট্রিক অ্যাসোসিয়েশন, সপোদ হায়দার কমিউনিটির অত্যন্ত পরিচিত মুখ ও সমাজসেবক আর উপস্থিত ছিলেন ব্রাহ্মণবাড়িয়া জেলা সমিতির কোষাধ্যক্ষ ও পিকনিক কমিটির সহ সদস্য সচিব কাজী হাসনাত। মোঃ কবির আহমেদ আরো উপস্থিত ছিল সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মোঃ ইলিয়াস সহ-সভাপতি সঞ্জীত ঘোষ রেজাউর রহমান মোঃ রাকিব উদ্দিন, মোর্শেদ মাওলা ইঞ্জিনিয়ার সহ-সাধারণ সম্পাদক মোঃ জিল্লুর রহমান সহ সাংগঠনিক সম্পাদক মামুন সরকার প্রচার সম্পাদক রতন খাঁ সাহিত্য সম্পাদক রিফাত অলিউল্লাহ ক্রীড়া সম্পাদক মোঃ আশরাফুল হক সমাজ কল্যাণ সম্পাদক মাহবুব হাসান ধর্ম বিষয়ক সম্পাদক, মোহাম্মদ ইকবাল হোসেন, দপ্তর সম্পাদক শরীফ আহমেদ, মহিলা বিষয়ক সম্পাদিকা জেরিন নাজনিন ও সদস্য রাশেদুল রানা, ওমর ফারুক, আরিফুল বাশার সহ সকল সদস্যবৃন্দ। পরিশেষে রেফেল ড্র এর পুরুস্কার বিতরণের পর সভাপতির সমাপনীর বক্তব্যের মাধ্যমে বনভোজন ২০২৫ সমাপ্ত ঘোষণা করা হয়।

## নিউইয়র্কে 'রুট টু কিউর' বই মোড়ক উন্মোচন ১ আগস্ট

৬২ পৃষ্ঠার পর

আব্দুল কাদের। এ সময় ড. মুজিবুল হক ভার্চুয়ালি টেক্সাস থেকে সরাসরি যুক্ত থাকেন। আব্দুল কাদের বলেন, নিউ ইয়র্ক সিটির মেরিয়ট লাগোর্ডিয়া হোটেলের ২য় তলায় আগামী ১ আগস্ট, 'রুট টু কিউর' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। 'রুট টু কিউর' একটি গবেষণা নির্ভর, প্রমাণভিত্তিক চিকিৎসা ও স্বাস্থ্য সচেতনতার দিকনির্দেশনামূলক



বই, যেখানে লেখক ক্যানসার, ডায়াবেটিস, থাইরয়েড, ইনফার্টিলিটি সহ অনেক ক্রনিক ও ও হরমোনজনিত রোগের মূল কারণ ও সমন্বিত সমাধান, যেখানে খাদ্য, ঘুম, স্ট্রেস ও জীবনধারার পরিবর্তনের মাধ্যমে প্রাকৃতিকভাবে নিরাময়ের পথ আধুনিক ও প্রাচীন চিকিৎসার সম্মিলিত রূপ তুলে ধরেছেন। ড. মুজিবুল হক বলেন- রোগের শেকড়ে না পৌঁছে শুধু লক্ষণ নিরাময় করে সত্যিকার সুস্থতা পাওয়া যায় না। এই বইতে আমি চেষ্টা করেছি সেই শেকড়গুলো খুঁজে বের করে সমাধানের পথ দেখাতে। তাই এটি শুধু একটি বই নয় বরং স্বাস্থ্য সচেতনতা, বিকল্প চিকিৎসা পদ্ধতি ও জীবনযাপন পরিবর্তনের মাধ্যমে মানুষের মধ্যে একটি নতুন দৃষ্টিভঙ্গি তৈরির অন্যতম অনুসঙ্গ। তিনি বলেন, মেরিয়টের ৩০০ আসনের হলের সব আসন তিন দিনের মধ্যে বুকড হয়ে গেছে। যারা বিকল্প চিকিৎসা পদ্ধতির মাধ্যমে সুস্থ থাকতে চান অনুষ্ঠানে সেসব প্রবাসীদের সঙ্গে সরাসরি মত বিনিময় করা হবে। এ অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিসহ মূলধারার রাজনীতিবিদরা উপস্থিত থাকবেন।

## নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকার পিকনিক ২৪ আগষ্ট

৬২ পৃষ্ঠার পর

বিনিময় করেন সাংবাদিক ও লেখক এবং কার্যকরি সদস্য দর্পণ কবির, পৃষ্ঠপোষক রাফাত হোসেন, এস এম সায়েম মিন্টু, ইঞ্জিঃ মহসিন মাহবুব, ইমাম সৈয়দ হায়দার, মোহাম্মদ পারভেজ, খালেদ আক্তার, মোঃ আনিসুর রহমান, মোঃ মোজাম্মিল আবেদ, কবিবুর আক্তার কলি, লিপা জামান ও লিপা আক্তার প্রমুখ। সকলের সর্ব সম্মতিক্রমে ২৪ শে আগষ্ট লং আইল্যান্ডের হেক শেয়ার স্টেট পার্কে বনভোজনের দিন ধার্য করা হয় এবং বনভোজন সার্থক করার জন্য কার্যকরি কমিটির সদস্যদের মধ্য থেকে বিভিন্ন কাজের দায়িত্ব পালন করার জন্য নির্ধারণ করা হয়। সভায় প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের সকলকে বনভোজনে অংশগ্রহণ করার আমন্ত্রণ জানানো হয় এবং এ বিষয়ে অতিশীঘ্রই আরও বিস্তারিত জানানো হবে বলে নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইনক এর সভাপতি ও সাধারণ সম্পাদক সকলকে অবগত করেন।

## পাক-ভারত যুদ্ধে ৫টি বিমান ভূপাতিত হয়

৬২ পৃষ্ঠার পর

পিছু হঠে। ট্রাম্পের এই বক্তব্যের পর আবার আলোচনায় এসেছে পাকিস্তানে চালানো ভারতের 'অপারেশন সিঁদুর।' গত ২২ এপ্রিল ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মীরের পেহেলগামে অজ্ঞাত সন্ত্রাসী হামলার পর ভারত পাকিস্তানের ভূখণ্ডে এই অপারেশন পরিচালিত করে। ওই হামলায় অন্তত ২৬ জন নিহত হয়। এর জেরে গত ৭ মে রাতে উভয় দেশের মধ্যে শুরু হয় বিমান, ক্ষেপণাস্ত্র ও স্থল হামলা। চলে টানা চার দিন। চরম উত্তেজনা দেখা দেয় দক্ষিণ এশিয়ার দেশগুলোতে।

ট্রাম্প একাধিকবার ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধবিরতির কৃতিত্ব দাবি করেছেন। তিনি বলেছেন, আমরা অনেক যুদ্ধ থামিয়েছি। ভারত ও পাকিস্তানের মধ্যকার এই যুদ্ধও আমরা থামিয়েছি। তারা দুই পারমাণবিক শক্তিধর দেশ, যাদের মধ্যে সংঘাত বাড়ছিল। আমরা বলেছি, যুদ্ধ চালালে কোনো বাণিজ্যচুক্তি হবে না।

তবে ট্রাম্পের এই বক্তব্য নাকচ করে নয়াদিল্লি জানিয়েছে, সংঘাতের অবসান হয়েছে পুরোপুরি দ্বিপক্ষীয় আলোচনার মাধ্যমে। কোনো বিদেশি শক্তি এতে হস্তক্ষেপ করেনি। অর্থাৎ, ভারত ট্রাম্পের বক্তব্যকে মেনে নেয়নি।




# শুটিং হাউস বন্ধ, নাট্যাঙ্গনে ক্ষোভ

আজকাল বিনোদন

আবাসিক এলাকায় শুটিং কার্যক্রম বন্ধে হাউস মালিকদের উদ্দেশে চিঠি দিয়েছে উত্তরা সেক্টর-৪ কল্যাণ সমিতি। গত ২০ জুলাই সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষরে পাঠানো ওই চিঠিতে বলা হয়েছে, শুটিংয়ের কারণে রাস্তায় ভিড় বাড়ছে, যান চলাচলে বিঘ্ন ঘটছে, আর এতে করে বাসিন্দাদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। তাই আবাসিক পরিবেশ রক্ষায় হাউস ভাড়া দিয়ে শুটিং করতে না দেওয়ার আহ্বান জানানো হয় মালিকদের প্রতি। এই সেক্টরে আছে তিনটি শুটিং হাউস; লাবণী-৪, লাবণী-৫ ও আপনঘর-২।




সমিতির পক্ষ থেকে আরও বলা হয়েছে, আবাসিক এলাকায় এই ধরনের বাণিজ্যিক কার্যক্রম নীতিমালার পরিপন্থী। পরিবেশ ও সুনাম রক্ষায় হাউস মালিকদের দায়িত্বশীল ভূমিকাও প্রত্যাশা করা হয়।

বিষয়টি নিয়ে উত্তরা সেক্টর৪ কল্যাণ সমিতির প্রশাসনিক কর্মকর্তা গোলাম রাব্বানীর সঙ্গে কথা বলে চিঠি দেওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন গণমাধ্যমকে।

নিষেধাজ্ঞার সিদ্ধান্তে বিস্মিত নাট্যাঙ্গনের অনেকে। ডিরেক্টরস গিল্ডের সভাপতি শহীদুজ্জামান সেলিম বলেন, 'এইভাবে হঠাৎ করে চিঠি দিয়ে শুটিং বন্ধ করতে বলা উচিত হয়নি। অনেক কন্টিনিউটি থাকে, অনেক ধারাবাহিক চলছে। সময় দিয়ে নিষেধাজ্ঞার সিদ্ধান্ত এলে অন্তত প্রস্তুতির সুযোগ থাকত।'

তিনি জানান, ডিরেক্টরস গিল্ড প্রতিবাদ জানিয়েছে এবং গতকালই চিঠি দিয়েছে। 'হাউস মালিকদের বলেছি, ভয় পাবেন না, আমরা আপনাদের পাশে আছি', বলেন তিনি।

শিল্পীদের ক্ষোভ : শুটিং কার্যক্রম বন্ধে হাউস মালিকদের চিঠি দিয়েছে উত্তরা সেক্টর-৪ কল্যাণ সমিতি। গত ২০ জুলাই সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত চিঠিতে বলা হয়, শুটিংয়ের কারণে রাস্তায় জনসমাগম, যান চলাচলে বিঘ্ন এবং বাসিন্দাদের স্বাভাবিক জীবনযাত্রায় সমস্যা দেখা দিচ্ছে। চিঠিতে হাউসের মালিকদের শুটিং হাউস হিসেবে বাড়ি ভাড়া না দেওয়ার আহ্বান জানানো হয় এবং বলা হয়, আবাসিক এলাকায় এ ধরনের বাণিজ্যিক কার্যক্রম নীতিমালার পরিপন্থী। সেক্টরের পরিবেশ ও সুনাম রক্ষায় হাউসের মালিকদের দায়িত্বশীল ভূমিকা প্রত্যাশা করা হয়েছে।

চিঠির বিষয়ে জানতে যোগাযোগ করা হয় উত্তরা সেক্টর-৪ কল্যাণ সমিতিতে। সমিতির প্রশাসনিক কর্মকর্তা গোলাম রাব্বানী চিঠি দেওয়ার বিষয়টি প্রথম আলোকে নিশ্চিত করেন।

উত্তরা সেক্টর ৪ এলাকায় তিনটি শুটিং হাউস; লাবণী-৪, লাবণী-৫ ও আপনঘর-২। কথা হয় লাবণী শুটিং হাউসের মালিক এরপর ৫৩ পৃষ্ঠায়



## শুটিংয়ে আহত সুনেরাহ

আজকাল বিনোদন

ঢালিউডের জনপ্রিয় অভিনেত্রী সুনেরাহ বিনতে কামাল শুটিং সেটে দুর্ঘটনার শিকার হয়েছেন। বুধবার রাজধানীর ফুলার রোডে ব্রিটিশ কাউন্সিল অফিসের সামনে একটি নাটকের শুটিং করছিলেন তিনি। সেখানেই আহত হয়েছেন দর্শকপ্রিয় এ অভিনেত্রী। সোশ্যাল মিডিয়া একটি পোস্টে এরপর ৫৩ পৃষ্ঠায়



## বারান্দায় বুলেটপ্রুফ কাচ সালমান বললেন...

আজকাল বিনোদন

গ্যালাক্সি অ্যাপার্টমেন্টের ব্যালকনি, যেখানে দাঁড়িয়ে সালমান খান ঈদের মতো বিশেষ দিনে ভক্তদের শুভেচ্ছা জানান, তা বহু বছর ধরেই বলিউডপ্রেমীদের কাছে এক আকর্ষণীয় স্থান। তবে চলতি বছরের শুরুতে ভক্তদের মধ্যে হতাশা ছড়ায়, যখন দেখা যায় এই ব্যালকনিকে ঘিরে দেওয়া হয়েছে বুলেটপ্রুফ কাচ দিয়ে। অনেকেই ধরে নিয়েছিলেন, সালমান খানের বিরুদ্ধে চলমান হুমকির কারণেই নেওয়া হয়েছে এই সুরক্ষাব্যবস্থা। তবে সম্প্রতি এক সাক্ষাৎকারে সালমান জানিয়েছেন, ব্যালকনিতে কাচ বসানোর পেছনে ছিল এক ভিন্ন কারণ।

বলিউড বাবলের সঙ্গে আলাপচারিতায় সালমান খান বলেন, 'আমি দেখতাম, কিছু মানুষ ব্যালকনিতে উঠে সেখানেই রাত কাটিয়ে দিচ্ছে। তাদের উদ্দেশ্য ছিল, হয়তো আমাকে একঝলক দেখা বা দেখা করার সুযোগ পাওয়া। নিরাপত্তার স্বার্থে তাই সিদ্ধান্ত নিই, ব্যালকনিটা ঢেকে ফেলার।'

তবে বাস্তবে সালমান খানের এই ব্যালকনি ঘিরে ফেলা হয়েছিল ২০২৪ সালের জানুয়ারিতে, যখন তাঁকে ঘিরে একাধিক মৃত্যুর হুমকি আসছিল। এই হুমকির পেছনে উঠে আসে কারাবন্দী গ্যাংস্টার লরেন্স বিশ্নোইয়ের নাম। ২০২৪ সালের এপ্রিলে সালমান খানের বান্দ্রার গ্যালাক্সি অ্যাপার্টমেন্টের সামনে গুলি চালানো হয়। পরে জানা যায়, লরেন্স বিশ্নোইয়ের গ্যাং এ ঘটনার সঙ্গে জড়িত। তাঁর ভাই অনমল বিশ্নোই এক ফেসবুক এরপর ৪০ পৃষ্ঠায়



## নির্মাতা স্বামীর বিরুদ্ধে গুরুতর অভিযোগ তুললেন অভিনেত্রী মানসী

আজকাল বিনোদন

টিভি নাটকের অভিনেত্রী মানসী প্রকৃতি তার স্বামী ও নির্মাতা আদিবাসী মিজানের বিরুদ্ধে সামাজিক যোগাযোগমাধ্যমে একাধিক গুরুতর অভিযোগ তুলেছেন। নিজের ফেসবুক প্রোফাইলে দেওয়া এক পোস্টে মানসী লিখেছেন, 'কোনো মদখোর ভালো স্বামী তো দূরের কথা, সে একজন সন্তানের বাবাও হওয়ার যোগ্য না। একজন প্রেগন্যান্ট স্ত্রীকে একা বাসায় রেখে ভোর পর্যন্ত বারে গিয়ে মদ খায়ড়এটা কেমন মানুষ?' তিনি আরও লেখেন, 'ভেবেছিলাম ভালো হয়ে যাবে সে। কিন্তু কুত্তার লেজ তো কখনো সোজা হয় না। এই কথাটাই আবারও প্রমাণ করলি তুই। আল্লাহ, তুমি এর বিচার অবশ্যই করো।'

এ প্রসঙ্গে নির্মাতা মিজান পাল্টা প্রতিক্রিয়ায় জানান, তিনি মানসীকে ডিভোর্স দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। ফেসবুকেই তিনি লেখেন, 'ওকে, আমি তোমাকে ডিভোর্স দেব। অনেক বেড়ে গেছ। তুমি একটা নিম্ফুক।'

এর জবাবে মানসী আরেকটি পোস্টে বলেন, 'আমি মেনে নিলাম আমি খারাপ। একটা বে**ও দিনশেষে একটা ভালো সংসার, ভালো স্বামী পেলে ভালো হয়ে যায়। আমি দিনশেষে সম্মান নিয়ে শান্তিমতো সংসারটা করতে চাইছিলাম। আমার মন বা শরীরের অবস্থা কোনোটাই ভালো না। আমার বা আমার বাচ্চার যদি কিছু হয়, তার পুরো দায়ভার আমি আদিবাসী মিজান আমার হাসব্যান্ডকে দিয়ে যাচ্ছি। আল্লাহর কাছে আর আপনাদের কাছে বিচারের ভার দিয়ে যাচ্ছি। ও যেন ক্ষমা না পায়।'

এই দাম্পত্য টানাপড়েন নিয়ে নাট্যাঙ্গনে প্রতিক্রিয়া দেখা গেছে। অভিনেতা রওনক হাসান এরপর ৫৩ পৃষ্ঠায়

## শিক্ষিকার পোস্ট শেয়ার : সমালোচনার মুখে মুছে ফেললেন তিশা

আজকাল বিনোদন

গত ২১ জুলাই রাজধানীর উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের ভবনে বাংলাদেশ বিমানবাহিনীর একটি বিমান বিধ্বস্ত হয়েছে। এ ঘটনায় নিহতদের সংখ্যার সঠিক তথ্য দিচ্ছে না সরকার, এমন অভিযোগে সরগরম নেটদুনিয়া। এরইমধ্যে লাশের সংখ্যা নিয়ে তৈরি হওয়া জটিলতা আরও দীর্ঘ করলেন মাইলস্টোন স্কুলের শিক্ষিকা পূর্ণিমা দাস। দীর্ঘ স্ট্যাটাসে তিনি দাবি করেছেন লাশের সংখ্যা গোপন করার তথ্যটি ভুল।



মাইলস্টোন স্কুলের শিক্ষিকার পোস্টটি নিজের ফেসবুকে ভাগ করে নিয়েছেন সাধারণ মানুষ থেকে শুরু করে শোবিজ তারকারা। ওই পোস্টটি নিজের ফেসবুকে ভাগ করে নেন অভিনেত্রী নুসরাত ইমরোজ তিশা। মুহূর্তে তা সমালোচনার জন্ম দেয়। হা-হা রিয়্যাক্ট আর নেটিজেনদের কড়া সমালোচনা আসতে থাকে মন্তব্য ঘরে। নেটাগরিকদের তোপের মুখে পূর্ণিমা দাস পোস্টটি অভিনেত্রীর টাইমলাইনে করার এক ঘণ্টা পর খুঁজে পাওয়া যায়নি।

বুধবার সকালে মাইলস্টোন কলেজের শিক্ষিকা পূর্ণিমা দাস নিজের ফেসবুক পোস্টে লিখেছেন, 'ভুল তথ্য ছড়াবেন না।' লাশ নিয়ে ফেসবুকে বিভ্রান্তকর তথ্য ছড়ানো হচ্ছে বলেও দাবি করেন সেই শিক্ষিকা। সেই পোস্ট শেয়ার করেছেন রাজনৈতিক ও সাংস্কৃতিক অঙ্গনের গুরুত্বপূর্ণ ব্যক্তিরাও।

মাইলস্টোন কলেজের শিক্ষিকা পূর্ণিমা দাসের পোস্ট নিয়ে পক্ষে-বিপক্ষে মন্তব্যের জেরে সামাজিকমাধ্যমে উত্তাপ ছড়িয়ে পড়েছে।

## বিকিনিতে ধরা দিলেন মিমি

'রক্তবীজ ২'-এ থাকছে চমক

আজকাল বিনোদন



টলিউডের অন্যদের চেয়ে আলাদা মিমি চক্রবর্তী। পর্দায় ঢুকলেও অনীহা তার। এবার সেই মিমি ধরা দিলেন বিকিনিতে। সামাজিক মাধ্যমে এভাবেই নিজেকে মেলে ধরেছেন দুষ্টু কোকিল। ভারতীয় সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে উঠে এসেছে এ তথ্য। নীল অন্তর্বাসে সাগরের নীল জল থেকে উঠে আসছেন মিমি। দেখে মনে হতে পারে জলপরী। জলে ভেজা স্বল্প বসনা মিমিকে দেখে কুপোকাৎ নেটাগরিকরা। কেউ লিখেছেন, "আগুন।" কারও আবার মন্তব্য, "চোখ ফেরানো যাচ্ছে না।" পূজায় আসছে মিমির সিনেমা 'রক্তবীজ ২'। ছবিতে পুলিশ কর্মকর্তার বেশে দেখা যাবে মিমিকে। তাই নিয়ে উচ্ছ্বসিত অনুরাগী। তার মধ্যে নীল বিকিনিতে নায়িকাকে পাওয়া যেন বাড়তি পাওনা হতে যাচ্ছে এরপর ৫৩ পৃষ্ঠায়


GOLDEN AGE
HOME CARE
PRESENTS
ATIF ASLAM
Live in New York
SATURDAY, SEPT 06, 2025
VENUE: NASSAU COLISEUM
1255 Hempstead Tpke, Uniondale, NY 11553
FOR MORE INFORMATION
CONTACT: 934-444-1863
Design By: ihopeprint.com, 929-538-7903

UB GROUP
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized IRS e-file Provider

One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services . Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.



আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com





Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

যেসব বিষয়ে পরামর্শ দিই
- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে
বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী
ডিটেইনির মামলা পরিচালনা করছি।
আপনাদের সুবিধার্থে আমাদের
বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছে।
বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214



Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

C&A
CHHETRY & ASSOCIATES P.C.
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116



PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection
Certified Training Institute by: SCHEV

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল
ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file
নুসরাত জেরিন
CALL: 917-436-0954
- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং ন্যূনতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
718-480-6904, 917-436-0954
Email: globalnusrat@gmail.com

# Video & Photo PRODUCTION SERVICES

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432


## মামদানির জন্য পারিবারিক সংবর্ধনা



৬৪ পৃষ্ঠার পর

হয়। এতে কমিউনিটির সিলেকটেড আমন্ত্রিত ব্যক্তিরা অংশ নেন। এতে মামদানি সহ পাবলিক অ্যাডভোকেট পদপ্রার্থী জুমানি উইলিয়ামসও উপস্থিত ছিলেন। সভায় অতিথিদের পরিচয় করিয়ে দেন স্বেচ্ছাসেবী সংস্থা 'আলো'-এর প্রধান শাহরিয়ার রহমান। এতে উপস্থিত ছিলেন ঠিকানা গ্রুপের চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এম শাহীন, বিশিষ্ট ব্যবসায়ী আরমান হোসেন, ফার্মাসিস্ট মোহাম্মদ কবীর, ডা. শামীম আহমেদ, ক্রিস্টিনা পারভিন, আক্তার রহমান টিপু, ফখরুল ইসলাম দেলোয়ার, ডা. মাসুম কাদের, ডা. সাবরি, সালমা হক, দন্ত চিকিৎসক সিদ্দিকী, ডা. নাজমুল, সাপ্তাহিক বাংলাদেশের সম্পাদক ডা. ওয়াজেদ এ খান। অনুষ্ঠানের অন্যতম আয়োজক ছিলেন ব্যবসায়ী মনিরুল ইসলাম মঞ্জু। বাংলাদেশিদের পক্ষ থেকে জোহরান মামদানি ও জুমানি উইলিয়ামসকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান মঞ্জু ও আরমান পরিবার। মূলধারার আমেরিকান রাজনীতিবিদদের বাংলাদেশি ব্যবসায়ীদের বাসাবাড়িতে আতিথেয়তা গ্রহণ নতুন নয়। তবে সম্প্রতি সহ পারিবারিক আতিথেয়তা তারা গ্রহণ করেছেন। নিউইয়র্ক সিটির বর্তমান মেয়র এরিক এডামস একাধিক বাংলাদেশির বাসায় গিয়ে আতিথেয়তা নেন। সংগ্রহ করেছেন নির্বাচনী অফিস।

## রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের বনভোজন অনুষ্ঠিত





৬৪ পৃষ্ঠার পর

ভূঁইয়া। বনভোজনে প্রধান অতিথি ছিলেন কানেকটিকাটের স্টেট সিনেটর মো: মাহবুবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র মহিলা সমিতির সভাপতি ডা. এনামুল হক। অতিথি হিসাবে ছিলেন রাসেল এন্টারপ্রাইজ লিমিটেডের জসিম রাসেল, বীর মুক্তিযোদ্ধা মো: ফিরোজুল ইসলাম পাটোয়ারী, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি নার্গিস আহমেদ, রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের সাবেক সভাপতি আমিন খান জাকির, মোরশেদ আলম, (শিক্ষাবিদ ও রাজনীতিবিদ), মনিরুজ্জামান মজুমদার (বিশিষ্ট ব্যবসায়ী), মোহাম্মদ আলম (বিশিষ্ট ব্যবসায়ী), নুর আলী স্বপন (বিশিষ্ট ব্যবসায়ী), প্রফেসর মোঃ শাহাদাত হাসান, আক্তার হোসেন বদল, আরএসবি গ্রুপ, সিইও, মামুন মিয়াজী সাবেক সভাপতি, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন নিউইয়র্ক ইনক, মোঃ ফারুক হোসেন পলাশ, সাবেক ভিপি, চাঁদপুর সরকারি কলেজ, মোহাম্মদ ফজলুল ইসলাম (বিশিষ্ট ব্যবসায়ী), বুলবুল হাসিনা বারী (বিশিষ্ট ব্যবসায়ী), সৈয়দা সিদ্দিকার ইয়াসমিন (বিশিষ্ট ব্যবসায়ী), মোঃ মনিরুল ইসলাম (বিশিষ্ট ব্যবসায়ী-ডিজিটাল গ্রাফিক), মোঃ হাসান তপন সম্মানিত সদস্য, মোহাম্মদ রফিকুর রহমান, ডাক্তার মাইনুল ইসলাম মিয়া, সাজ্জাদুল আহসান, মোস্তফা হোসেন মুকুল, ডাক্তার ধনঞ্জন সাহা। বিশেষ সহযোগিতায় ছিলেন ডাঃ এনামুল হক, ট্রাস্টি বোর্ড মেম্বার, বাংলাদেশ সোসাইটি, মোহাম্মদ আলম সমি, (বিশিষ্ট ব্যবসায়ী), আলমগীর হোসাইন, একতাস একাউন্টিং এর প্রেসিডেন্ট, জুলফিকার আক্তার জুয়েল, ক্যালিনা অটো রিপেয়ারার, মোঃ সাইফুল ইসলাম, এমডি, সেবা হোল্ডিং লিমিটেড, মোঃ কামরুজ্জামান কামরুল, খাবার বাড়ি, জ্যাকসন হাইটস, দুলাল বেপারী, সভাপতি, ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ ইনক, আবুল বাশের, কর্ণফুলী ট্যাক্স সার্ভিস, মাহবুবুল হাসান, সিইও, এনওয়াই সফট ইউএসএ, ফায়াদ সোলায়মান, কমিউনিটি এক্টিভিস্ট, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, (বিশিষ্ট ব্যবসায়ী), নবান্ন রেস্টুরেন্ট, মোহাম্মদ আকতারুজ্জামান শিমুল, মোহাম্মদ মনিরুল ইসলাম, ডিজিটাল গ্রাফিক, জ্যাকসন হাইট, শাকিল মিয়া গ্রাফিক্স ওয়ার্ল্ড, জ্যাকসন হাইটস, মমিনুল ইসলাম মজুমদার, বিগ কিচেন, জ্যাকসন হাইটস, ওয়াসী চৌধুরী, ইএ, ওয়াসী চৌধুরী এন্ড এসোসিয়েটস, এম রহমান গ্রিন গ্রুপের কান্ট্রি, নুরুল ইসলাম মিলন, সহ-সাধারণ সম্পাদক, আনিস শাহরিয়ার, প্রেসিডেন্ট এন্ড সিইও, লিবার্টি ব্রোকারেজ। বনভোজনে সকলে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তারা হলেন- সভাপতি মু. ফখরুল ইসলাম মাহমুদ, সাধারণ সম্পাদক নূরে আলম মনির, কোষাধ্যক্ষ মোঃ আবু সালেক, আহ্বায়ক মোঃ রেজাউর রহমান রাজু, সদস্য সচিব: মোঃ মাহফুজুর রহমান, যুগ্ম আহবায়ক মোহাম্মদ নুরুল আমিন, যুগ্ম আহবায়ক মিঞা ওবায়দুর রহমান, যুগ্ম সদস্য সচিব মোঃ আবু তাহের, যুগ্ম সদস্য সচিব, ফয়েজ আহমেদ, প্রধান পৃষ্ঠপোষক: হারুন ভূঁইয়া, সার্বিক তত্ত্বাবধানে: মোঃ কবির, তত্ত্বাবধানে মোবারক হোসাইন, মোঃ মিজানুর রহমান, মোঃ নুরুল ইসলাম মিলন, মোঃ জাকির হোসাইন, সমন্বয়কারী মোঃ এ সিদ্দিক পাটোয়ারী, আব্দুর রহিম ভূঁইয়া, বনভোজন উদযাপন কমিটির সদস্য: মোঃ জসীম উদ্দিন, মোঃ আবুবকর ফয়সাল পাটোয়ারী, রাজন হাসান, প্রচার সম্পাদক আবু বকর।


WIN ZONE Realty Inc.
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



Somnath Ghosh ( SAM)
